উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

MLD

সেনসেক্স : ৭৬,৮৮৬.৯১ (-৪১৬.৭২)

নিফটি : ২৩,৯৯৫.৭০ (-৯৭.০০)



আসছে থ্রি ইডিয়টসের সিক্যুয়েল জানালেন আমির ৮



সিংহম বনাম পুষ্পার লড়াই ৫

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| | মালদা | রায়গঞ্জ | বালুরঘাট | শিলিগুড়ি |
|---|---|---|---|---|
| সর্বোচ্চ | ৩২° | ৩০° | ৩০° | ২৯° |
| সর্বনিম্ন | ২২° | ২২° | ২২° | ২১° |



মণিপুরে বাড়ছে ‘শূন্যতা’ ৭

১৫ বৈশাখ ১৪৩৩ বুধবার ৫.০০ টাকা 29 April 2026 Wednesday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 46 Issue No. 339

দ্বিতীয় দফার পাঁচালি

৭ জেলায় ১৪২ বিধানসভা কেন্দ্র




চর্চার কেন্দ্র ভবানীপুর



# গণদেবতার পুজো

**ভোটার সংখ্যা**

দ্বিতীয় দফায় রাজ্যে ৩,২২,১৫,২৬০

- পুরুষ ১৬৪৭৪৩০৬
- মহিলা ১৫৭৪০১৬২
- তৃতীয় লিঙ্গ ৭৯২

## নজরকাড়া অন্য প্রার্থীরা

শোভনদেব চট্টোপাধ্যায়, আফরিন বেগম, তাপস রায়, বিকাশরঞ্জন ভট্টাচার্য, অরূপ বিশ্বাস, নৌশাদ সিদ্দিকী, শওকত মোল্লা, রত্না দেবনাথ, জ্যোতিপ্রিয় মল্লিক, অর্জুন সিং, রূপা গঙ্গোপাধ্যায়, চন্দ্রিমা ভট্টাচার্য, মীনাক্ষী মুখোপাধ্যায়, দীপ্সিতা ধর, মদন মিত্র, ফিরহাদ হাকিম, শশী পাঁজা, সুজিত বসু

গ্যাংটকে গোওওলললললললল...





বঙ্গের ভোটপ্রচার শেষে সিকিম সফরে গিয়ে ফুটবলে মজলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দিলেন গোলও। মঙ্গলবার গ্যাংটকে।



বুথের পথে মহিলা ভোটকর্মীরা। কলকাতায় মঙ্গলবার।

## হুমকি বার্তায় ভোটের পরও হিংসার আভাস

**দীপ সাহা**

কলঙ্কের দাগটা শেষমেশ লেগেই গেল।

রক্তপাতহীন, হিংসাহীন, মৃত্যুহীন যে ভোটের স্বপ্ন দেখিয়েছিল প্রথম দফা, তা অঙ্কুরেই বিনষ্ট হল দ্বিতীয় দফা শুরুর আগে। আর সেইসঙ্গে বাংলার আকাশে নতুন করে মেঘ জমল ভোট পরবর্তী হিংসারও।

যে নির্বাচন কমিশন দু’দিন আগেই বঙ্গে শান্তিপূর্ণ ভোটের কৃতিত্ব নিয়ে নিজেদের পিঠ চাপড়ে দিয়েছিল, সেই পিঠেই এখন রক্তের ছিটেফোঁটা। প্রধানমন্ত্রীর শেষ নির্বাচনি সভার ঠিক আগে রবিবার জগদ্দলে বোমাবাজিতে উত্তপ্ত হয়ে ওঠে এলাকা। চলে গুলিও। জখম হন সিআইএসএফ জওয়ান। মঙ্গলবার আরামবাগে তৃণমূল-বিজেপি সংঘর্ষে আক্রান্ত হন খোদ সাংসদ মিতালি বাগ। ভাঙচুর হয় তাঁর গাড়ি। বুধবার বসিরহাটের হিঙ্গলগঞ্জে আবার দুই বিজেপি কর্মীর বাড়িতে সাদা থান, জবা ফুল পাঠিয়ে দেওয়া হয়েছে হুমকি বার্তা। কালো কালিতে লেখা, ‘এবার বলো হরি, হরি বোল করে দেব’। ফলতায় ঝামেলা পাকানোর চেষ্টার অভিযোগ উঠছে তৃণমূল প্রার্থী জাহাঙ্গির খানের বিরুদ্ধে। সেখানে পুলিশ পর্যবেক্ষক হিসেবে কমিশন নিয়ে এসেছে উত্তরপ্রদেশের ‘সিংহম’ অফিসার অজয় পাল শর্মাকে। আর তার পর থেকে আরও চাপা উত্তেজনা তৈরি হয়েছে এলাকায়।

আপাতদৃষ্টিতে ঘটনাগুলিকে বিক্ষিপ্ত মনে হলেও হিংসার সলতেতে আগুন জ্বলতে শুরু করেছে একটু একটু করে। আর সেই আগুন ছারখার করে দিতে পারে গোটা বাংলাকে। কিন্তু কেন?

এবারের ভোট আসলে মরণবাঁচনের লড়াই। একদিকে ১৫ বছর ক্ষমতায় থাকা তৃণমূলের প্রত্যাবর্তনের চেষ্টা। অন্যদিকে বঙ্গদখলের মরিয়া স্বপ্নে বুঁদ বিজেপির মরণকামড়। হয় এসপার, নয় ওসপার। একুশে পরিবর্তনের ডাক উঠলেও সেটা ছাব্বিশের কাছে অনেকটাই ফিকে। ফলে যে দলই এবার ক্ষমতায় বসুক না কেন, দোর্দণ্ডপ্রতাপ হয়ে উঠবেন নেতা-মন্ত্রীরা, তা নিয়ে কোনও দ্বিমত নেই।

টানা পনেরো বছর ক্ষমতায় থাকতে গিয়ে তৃণমূলের কিছু নেতা যেমন দুর্নীতিপরায়ণ হয়েছেন, তেমনই বেড়েছে পেশিশক্তির আস্ফালন। উত্তর থেকে দক্ষিণ, সর্বত্রই এক ছবি।

দিনহাটার উদয়ন গুহর কথাই ধরা যাক। কমল গুহর পুত্র ফরওয়ার্ড ব্লক ছেড়ে তৃণমূলে আসতেই হয়ে উঠেছেন দিনহাটার বেতাজ বাদশা।

এরপর দশের পাতায়

DESUN HOSPITAL SILIGURI
যে কোনও বিপদে ভরসা থাক ডিসানে
• হার্ট অ্যাটাক • স্ট্রোক • বার্ন • অ্যাক্সিডেন্ট
24x7 Emergency
90 5171 5171

## বেনজির নিরাপত্তায় আজ নির্বাচন

**অরূপ দত্ত**

**কলকাতা, ২৮ এপ্রিল :** ভোটযুদ্ধই বটে! ২ লক্ষের বেশি আধাসেনা, প্রায় ৫০ হাজার রাজ্য পুলিশের ঘেরাটোপে নির্বাচন। কালবৈশাখীর আবহে এ যেন নিরাপত্তার ঝড়। প্রাকৃতিক ঝড়-বৃষ্টির পূর্বাভাসও যথেষ্ট। আবহাওয়া দপ্তর সতর্ক করেছে যে, ভোটের দিন খারাপ আবহাওয়া হতে পারে। তবে তা ভোট চলাকালীন না সন্ধ্যায়, তা নিয়ে ধোঁয়াশা আছে। অন্যদিকে, নিরাপত্তার ঝড়ে মঙ্গলবার রাত পর্যন্ত প্রায় ৩০০০ লোককে গ্রেপ্তার করা হয়েছে।

বাংলার ৭ জেলায় আধাসেনার বুটের শব্দ ভোটগ্রহণকে ভিন্ন মাত্রায় পৌঁছে দিয়েছে। তার ওপর আছে সাঁজোয়া গাড়ির টহলদারি। বুধবার সকাল থেকে রাজ্যে দ্বিতীয় দফার ভোটগ্রহণ। এই দফাতেই নিশ্চিত হবে বাংলার শাসনদণ্ড শেষপর্যন্ত কোন দলের হাতে যাবে। তবে আপাতত যে শাসনদণ্ড নির্বাচন কমিশনের হাতে, তাতে সন্দেহ নেই। গত ২৩ এপ্রিল প্রথম দফার ভোট মোটামুটি শান্তিপূর্ণ থাকলেও এই দফার আগে হিংসায় তেতে উঠেছে রাজ্য। ফলে নির্বিঘ্নে ভোটপর্ব শেষ করা কমিশনের সামনে বড় চ্যালেঞ্জ।

**২ লক্ষের বেশি আধাসেনা, ৫০ হাজার পুলিশ**

সতর্কতামূলক গ্রেপ্তারিতেই যেন সবথেকে বেশি গুরুত্ব দিয়েছে কমিশন। সেই কাজ করতে গিয়ে হাইকোর্টের নির্দেশও কিছু ক্ষেত্রে অমান্য হচ্ছে বলে তৃণমূল অভিযোগ করছে। এর আগে ৮০০ জন তৃণমূল কর্মীকে কমিশনের গ্রেপ্তারের নির্দেশে স্থগিতাদেশ দিয়েছিল হাইকোর্ট। মঙ্গলবার আদালতে তৃণমূলের আইনজীবী সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছেন,

এরপর দশের পাতায়

## গণতন্ত্রের উৎসবে আঁধার হাসপাতালে

**সুবীর মহন্ত**

**বালুরঘাট, ২৮ এপ্রিল :** ভোটের আঁচ পড়েছে স্বাস্থ্য পরিষেবাতেও। একেই চিকিৎসক সংকট, তার উপরে ভোট প্রক্রিয়ায় ব্যস্ত অনেকে। স্বাভাবিকভাবেই পরিষেবায় কিছুটা প্রভাব পড়েছে বালুরঘাট হাসপাতালে।

২৯ এপ্রিল দ্বিতীয় দফার ভোট দিতে বালুরঘাট হাসপাতালের প্রায় ১০-১২ জন চিকিৎসক ছুটি নিয়ে বাড়ি গিয়েছেন। এছাড়াও গত এক মাসে মেডিকেল টিম নিয়ে জেলার বিভিন্ন প্রান্তে যেতে হয়েছে চিকিৎসকদের। তাছাড়া হাসপাতালে তো এমনিতেই প্রয়োজনের চেয়ে চিকিৎসকের সংখ্যা কম। আর সব মিলিয়ে প্রভাব পড়ছে পরিষেবায়।

মঙ্গলবার দুপুরে বালুরঘাট হাসপাতাল চত্বরে চিকিৎসকদের কর্মকাণ্ড নিয়ে গল্প করছিলেন রোগীর আত্মীয়পরিজন। ত্রিমোহিনী থেকে আসা আদিবাসী বধূ অণিমা সোরেনের কথায়, ‘সোমবার রাত বারোটার দিকে আমার মেয়ের পেটের ব্যথা নিয়ে বালুরঘাট হাসপাতালে ভর্তি করেছি। কিন্তু চিকিৎসক আসেননি। এদিন দুপুর সাড়ে এগারোটায় চিকিৎসক এলেন। এরপর তিনি দেখে কিছু পরীক্ষানিরীক্ষা এবং পরামর্শ দেন।’ অণিমার প্রশ্ন, ‘গতকাল রাতে মেয়েকে ভর্তির পর থেকে কেন একবারও চিকিৎসক এলেন না। এমনকি সকালেও কেন এলেন না। আমরা তাহলে কাদের ভরসায় মেয়েকে হাসপাতালে ভর্তি করেছি?’



- জেলা হাসপাতালের চিকিৎসকের মোট পদ ১০২টি, বর্তমানে স্থায়ী হাউসকিপিং স্টাফ ও অন্য মিলিয়ে ৭০-৮০ জন রয়েছেন
- জেলা হাসপাতালের মেডিসিন বিভাগে ২৬টি পদে ১০ জনও চিকিৎসক নেই
- চিকিৎসকের অভাবে জেলা হাসপাতালের স্বাভাবিক পরিষেবা ঠিকঠাক চলছে না

একই অভিযোগ বালুরঘাট শহরের উত্তর চকভবানীর জয়শ্রী দাসেরও। তাঁকে বলতে শোনা গেল, ‘আজ ভোরে আমার শ্বশুরের প্রবল শ্বাসকষ্ট ও অন্য উপসর্গ দেখা দেওয়ায় তাঁকে বালুরঘাট হাসপাতালের পুরুষ মেডিকেল বিভাগে ভর্তি করানো হয়েছিল। সকাল থেকে আমরা চিকিৎসকদের আসার জন্য অপেক্ষা করছিলাম। কিন্তু কোনও চিকিৎসক আসেননি। শেষপর্যন্ত দুপুরে চিকিৎসক ভিজিটে এসে আমাদের নানা পরীক্ষানিরীক্ষা লিখে দিলেন। এর মধ্যে রোগীর কিছু হয়ে গেলে দায় কে নিত?’

জেলা হাসপাতালের চিকিৎসকের মোট পদ ১০২টি। কিন্তু স্থায়ী হাউসকিপিং স্টাফ ও অন্য মিলিয়ে ৭০-৮০ জন চিকিৎসক বর্তমানে রয়েছেন। এরমধ্যে ১০-১২ জন ভোট দিতে চলে গিয়েছেন। এমনিতেই জেলায় জেনারেল ডিউটি মেডিসিন অফিসারের স্থায়ী পদে কার্যত চিকিৎসক নেই বললেই চলে। জেলা হাসপাতালে মেডিসিন বিভাগে ২৬টি পদে ১০ জনও চিকিৎসকও নেই।

এরপর দশের পাতায়


## হস্টেলের বাইরে পড়ে ছাত্রের দেহ

**রাজু হালদার**

**গঙ্গারামপুর, ২৮ এপ্রিল :** গঙ্গারামপুর থানার অন্তর্গত বাগানবাড়ি এলাকায় রহস্যজনকভাবে মৃত্যু হল এক ছাত্রের। সেখানকার একটি আবাসিক স্কুলের দশম শ্রেণির পড়ুয়া ছিল সে। পুলিশ জানিয়েছে, মৃত ছাত্রের নাম জামিস আলবক্স হোসেন (১৫)। সোমবার গভীর রাতে সেই আবাসিক স্কুলের বাইরে পড়ে ছিল তার দেহ। যেখানে তার দেহ মিলেছে, তার লাগোয়া সেই হস্টেলের একতলার শৌচালয় রয়েছে। সেই পড়ুয়া শৌচালয়ের ঘুলঘুলি দিয়ে বেরোতে গিয়ে পড়ে গিয়েছে, নাকি বাইরে থেকে ঘুলঘুলি দিয়ে শৌচালয়ে ঢোকার চেষ্টা করছিল, তা স্পষ্ট নয়। ঘটনার তদন্ত শুরু করেছে গঙ্গারামপুর থানার পুলিশ। মৃতদেহ ময়নাতদন্তের জন্য বালুরঘাট জেলা হাসপাতালে পাঠানো হয়েছে।

জামিস তপন ব্লকের তারাইট এলাকার বাসিন্দা। ২০২৫ সালে বাগানবাড়ি এলাকার আবাসিক এই স্কুলে নবম শ্রেণিতে ভর্তি হয়েছিল। প্রশ্ন উঠছে, একতলার শৌচালয়ের ঘুলঘুলি থেকে পড়ে গিয়ে কী করে একজনের মৃত্যু হতে পারে? যেখানে সেই পড়ুয়ার দেহ মিলেছে, সেখানে একদম নীচ দিয়ে গিয়েছে হাইটেনশন লাইন। মনে করা হচ্ছে, সেই লাইনে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে জামিসের মৃত্যু হয়েছে। ময়নাতদন্তের পর মৃত্যুর কারণ স্পষ্ট হবে, বলছে পুলিশ।

তার মৃত্যুর ঘটনায় স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে চরম ক্ষোভ প্রকাশ করেছে ও শাস্তির দাবিতে সরব হয়েছে মৃত ছাত্রের পরিবার। নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলে জামিসের মামা মতিউর সরকারের প্রশ্ন, ‘রাতের অন্ধকারে একজন ছাত্র হস্টেল থেকে বের হয়ে যাচ্ছে, অথচ



কোনও নজরদারি নেই? সিসিটিভি নেই? ঘটনার তদন্ত হোক আর এই স্কুল বন্ধ করে দেওয়া হোক।’

সেই স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক রতন রায় এব্যাপারে কিছুই স্পষ্ট করে বলতে পারছেন না। জানালেন, ছাত্রদের রাত্রি নয়টা থেকে এগারোটা পর্যন্ত অঙ্ক করিয়ে তারপরে শুয়ে পড়েছিলেন। সাড়ে এগারোটায় তাঁকে অন্য ছাত্ররা এসে জানায় যে, দশম শ্রেণির এক ছাত্রকে খুঁজে পাওয়া যাচ্ছে না।

এরপর দশের পাতায়

## নীল কালির বিষাক্ত চুম্বনে বড়ই বিড়ম্বনা

গণতন্ত্রের যজ্ঞের শেষে যজ্ঞশালার হোতাদের হাতের আঙুলগুলি যে নীল বর্ণ ধারণ করবে, তা নির্বাচনি বিধানে লেখা ছিল না। কিন্তু দোয়াতে থাকা সিলভার নাইট্রেট এমন এক নীল কামড় বসিয়েছে যে, সপ্তপদীর কৃষ্ণেন্দুও বুঝি তাঁর ওথেলো-মার্কা মেকআপ দেখে লজ্জা পেতেন।

**শুভঙ্কর চক্রবর্তী**

ফেসবুকে ‘নীল বিপ্লব’ শুরু হয়েছে। মার্ক জুকেরবার্গের তৈরি ক্যানভাসে কান পাতলে শোনা যাচ্ছে আর্তনাদ আর চোখ মেললে দেখা যাচ্ছে বিচিত্র সব ফোলা আঙুলের প্রদর্শনী। মনে হচ্ছে, কোনও দুষ্টু জাদুকর এসে ভোটকর্মীদের আঙুলগুলোকে রাতারাতি আলফ্রেড হিচককের ভূতুড়ে সিনেমার প্রপ বানিয়ে দিয়েছে। কারও আঙুলের ডগা ফুলে গোল হয়েছে, কারও গোটা আঙুলটাই। ‘আঙুল ফুলে কলাগাছ’ হওয়ার আক্ষরিক রূপান্তর বোধহয় একেই বলে। তবে সেই কলাগাছটি এখানে সবুজ নয়, নীল। যেন কোনও বিচিত্র এলিয়েন এসে গোপনে হ্যান্ডশেক করে গিয়েছে অভাগা পোলিং অফিসারদের সঙ্গে।

ভোটকর্মীদের ব্রহ্মাস্ত্র হল একটি ছোট্ট শিশি, যার ভেতরে বন্দি থাকে গণতন্ত্রের পবিত্র নির্যাস, অমোচনীয় নীল কালি। ভোটারের আঙুলে এই কালির একটি ছোট্ট আঁচড়ই প্রমাণ করে দেয় যে, তিনি তাঁর নাগরিক দায়িত্ব সাফল্যের সঙ্গে পালন করেছেন। কিন্তু কে জানত, এই নিরীহ নীল কালিই একদিন বুমেরাং হয়ে খোদ ভোটকর্মীদের দিকেই ধেয়ে আসবে! ভোটারদের আঙুলে গণতন্ত্রের টিকা লাগাতে গিয়ে ভোটকর্মীদের আঙুলে, হাতের বিভিন্ন অংশে সেই কালি লেপ্টে গিয়েছে। তারপরই দেখা দিয়েছে বিপত্তি। সম্প্রতি এই কালি-বিভ্রাট নিয়ে ভোটকর্মীদের মধ্যে যে তুমুল আলোড়ন শুরু হয়েছে, তা একদিকে যেমন মর্মান্তিক, অন্যদিকে তেমনই নিখাদ হাস্যরসের এক অফুরন্ত ভাণ্ডার।

গণতন্ত্রের যজ্ঞের শেষে যজ্ঞশালার হোতাদের হাতের আঙুলগুলি যে নীল বর্ণ ধারণ করবে, তা নির্বাচনি বিধানে লেখা ছিল না। কিন্তু দোয়াতে থাকা সিলভার নাইট্রেট এমন এক নীল কামড় বসিয়েছে যে, সপ্তপদীর কৃষ্ণেন্দুও বুঝি তাঁর ওথেলো-মার্কা মেকআপ দেখে লজ্জা পেতেন। যে কালি দিয়ে বাঙালির আঙুলে তিলক আঁকার কথা, সেই কালিই আজ ভোটকর্মীদের হাতে ‘নীল দর্পণ’ নাটকের নতুন পাণ্ডুলিপি রচনা করে ফেলেছে।

ভোটকেন্দ্রে যিনি ভোটারের আঙুলে কালি লাগানোর দায়িত্বে থাকেন, তাঁর কাজটি দেখতে খুব সহজ মনে হলেও আদতে তা নয়। সকাল থেকে সন্ধে অবধি শয়ে-শয়ে মানুষের বাঁ হাতের তর্জনী খুঁজে বের করে তাতে তুলির নিখুঁত টান দেওয়া একপ্রকার শিল্প। কিন্তু এই প্রবল ব্যস্ততা আর হুড়োহুড়ির মধ্যে একটু-আধটু কালি যে ভোটকর্মীর নিজের হাতে লাগবে না, এমন গ্যারান্টি কে দেবে? সাধারণত এই সামান্য কালির দাগকে ভোটকর্মীরা বীরত্বের তিলক হিসেবেই মেনে নেন। যেন রণাঙ্গন থেকে ফিরে আসা সৈনিকের গায়ের ধুলো। কিন্তু এবারের চিত্রপট ছিল একেবারেই ভিন্ন। এইবারের কালি যেন তার স্বভাবসিদ্ধ গাম্ভীর্য হারিয়ে এক অদ্ভুত আক্রোশে ফেটে পড়ল ভোটকর্মীদের আঙুলের ওপর।



ইভিএম সিল করে, রাতে যখন কর্মীরা বাড়ি ফিরলেন, তখনও তাঁরা ঘুণাক্ষরেও টের পাননি কী সাংঘাতিক বিপর্যয় তাঁদের জন্য অপেক্ষা করছে। রাত বাড়ার সঙ্গে সঙ্গে শুরু হল আসল খেলা। যাঁদের হাতে বা আঙুলে ওই নীল কালি লেগেছিল, প্রথমে সেখানে শুরু হল হালকা চুলকানি। এরপর তা রূপ নিল তীব্র জ্বালাপোড়ায়। সকাল হতে না হতেই দেখা গেল, অনেকের আঙুল ফুলে একেবারে ঢোল! ত্বক লাল হয়ে উঠেছে, কারও কারও তো রীতিমতো ফোসকা পড়ে ঘা হয়ে যাওয়ার উপক্রম। সিলভার নাইট্রেট মিশ্রিত কালি যে ত্বকের সংস্পর্শে এসে এমন ভয়ংকর রাসায়নিক বিক্রিয়া ঘটাতে পারে, তা হয়তো নির্বাচন কমিশনের কর্তারাও স্বপ্নে ভাবেননি। অমোচনীয় কালি যে কেবল মুছতে চায় না তা নয়, এবার সে যেন চামড়া সুদ্ধ তুলে নেওয়ার পণ করেছে।

আতঙ্কিত ভোটকর্মীদের কেউ কেউ ইতিমধ্যেই চিকিৎসকদের চেম্বারে হাজির হয়েছেন। গণতন্ত্রের সেবকদের এমন করুণদশা দেখে চিকিৎসকরাও প্রাথমিকভাবে কিছুটা হতভম্ব হয়ে গিয়েছেন। রাসায়নিক দহনের এই অভিনব রূপ আগে খুব একটা দেখা যায়নি। অগত্যা অ্যান্টিঅ্যালার্জিক ওষুধ, স্টেরয়েড ক্রিম আর ব্যথানাশকের শরণাপন্ন হতে হয়েছে তাঁদের।

এরপর দশের পাতায়



বৃষ্টি মাথায় পলিথিনে ঢেকে প্রতিমা নিয়ে বাড়ির পথে। মঙ্গলবার গাজোলে। ছবি : পঙ্কজ ঘোষ

# ধুঁকছে ঐতিহ্যবাহী কেশব আশ্রম

তন্দ্রা চক্রবর্তী দাস

**কোচবিহার, ২৮ এপ্রিল :** রক্ষণাবেক্ষণের অভাবে বেহাল হয়ে পড়েছে শতবর্ষপ্রাচীন কোচবিহারের ঐতিহ্যবাহী ‘কেশব আশ্রম’। ঐতিহাসিক এই আশ্রমের সুরক্ষাবলয় ভেঙে ফেন্সিংয়ের তারের জালি কেটে ফেলার মতো ঘটনা ঘটেছে। নষ্ট হয়ে পড়ে রয়েছে পার্কের শিশুদের খেলার সরঞ্জাম। দেবত্র ট্রাস্ট বোর্ডের অধীনে থাকা এই পার্কটির রক্ষণাবেক্ষণের দায়িত্ব ‘পার্কস অ্যান্ড গার্ডেন্স’ বিভাগের ওপর। কিন্তু তারা যে তাদের দায়িত্ব সম্পর্কে একেবারেই সচেতন নয় তা কেশব আশ্রমে গেলেই বোঝা যায়।

কোচবিহারের পাটাকুড়া এলাকায় তোর্ষা নদীর তীরে অবস্থিত এই কেশব আশ্রমটি স্থানীয়দের কাছে ‘রানি বাগান’ নামেই বেশি পরিচিত। ১৮৮৯ সালের ১৪ মে উদ্বোধন হওয়া এই আশ্রমের গেটে তালা ঝোলানো থাকলেও,



নজরদারির অভাবে নিরাপত্তা ব্যবস্থা একেবারেই নড়বড়ে। গেট পেরিয়ে বাঁধের দিকে এগোলেই দেখা যায় সীমানার তারের জালির বড় অংশজুড়ে কাটা রয়েছে, যা দিয়ে অনায়াসেই যে কেউ ভেতরে ঢুকতে পারে।

আশ্রমের ভেতরে রয়েছে একটি চৌচালা, যেখানে কোচবিহারের মহারাজাদের স্মৃতিবেদি ও চিতাভস্ম সংরক্ষিত আছে। শহরের প্রবীণ বাসিন্দারা জানান, অনেক আগে এই চিতাভস্মের একটি রুপোর কলস চুরি যাওয়ার মতো ঘটনাও ঘটেছিল। এছাড়া আশ্রম চত্বরে ব্রাহ্মদের একটি ছোট উপাসনা কক্ষ রয়েছে। অভিযোগ, মাসছয়েক আগে দুষ্কৃতীরা সেই উপাসনা কক্ষের দরজা ভেঙে লাইট চুরি করে নিয়ে গিয়েছে।

কোচবিহার হেরিটেজ কমিটির সদস্য অরূপজ্যোতি মজুমদার বলেন, ‘উপাসনা কক্ষটিকে যথাযথভাবে মেরামত করে পূর্ব অবস্থায় ফিরিয়ে আনা সম্ভব। এছাড়া পর্যটকদের জন্য আশ্রমের উদ্যানটি উন্মুক্ত করে দেওয়া যেতে পারে। এতে যেমন পর্যটকদের আনাগোনা বাড়বে, তেমনি রাজআমলের ঐতিহ্যের ছোঁয়াও তাঁরা অনুভব করতে পারবেন।’

দেবত্র ট্রাস্ট বোর্ড সূত্রে জানা গিয়েছে, কেশব আশ্রমে শুধুমাত্র মহারাজাদের জন্ম ও মৃত্যুবার্ষিকীর সময় অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে স্থায়ী কোনও কর্মী বা রাতের পাহারাদার নেই। উদ্যানটির দায়িত্বে থাকা পার্কস অ্যান্ড গার্ডেন্স-এর রেঞ্জ অফিসার অভিজিৎ নাগ বলেন, ‘বিষয়টি আমাদের নজরে এসেছে। আশ্রম সংস্কারের প্রস্তাব পাঠানো হয়েছে। অর্থবরাদ্দ পেলেই দ্রুত সংস্কার কাজ শুরু করা হবে।’

## পর্যটকদের ডুয়ার্সে আসার আমন্ত্রণ

# ঘুরে দাঁড়াতে ‘বর্ষার বনবাস’

শুভদীপ শর্মা

**লাটাগুড়ি, ২৮ এপ্রিল :** হাড়কাঁপানো ঠান্ডার মধ্যেও শীতের পাহাড়ে কেন পর্যটকরা ছুটে আসেন? সহজ উত্তর, ‘ঘুমন্ত বুদ্ধ’ কাঞ্চনজঙ্ঘার টানে। বর্ষায় পাহাড় না ডুয়ার্স, এমন প্রশ্ন কোনও পর্যটককে করলে নিশ্চিতভাবে এগিয়ে থাকবে জঙ্গল। কিন্তু পাশাপাশি শোনা যাবে আক্ষেপের কথা। কেননা, বর্ষার সময় বন্যপ্রাণের প্রজনন ঋতুর জন্য জঙ্গলপথ বন্ধ হয়ে যায় তিন মাসের জন্য। কিন্তু বর্ষায় সময়কালকেই সম্ভাবনা হিসেবে দেখছেন ডুয়ার্সের পর্যটন ব্যবসায়ীরা। তাই এখানকার ব্যবসায়ীরা এবার ‘বর্ষার বনবাস’ প্যাকেজ তৈরি করে পর্যটকদের ডুয়ার্সে আসার আমন্ত্রণ জানাচ্ছেন।

উত্তরের বাকি জঙ্গলের সঙ্গে আগামী ১৬ জুন থেকে তিন মাস সাধারণের জন্য প্রবেশ নিষিদ্ধ হচ্ছে গরুমারা জাতীয় উদ্যান ও জলদাপাড়া জাতীয় উদ্যানে। প্রতি বছরই এই সময় পর্যটকরা জঙ্গলে প্রবেশ করতে পারেন না। ফলে ডুয়ার্সের পর্যটনে পুজোর মুখে ভাটা দেখা দেয়। কিন্তু এবছর এই সময়কে চ্যালেঞ্জ হিসেবে নিচ্ছেন এখানকার পর্যটন ব্যবসায়ীরা। ‘বর্ষায় বনবাস’, নতুন ট্যাগলাইনকে সামনে রেখে তৈরি করা হয়েছে বিশেষ পর্যটন প্যাকেজ। জঙ্গলে প্রবেশ বন্ধ থাকলেও জঙ্গল সংলগ্ন বিভিন্ন সড়কপথে ভ্রমণের সুযোগ রাখা হয়েছে এই প্যাকেজে। গরুমারা ও লাটাগুড়ি এলাকার জঙ্গলপথ, লাটাগুড়ি থেকে ছাওয়াফুলি যাওয়ার রাস্তা, এমনকি চাপড়ামারি যাওয়ার পথও অন্তর্ভুক্ত করা হয়েছে পর্যটকদের ভ্রমণসূচিতে। পর্যটকদের সাধ্যের কথা ভেবে প্যাকেজ তৈরি, দাবি করছেন পর্যটন ব্যবসায়ীরা।

পর্যটকদের কাছে বর্ষার ডুয়ার্স অন্যমাত্রায় ধরা দেয়। কখনও রিমঝিম কখনও আবার ঝমাঝম



আকাশজুড়ে মেঘ জানান দিচ্ছে বর্ষা আসছে। -সংবাদচিত্র



- বর্ষার তিন মাস বন্যপ্রাণের প্রজনন ঋতুর জন্য বন্ধ জঙ্গলপথ, ভাটা ডুয়ার্সের পর্যটনে
- বর্ষার এই সময়কালকে চ্যালেঞ্জ হিসেবে নিয়ে নতুন প্যাকেজের প্রচার পর্যটন ব্যবসায়ীদের
- জঙ্গল লাগোয়া রাস্তা থেকে খরস্রোতা নদী, চা বাগানকে অন্তর্ভুক্তি বর্ষার বনবাস প্যাকেজে

বৃষ্টি, সঙ্গে রোদ ও মেঘের লুকোচুরি। আবহাওয়ার এমন খেয়ালিপনায় জঙ্গল ঘেরা নির্জন রিসর্টের বারান্দায় বসে এক কাপ চা, যে কোনও পর্যটককেই প্রকৃতিপ্রেমী করে তোলে। পাশাপাশি, বর্ষায় সবুজে মোড়া জঙ্গল এবং পাহাড়ি খরস্রোতা মূর্তি, ডায়না ও নেওড়া নদীর উচ্ছ্বাস পর্যটকদের কাছে বাড়তি আকর্ষণ হয়ে উঠতে পারে বলে মনে করছে পর্যটন মহল। ডুয়ার্স ট্যুরিজম ডেভেলপমেন্ট ফোরামের সাধারণ সম্পাদক দিব্যেন্দু দেব বলছেন, ‘বর্ষার সময় জঙ্গলে প্রবেশ বন্ধ থাকলেও, জঙ্গল সংলগ্ন রাস্তাগুলিতে প্রায়শই বন্যপ্রাণীর দেখা মেলে। সেই অভিজ্ঞতাকে মাথায় রেখেই প্যাকেজ তৈরি করা হয়েছে।’

শুধু জঙ্গল লাগোয়া রাস্তা বা এলাকা নয়, পর্যটকদের জন্য বাড়তি আকর্ষণ হিসেবে রাখা হয়েছে চা বাগান ও চা কারখানা পরিদর্শনের সুযোগ। ফলে পাতা তোলা থেকে চা তৈরির সম্পূর্ণ প্রক্রিয়া কাছ থেকে দেখার সুযোগ মিলবে পর্যটকদের। লাটাগুড়ি রিসর্ট ওনার্স অ্যাসোসিয়েশনের যুগ্ম সম্পাদক অনুপ গোপ জানান, ভাবনাকে সার্থক করতে ইতিমধ্যেই সামাজিক মাধ্যম ও বিভিন্ন পর্যটনমেলার মাধ্যমে প্যাকেজের প্রচার শুরু হয়েছে। বুকিং নিয়েও আগ্রহ দেখাচ্ছেন পর্যটকরা।

বর্ষার এই ভাবনা আগামীদিনে ডুয়ার্সের পর্যটনে নতুন দিশা দেখাবে, এই আশাতেই বর্ষা-বৃষ্টির প্রতীক্ষায় এখন পর্যটন মহল।


### অ্যাফিডেভিট

আমি Uttam Chhetri vill- Moraghat P.O. Binnaguri, P.S. Banarhat. Dist- Jal. আমার ছেলের (যার নাম- Shivraj Chhetri) Birth Certificate No-2872 Date- 11.12.2009 এ আমার স্ত্রীর নাম ভুল থাকায় গত 31.3.26 তারিখে জলপাইগুড়ি- 1st Class Judicial Magistrate কোর্টে অ্যাফিডেভিট করে আমার স্ত্রীর নাম Gouri Chhetri এবং Bunu Chhetri একই ব্যক্তি রূপে পরিচিত হল। (B/S)

•

আমি Aphijar Rahaman স্ত্রী Anowara Begam আমার পুত্রের জন্মশংসাপত্রে Afijar Rahaman ও Dalia Begam থাকায় ইং 16/4/26 জলপাইগুড়ি 1st Class J.M. কোর্টে অ্যাফিডেভিট বলে Aphijar Rahaman ও Afijar Rahaman এবং Anowara Begam ও Dalia Begam একই ব্যক্তি বলে পরিচিত হলাম। ২ নং ব্রীজ, ধূপগুড়ি। (A/B)

•

ভোটার কার্ড নং WB/01/006/450475 আমার নাম Kaloni Barman-এর পরিবর্তে Kaloni Burman, S/o Taroni Barman-এর পরিবর্তে Tarani লিখিত হয়েছে। আধার কার্ড নং 983207038073 আমার প্রকৃত নাম Kaloni Barman-এর পরিবর্তে Kanoli Barman লিখিত হয়েছে। গত 28-04-26, নোটারি পাবলিক, সদর, কোচবিহার অ্যাফিডেভিট দ্বারা Kaloni Barman, Kaloni Burman এবং Kanoli Barman, আমার বাবা Taroni Barman এবং Tarani উভয়েই অভিন্ন ব্যক্তি। গ্রাম ও পোঃ কোয়ালিদহ, থানা ঃ দিনহাটা, জেলা ঃ কোচবিহার। (C/120680)

•

Malda English Bazar Municipality কর্তৃক প্রদত্ত জন্ম শংসাপত্রে আমার পুত্রের নাম Bindhya Kumar Sarkar নথিবদ্ধ হয়েছে। গত 27.04.26, J.M. 3rd Court (S), কোচবিহার অ্যাফিডেভিট বলে উল্লেখিত Abhikarsa Sarkar এবং Bindhya Kumar Sarkar এক এবং অভিন্ন ব্যক্তি হিসেবে প্রতিষ্ঠিত হলো। সর্বত্র আমার পুত্রের সঠিক নাম Abhikarsa Sarkar প্রতিষ্ঠিত করতে আমি এই হলফনামা পেশ করলাম। - Bijay Kumar Sarkar, গোপিনাথ রোড, বাজার মাঠ, নিউ টাউন, থানা : কোতোয়ালি, পো : ও জেলা : কোচবিহার। প:ব:। (C/120683)

### কর্মখালি

কোচবিহারে একটি প্রতিষ্ঠিত হোটেলের জন্য ম্যানেজার, রিসেপশনিস্ট এবং সার্ভিস বয় প্রয়োজন। সত্বর যোগাযোগ করুন। M : 9434028924 (11. A.M- 10 P.M) Email : pfvp.cob@gmail.com (C/120682)

•

Wanted 2 person for health care Centre & garden. Sal. 10,000/- (M):- 98324-92627. (C/121721)

•

Walk-In-Interview 1. Bengali Teacher-M.A., B.Ed. 2. Montessari Trained Teacher S.C.G. English Academy Affiliated to CBSE # Affliation No : 2430229 Date : 3/05/2026 Time : 11:00 AM Contact : 8250402203. (C/121721)

•

Abacus Class শিলিগুড়ি হাকিম পাড়াতে শিক্ষকতার জন্য Graduate মহিলা আবশ্যক। কাজের সময় :- Tuesday & Wednesday : 4 PM to 8 PM Saturday & Sunday : 11 AM to 7 PM Salary - 6000/- নামমাত্র প্রশিক্ষণ খরচ দিতে হবে। Send your biodata @ 9830085398 via WhatsApp No phone call please.

### রক্ষণাবেক্ষণ কাজের জন্য আউটসোর্স কর্মীর ব্যবস্থা

টেন্ডার নোটিশ নম্বর : ইএল_টিআরডি_০১_২৬-২৭; তারিখ: ২৪-০৪-২০২৬; (বিড নম্বর ঃ ইএল_টিআরডি_০১_২৬-২৭)। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে, **কাজের নাম ঃ** (i) ২৪ মাস মেয়াদে কালিয়াগঞ্জ ওএইচই ডিপোর এক্তিয়ারভুক্ত আরারিয়া-গলগলিয়া সেকশনে ওএইচই সরঞ্জামের রক্ষণাবেক্ষণ কাজ, প্রতিদিনের ফুট পেট্রোলিং এবং ব্রেকডাউনে সাড়া দেওয়ার জন্য আউটসোর্স কর্মী ব্যবস্থা, (ii) ২৪ মাস মেয়াদে কাটিহার ডিভিশনে কালিয়াগঞ্জ ওএইচই ডিপোর এক্তিয়ারভুক্ত আরারিয়া-গলগলিয়া সেকশনে ওএইচই নন-কোর অ্যাক্টিভিটি কাজ। **টেন্ডার মূল্য:** ২,১৭,৬৯,২৭৬.৬০/- টাকা; **বায়না মূল্য ঃ** ২,৫৮,৯০০/- টাকা; টেন্ডার **বন্ধের** তারিখ ও সময় ১৮-০৫-২০২৬ তারিখে ১৫:০০ টায় এবং **খোলার** সময় ১৫:৩০ টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ তথ্য ও টেন্ডার নথি ১৮-০৫-২০২৬ তারিখে ১৫:০০ টা পর্যন্ত www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

সিনিয়র ডিইই/টিআরডি, কাটিহার

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

### পূর্ব রেলওয়ে

**আইআরইপিএস-এর ই-অকশন মডিউলের মাধ্যমে পার্সেল লিজিং কন্ট্রাক্ট প্রদান**

সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, নিউ ডিআরএম বিল্ডিং, ৫ম তল, রেল মিউজিয়ামের সন্নিকটে, হাওড়া-৭১১১০১ আইআরইপিএস-এর ই-অকশন মডিউলের মাধ্যমে তিন বছরের জন্য হাওড়া ডিভিসন থেকে যাত্রা শুরু করা ০২টি যাত্রীবাহী ট্রেনের ০২টি এসএলআর এবং ০৪টি যাত্রীবাহী ট্রেনের ০৪টি আরটিভিপি লিজে দেওয়ার জন্য ই-অকশন আহ্বান করছেন। বিস্তারিত নিয়ম ও শর্তাবলী সমন্বিত অকশন ক্যাটালগ **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। বর্তমান ই-অকশনের জন্য **www.ireps.gov.in**-এ ই-অকশন মডিউলের মাধ্যমে বিড জমা করতে হবে। ই-অকশন প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে ই-অকশন মডিউলের মাধ্যমে মার্চেন্টদের এককালীন রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। মার্চেন্টদের ক্লাস-III ডিজিটাল সিগনেচারের প্রয়োজন আছে। অকশন ক্যাটালগের বিবরণঃ **অকশন ক্যাটালগ নং ঃ পিসিএল-এইচডব্লুএইচ-২৬-৫এ। কামরা ঃ** ০২টি যাত্রীবাহী ট্রেনের ০২টি এসএলআর এবং ০৪টি যাত্রীবাহী ট্রেনের ০৪টি আরটিভিপি। **অকশন শুরুর তারিখ ও সময়ঃ** ০২.০৫.২০২৬ দুপুর ১.৩০ মিনিট।

(HWH-37/2026-27)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন : @EasternRailway easternrailwayheadquarter


### সোনা ও রুপোর দর

| | |
|---|---|
| পাকা সোনার বাট (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ১৪৯৮০০ |
| পাকা খুচরো সোনা (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ১৫০৫৫০ |
| হলমার্ক সোনার গয়না (৯১৬/২২ ক্যারেট ১০ গ্রাম) | ১৪৩০৫০ |
| রুপোর বাট (প্রতি কেজি) | ২৪০৪০০ |
| খুচরো রুপো (প্রতি কেজি) | ২৪০৫০০ |

* দর টাকায়, জিএসটি এবং টিসিএস আলাদা

পঃবঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজার দর


### স্টোর্স ই-প্রকিওরমেন্ট

টেন্ডার বিজ্ঞপ্তি নং:ঃ এস/০১/২০২৬-২৭; তারিখঃ ২২-০৪-২০২৬। নিম্নলিখিত কাজগুলির জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে ঃ-

ক্র.নং. ১। টেন্ডার নং. ৩৭/২৬/০৮৯০/ওটি/০১/২০২৬-২৭,
বন্ধ/খোলার তারিখঃ ১১-০৫-২০২৬

**সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণঃ** হাইট অ্যাডজাস্টমেন্ট-এর জন্য প্যাকিং, ড্রইং নং. ডব্লিউডি- ৯১০৭৪-এস/১, আইটেম- ২, এএলটি-৪ মেট. এসপিইসি - সর্বশেষ সংশোধন ও সংযোজনসহ ড্রইং অনুযায়ী। [ওয়ারেন্টি সময়ঃ ডেলিভারির তারিখের পর ৩০ মাস]। [পরিদর্শন এজেন্সি ঃ টিপিআই, স্টেজ আইএনএসপিঃ না, স্টেজ ঃ ০] [ইউভিএএম লিঙ্কিং] ঃ আইটেমের প্রকারঃ পণ্য (সরবরাহ)। (i) পরিমাণ- ডিব্রুগড় টাউন ওয়ার্কশপ ডিপো, এনএফআর (আসাম)-এর জন্য ৫২৯ টি। (ii) পরিমাণ- নিউ জলপাইগুড়ি জিএসডি, এনএফআর (পশ্চিমবঙ্গ)-এর জন্য ১৯৩০ টি। (iii) পরিমাণ- নিউ বঙ্গাইগাঁও, ওয়ার্কশপ ডিপো, এনএফআর (আসাম)-এর জন্য ৯২০ টি। (iv) পরিমাণ- পান্ডু জিএসডি, এনএফআর (আসাম)-এর জন্য ১৬৫৬ টি। পি. এল. নং. - ৩৮১০৬৮০২।

ক্র.নং. ২। টেন্ডার নং. ১০/২৬/৩৭৮২/ওটি/০২/২০২৬-২৭,
বন্ধ/খোলার তারিখঃ ১৮-০৫-২০২৬

**সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণঃ** বেয়ারিং অ্যাসেম্বলি রোলার (পিই) পিনিয়ন এন্ড টু ইএমডি পার্ট নং.- ৪০০৭২৯৪৯, ডিএলডব্লিউ পিএল নং. - ১৭৪০০০৩০। [ওয়ারেন্টি সময়ঃ ডেলিভারির তারিখের পর ৩০ মাস]। ইউভিএএমঃ আইটেম আইডিঃ ২২০১০৮১-বিয়ারিং সাসপেনশন, ইএমডি লোকোমোটিভের জন্য ট্রাকশন মোটরের ড্রাইভ এন্ড। পরিমাণ- নিউ বঙ্গাইগাঁও, ওয়ার্কশপ ডিপো, এনএফআর (আসাম)-এর জন্য ৩০০ টি। পি. এল. নং. - ১৭৪০০০৩০।

ক্র.নং. ৩। টেন্ডার নং. ৬০/২৫/৫৩০১/ওটি/০৩/২০২৬-২৭,
বন্ধ/খোলার তারিখঃ ১১-০৫-২০২৬

**সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণঃ** ডেমু/শিলিগুড়ি জং.-এর মেমু শেডের জন্য রেল-কাম-রোড ভেহিকল এবং আনুষাঙ্গিকসহ। [ওয়ারেন্টি সময়ঃ ডেলিভারির তারিখের পর ২৪ মাস]। [পরিদর্শন এজেন্সি ঃ টিপিআই, স্টেজ আইএনএসপিঃ না, স্টেজ ঃ ০] [ইউভিএএম লিঙ্কিং] ঃ আইটেমের প্রকারঃ পণ্য (সরবরাহ)। পরিমাণ- এসএসই/ডেমু/আইসি/শিলিগুড়ি জং., এনএফআর (পশ্চিমবঙ্গ)-এর জন্য ১ টি। পি. এল. নং. - ৬৫৯০২০২৩০০৩২। (২) ওয়ারেন্টি সময়ের পরবর্তী সাত বছরের জন্য ব্যাপক বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি। [ওয়ারেন্টি সময়ঃ ডেলিভারির তারিখের পর মাস, এএমসি সময়ঃ ৭ বছর। ডিসকাউন্টিং রেটঃ ১০% শুরু হবে ২য় বছরের পর] [পরিদর্শন এজেন্সি ঃ সিওএনএসজি, স্টেজ আইএনএসপিঃ এনএ, স্টেজ ঃ ০] আইটেমের প্রকারঃ এএমসি। পরিমাণ- এসএসই/ডেমু/আইসি/শিলিগুড়ি জং., এনএফআর (পশ্চিমবঙ্গ)-এর জন্য ১ টি। পি. এল. নং. - ৬৫৯০২০২৩।

ক্র.নং. ৪। টেন্ডার নং. ৩০/২৫/১৪৪২এ/ওটি/০৪/২০২৬-২৭,
বন্ধ/খোলার তারিখঃ ১২-০৫-২০২৬

**সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণঃ** বিজি এলএইচবি যাত্রীবাহী কোচের জন্য কমপ্লিট সাপোর্টিং ডিভাইস অ্যাসেম্বলি। মেট. এসপিইসি - আরডিএসও/২০১১/সিজি-০৩ (আরইভি-০৩) আরডিএসও/২০১১/সিজি-০৩ আরইভি-০৩ দিনাংক ১ জুলাই ২০২৪ সংশোধনী অনুযায়ী। [ওয়ারেন্টি সময়ঃ ডেলিভারির তারিখের পর ৮৪ মাস]। [পরিদর্শন এজেন্সি ঃ টিপিআই, স্টেজ আইএনএসপিঃ না, স্টেজ ঃ ০] [ইউভিএএম লিঙ্কিং ঃআইটেমঃ ৩১০০২১১, ভারতীয় রেলে-এ বিজি যাত্রীবাহী কোচসমূহে ফিটমেন্ট-এর জন্য এএআর-এইচ টাইপ হেড সহ উন্নত উচ্চপ্রসারণ ক্ষমতাসম্পন্ন টাইট লক সেন্টার বাফার কাপলার। আইটেমের প্রকারঃ পণ্য (সরবরাহ)। (i) পরিমাণ- ডিব্রুগড় টাউন ওয়ার্কশপ ডিপো, এনএফআর (আসাম)-এর জন্য ৫৩৯ সেট। (ii) পরিমাণ- নিউ বঙ্গাইগাঁও, ওয়ার্কশপ ডিপো, এনএফআর (আসাম)-এর জন্য ১৯৩ সেট। পি. এল. নং. - ৩৩৫০৫৫৩৬।

ক্র.নং. ৫। টেন্ডার নং. ৬০/২৬/৫০১২/ওটি/০৫/২০২৬-২৭,
বন্ধ/খোলার তারিখঃ ১৫-০৫-২০২৬

**সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণঃ** তিন বিন্দু পোর্টেবল ডিজিটাল হুইল ডায়ামিটার গেজ-এর সরবরাহ। মেকঃ পিআইই বা অনুরূপ। [ওয়ারেন্টি সময়ঃ ডেলিভারির তারিখের পর ৩০ মাস]। [পরিদর্শন এজেন্সি ঃ টিপিআই, স্টেজ আইএনএসপিঃ না, স্টেজ ঃ ০] [ইউভিএএম লিঙ্কিং] ঃ আইটেমের প্রকারঃ পণ্য (সরবরাহ)। পরিমাণ- এসএসই/সি/আইসি/গুয়াহাটি, এনএফআর (আসাম)-এর জন্য ৪০ টি। পি. এল. নং. - ৪৩০৬০০৮৫০০১১।

ক্র.নং. ৬। টেন্ডার নং. ১০/২৬/৩৬৭৬/ওটি/০৬/২০২৬-২৭,
বন্ধ/খোলার তারিখঃ ০২-০৬-২০২৬

**সংক্ষিপ্ত বিবরণ, পি.এল. নং. ও পরিমাণঃ** ডব্লিউডিপি৪ থেকে ইএমডি পিটি. নং. ৪০০৫০৬৫৬-এর জন্য জার্নাল বক্স বিয়ারিং অ্যাসেম্বলি ব্রেনকো ৬- ১/২×১২ ক্লাস এফ। [ওয়ারেন্টি সময়ঃ ডেলিভারির তারিখের পর ৩০ মাস]। [পরিদর্শন এজেন্সি ঃ টিপিআই, স্টেজ আইএনএসপিঃ না, স্টেজ ঃ ০] [ইউভিএএম লিঙ্কিং] আইটেমঃ ২২০১১৯৪, এইচএইচপি লোকোমোটিভের জন্য জার্নাল বিয়ারিং অ্যাসেম্বলিসহ বিয়ারিং অ্যাডাপ্টার (বুশিং ট্রাকশন রড ব্যতীত)। আইটেমের প্রকারঃ পণ্য (সরবরাহ)। ১) পরিমাণঃ শিলিগুড়ি জং./ডিজেল/ডিপো, এনএফআর (পশ্চিমবঙ্গ)-এর জন্য ৪৯০ টি। ২) পরিমাণঃ নিউ গুয়াহাটি/ডিপো, এনএফআর (আসাম)-এর জন্য ২৩৪ টি। পি. এল. নং. - ১৭০২১১৫৭।

**দ্রষ্টব্যঃ**-টেন্ডার বিজ্ঞপ্তি ও টেন্ডার নথির সম্পূর্ণ বিবরণের জন্য, টেন্ডারদাতারা (**www.ireps.gov.in**) ওয়েবসাইটে লগইন করতে পারেন, সম্ভাব্য বিডার যারা উপরের টেন্ডারে অংশগ্রহণ করতে আগ্রহী তারা যদি ইতিমধ্যে **আইআরইপিএস**-এ রেজিস্টার করে থাকেন তাহলে তাদের উপরের ওয়েবসাইটে লগইন করতে হবে এবং তাদের প্রস্তাব বৈদ্যুতিকভাবে জমা করতে হবে। যদি তারা **আইআরইপিএস**-এ রেজিস্টার না করে থাকেন তাহলে, তাদের পরামর্শ দেওয়া হচ্ছে তারা যেন ভারত সরকারের আইটি আইন ২০০০-এর অধীনে সার্টিফাইং এজেন্সিগুলির কাছ থেকে ক্লাশ-III ডিজিটাল স্বাক্ষর প্রমাণপত্র সংগ্রহ করেন এবং উপরের টেন্ডারে অংশগ্রহণ করেন।

পিসিএমএম/মালিগাঁও

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়



## এক হোয়াটসঅ্যাপেই বিজ্ঞাপন

জন্মদিনে অথবা বিবাহবার্ষিকীতে শুভেচ্ছা জানাতে, হবু জামাই অথবা পুত্রবধূ খুঁজতে, চাকরির খোঁজ পেতে অথবা শূন্যপদের জন্য প্রার্থী খুঁজতে, কখনও বা হারিয়ে যাওয়া প্রিয়জনকে খুঁজে পেতে বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হয়।

আর বিজ্ঞাপন দেওয়ার জন্য উত্তরবঙ্গের বাসিন্দাদের একমাত্র পছন্দ উত্তরবঙ্গ সংবাদ। আমরা সেই বিজ্ঞাপন দেওয়ার পথ অনেক সহজ করে দিচ্ছি।

আপনাকে আসতে হবে না। শুধু আপনি যেমন ভাষায় বিজ্ঞাপন দিতে চান লিখে পাঠিয়ে দিন আমাদের হোয়াটসঅ্যাপ নম্বরে। আমাদের প্রতিনিধি যোগাযোগ করবেন আপনার সঙ্গে।

ভেবে দেখুন, আমাদের কাছে একটি হোয়াটসঅ্যাপ মেসেজ পাঠিয়ে আপনি কত সহজে কত লক্ষ মানুষের কাছে পৌঁছে যেতে পারছেন।

একইভাবে ফেসবুকেও বিজ্ঞাপন দিতে পারেন।

হোয়াটসঅ্যাপ অথবা মেসেজ করুন ৯০৬৪৮৪৯০৯৬

উত্তরবঙ্গের আত্মার আত্মীয় উত্তরবঙ্গ সংবাদ


## আজ টিভিতে







**ট্যাংরার লাল ঝোল** এবং **পিঙ্ক শেক** তৈরির পদ্ধতি শেখাবেন **শাশ্বতী চট্টোপাধ্যায়। রাঁধুনি** দুপুর ১.৩০ **আকাশ আট**

### সিনেমা

**জলসা মুভিজ :** সকাল ৯.৩০ ফুল আর পাথর, দুপুর ১২.৪৫ গোলমাল, বিকেল ৩.৪৫ বেশ করেছি প্রেম করেছি, সন্ধে ৬.৪৫ কেলোর কীর্তি, রাত ১০.০০ লভ এক্সপ্রেস

**কালার্স বাংলা সিনেমা :** সকাল ১০.০০ প্রতিকার, দুপুর ১.০০ মিনিস্টার ফাটাকেষ্ট, বিকেল ৪.০০ পলিট্রিকস, সন্ধে ৬.৩০ শ্বশুরবাড়ি জিন্দাবাদ, রাত ৯.৩০ মহাগুরু

**জি বাংলা সোনার :** সকাল ৯.০০ আমার শপথ, বেলা ১১.৩০ বাবা কেন চাকর, দুপুর ২.৩০ অভাগিনী, বিকেল ৫.০০ সিঁদুর নিয়ে খেলা, রাত ৮.০০ পিতা মাতা সন্তান, ১১.০০ বস-বর্ন টু রুল

**ডিডি বাংলা :** দুপুর ২.৩০ চারণকবি মুকুন্দদাস

**কালার্স বাংলা :** দুপুর ২.০০ প্রতীক

**আকাশ আট :** বিকেল ৩.০৫ প্রেম প্রতিজ্ঞা

**অ্যান্ড পিকচার্স :** বেলা ১১.৫৩ নাচ লাকি নাচ, দুপুর ২.১৩ কহো না পেয়ার হ্যায়, বিকেল ৫.১১ দেবা, সন্ধে ৭.৫৯ আরআরআর, রাত ১১.৩২ রান

**সোনি ম্যাক্স টু :** সকাল ১০.৩৭ আঘাজ, দুপুর ১.৪৮ অগ্নি সাক্ষী, বিকেল ৪.২২ হাতকড়ি, রাত ৮.২৩ আঁখে, ১১.৩০ আগ

**জি বলিউড :** বেলা ১১.১১ খট্টা মিঠা, দুপুর ২.১১ পেয়ার ঝুকতা নেহি, বিকেল ৫.০৬ কোহরাম, রাত ৮.০০ দ্য হিরো : লভ স্টোরি অফ আ স্পাই, ১১.৩০ জোড়িদার



**শিবেলা : দ্য মিরাকল চিতা**
বিকেল ৫.০০ **অ্যানিমাল প্ল্যানেট**



**মিনিস্টার ফাটাকেষ্ট** দুপুর ১.০০
**কালার্স বাংলা সিনেমা**



**প্রেম প্রতিজ্ঞা** বিকেল ৩.০৫ **আকাশ আট**

## আজকের দিনটি

**শ্রীদেবাচার্য্য**
**৯৪৩৪৩১৭৩৯১**

মেষ : নিজের ওপর বিশ্বাস রাখুন, সাফল্য নিশ্চিত। অপ্রয়োজনীয় খরচ এড়িয়ে চলুন। বৃত্তিগত প্রশিক্ষণে সাফল্য পাবেন। বৃষ : বহুদিন ধরে দেখা কোনও স্বপ্ন আজ সফল হতে পারে। সন্তানের চাকরিপ্রাপ্তিতে বাড়িতে আনন্দের পরিবেশ। কর্মসূত্রে বাইরে যেতে হতে পারে। মিথুন : আত্মীয়ের কথায় কোনও আর্থিক সংস্থায় টাকা লগ্নি করে অনুশোচনা করতে হতে পারে। আগুন, বিদ্যুৎ ব্যবহারে সতর্ক থাকুন। কর্কট : বাড়ি সংস্কার করার আগে প্রতিবেশীর সঙ্গে আলোচনা সেরে নিন। বুদ্ধিবলে আজ কর্মক্ষেত্রে বিরোধীদের পরাস্ত করতে পারবেন। সিংহ : অন্যের কথায় কাউকে টাকা দিয়ে সমস্যায় পড়তে হতে পারে। বাড়ির কোনও গোপন কথা বন্ধুমহলে আলোচনা করবেন না। কন্যা : অলসতার কারণে আজ বড় সুযোগ হাতছাড়া হতে পারে। বাবার শারীরিক সমস্যা নিয়ে চিন্তা কেটে যাবে। প্রেমে দোলাচল থাকবে। তুলা : প্রিয়জনের আচরণে মানসিক কষ্ট পেতে পারেন। দুপুরের পর থেকে ব্যবসায় গতি ও উপার্জন বৃদ্ধি পাবে। বৃশ্চিক : বন্ধুর ছদ্মবেশে কেউ আপনার ক্ষতি করতে পারে, সতর্ক থাকুন। জমি, বাড়ি কেনার স্বপ্ন সফল হবে। ধনু : কোনও আত্মীয়ের বিশ্বাসঘাতকতায় প্রচুর টাকার ক্ষতি হতে পারে। ছোটখাটো শারীরিক সমস্যা লেগে থাকবে। মকর : পুরোনো বাড়ি কিনে লাভবান হবেন। কর্মক্ষেত্রে কোনও জটিল কাজের সমাধান করতে পারায় প্রশংসিত হবেন। কুম্ভ : রাজনীতিবিদ এবং সমাজসেবীরা উল্লেখযোগ্য সাফল্য ও সুনাম পাবেন। প্রতিযোগিতামূলক পরীক্ষায় অভাবনীয় সাফল্য পাবেন। মীন : সম্পত্তি কেনাবেচা নিয়ে আত্মীয়স্বজনের সঙ্গে চরম বিরোধিতা হতে পারে। উচ্চশিক্ষায় আর্থিক বাধা কেটে যাবে।

## দিনপঞ্জি

শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে ১৫ বৈশাখ ১৪৩৩, ভাঃ ৯ বৈশাখ, ২৯ এপ্রিল ২০২৬, ১৫ বহাগ, সংবৎ ১৩ বৈশাখ সুদি, ১১ জেল্কদ। সূঃ উঃ ৫।১১, অঃ ৫।৫৯। বুধবার, ত্রয়োদশী রাত্রি ৭।৪৭। হস্তানক্ষত্র রাত্রি ১২।২০। হর্ষণযোগ রাত্রি ৯।১৫। কৌলবকরণ দিবা ৭।৪২ গতে তৈতিলকরণ রাত্রি ৭।৪৭ গতে গরকরণ। জন্মে- কন্যারাশি বৈশ্যবর্ণ মতান্তরে শূদ্রবর্ণ দেবগণ অষ্টোত্তরী বুধের ও বিংশোত্তরী চন্দ্রের দশা, রাত্রি ১২।২০ গতে রাক্ষসগণ বিংশোত্তরী মঙ্গলের দশা। মৃতে- দোষ নাই। যোগিনী- দক্ষিণে, রাত্রি ৭।৪৭ গতে পশ্চিমে। কালবেলাদি ৮।২৩ গতে ৯।৫৯ মধ্যে এবং ১১।৩৫ গতে ১।১১ মধ্যে। কালরাত্রি ২।২৩ গতে ৩।৪৭ মধ্যে। যাত্রা- নাই। শুভকর্ম- গাত্রহরিদ্রা অব্যূঢ়ান্ন সাধভক্ষণ নামকরণ নিষ্ক্রমণ মুখ্যান্নপ্রাশন নববস্ত্রপরিধান নবশয্যাসনাদ্যুপভোগ দেবতাগঠন ক্রয়বাণিজ্য বিক্রয়বাণিজ্য বিপণ্যারম্ভ পুণ্যাহ গ্রহপূজা শান্তিস্বস্ত্যয়ন হলপ্রবাহ বীজবপন বৃক্ষাদিরোপণ ধান্যচ্ছেদন ধান্যস্থাপন কারখানারম্ভ বাহনক্রয়বিক্রয় কম্পিউটার নির্মাণ ও চালন। বিবিধ (শ্রাদ্ধ)- ত্রয়োদশীর একোদ্দিষ্ট ও সপিণ্ডন। অমৃতযোগ- দিবা ৬।৪৪ মধ্যে ও ৯।২১ গতে ১১।৬ মধ্যে ও ৩।২৮ গতে ৫।১১ মধ্যে এবং রাত্রি ৬।৪৯ গতে ৯।০ মধ্যে ও ১।২১ গতে ৫।১০ মধ্যে। মাহেন্দ্রযোগ- দিবা ১।৪৪ গতে ৩।২৮ মধ্যে এবং রাত্রি ৯।০ গতে ১০।২৭ মধ্যে।

সতর্কীকরণ ঃ উত্তরবঙ্গ সংবাদ অথবা পত্রিকার কোনও এজেন্ট পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপনের সততা, যথার্থতার জন্য দায়ী নয়। কোনও প্রকার বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হওয়ার আগে বিজ্ঞাপনের যথার্থতা যাচাই করে নিতে পাঠকদের অনুরোধ করা হচ্ছে।

# অনটনেই দিন কাটে সারিন্দা জাদুকরের

**অভিরূপ দে ও অনসূয়া চৌধুরী**

**ময়নাগুড়ি ও জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** কেন্দ্রীয় সরকার দিয়েছে পদ্মশ্রী, রাজ্য সরকার দিয়েছে বঙ্গরত্ন। অথচ প্রশাসনের দরজায় দিনের পর দিন ঘুরেও সরকারি ঘর পাননি প্রবাদপ্রতিম শিল্পী মঙ্গলাকান্ত রায়। একসময় নিজে বার্ধক্যভাতা পেলেও বেশ কয়েক বছর ধরে তা বন্ধ হয়ে গিয়েছে। স্ত্রীর বার্ধক্যভাতাও জোটেনি এখনও। ফলে চরম অনটনে দিন কাটে সারিন্দাশিল্পীর।

সোমবার গুরুতর অসুস্থ অবস্থায় জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে মঙ্গলাকান্তকে। তাঁকে হাসপাতালে নিয়ে আসেন করিমুল হক। জলপাইগুড়ি মেডিকেলের এমএসভিপি ডাঃ কল্যাণ খান জানিয়েছেন, মঙ্গলাকান্ত রায়ের চিকিৎসার জন্য তিন বিশেষজ্ঞ চিকিৎসকের মেডিকেল বোর্ড গঠন করা হয়েছে। তিনি হাসপাতালের মেল মেডিকেল ওয়ার্ডে ভর্তি রয়েছেন। চিকিৎসকরা সবসময় নজর রাখছেন। তাঁর অবস্থা স্থিতিশীল হলেও শারীরিক দুর্বলতা রয়েছে।

বাড়ি থেকে হাসপাতাল নিয়ে যাওয়ার জন্য গাড়িভাড়া করার মতো আর্থিক সংগতি হয়নি শিল্পীর পরিবারের। পদ্মশ্রী ও বঙ্গরত্ন সম্মান পাওয়ার পর ধওলাগুড়ি গ্রামে শিল্পীর বাড়িতে গিয়ে কেন্দ্র ও রাজ্যের শাসকদলের নেতারা একাধিক প্রতিশ্রুতি শুনিয়ে এসেছিলেন। সেই সময় শিল্পী রাজনৈতিক দলের নেতা, জনপ্রতিনিধি ও প্রশাসনের কর্তাদের কাছে তাঁর বাড়ির সামনে গ্রামের রাস্তা পাকা ও নিজের ঘরের জন্য আবেদন জানিয়েছিলেন। গ্রামের রাস্তা পরবর্তীতে জেলা পরিষদের তরফে পেভার্স ব্লক দিয়ে তৈরি হয়েছে। পরিবারের অভিযোগ, পরবর্তীতে কেউ আর তাঁর খোঁজ রাখেননি। কোনও সরকারি ভাতা পাওয়া তো দূরের কথা, গ্রাম পঞ্চায়েতের কাছে একাধিকবার আবেদন করেও ঘর বা কোনও সাহায্য পাননি শতায়ু শিল্পী। এমনকি শিল্পীদের জন্য রাজ্য সরকারের যে ভাতার ব্যবস্থা রয়েছে, সেই ভাতা থেকেও তিনি বঞ্চিত। দরমার বেড়া ও টিন দিয়ে ঘেরা, কাঠের ভাঙা সিঁড়ি, এমনই জরাজীর্ণ একটা ঘরে দিন কাটে মঙ্গলাকান্তর। সামান্য বৃষ্টিতে জল চুঁইয়ে পড়ে। দমকা হাওয়া দিয়ে ভয় হয় কখন ঘর ভেঙে পড়বে।





*প্রবাদপ্রতিম সারিন্দাশিল্পী মঙ্গলাকান্ত রায়। (ডানে) ময়নাগুড়ির ধওলাগুড়ি গ্রামে শিল্পীর জরাজীর্ণ বসতবাড়ি।*

গ্রামের প্রতিবেশীরাই জানালেন, অনুষ্ঠান না থাকলে গ্রামে গ্রামে ঘুরে সারিন্দা বাজিয়ে চাল-ডাল সংগ্রহের পাশাপাশি সামান্য কিছু আয় করতেন মঙ্গলাকান্ত। এখন বয়সের ভারে অনুষ্ঠান করার ক্ষমতা হারিয়েছেন। শেষ সম্বল বলতে ছিল বাড়ির পাশে বিঘা তিনেক জমিতে চাষাবাদ করে যৎসামান্য আয়। কিন্তু, মাস চারেক আগে নাতি কিশোর পথ দুর্ঘটনায় জখম হন। দীর্ঘদিন বেসরকারি হাসপাতালে মরণবাঁচন লড়াই চলে। চিকিৎসার খরচ জোগাতে শেষ সম্বল তিন বিঘা জমিও বন্ধক রাখতে হয়েছে।

মঙ্গলাকান্তবাবুর স্ত্রী চম্পা রায় বলেন, 'রাজ্য সরকারের থেকে বঙ্গরত্ন সম্মান জানানোর সময় এক লক্ষ টাকা দেওয়া হয়েছিল। এর বাইরে কেন্দ্র, রাজ্য কোনও সরকারের কাছ থেকেই কোনওরকম সহযোগিতা পাইনি।' শিল্পীর ছোট ছেলে দিলীপ রায় আক্ষেপের সুরে বলেন, 'কোনও নেতা বা জনপ্রতিনিধি এখন আর বাবার খোঁজ করেন না। চরম আর্থিক অনটনে দিন কাটছে গোটা পরিবারের।'

মঙ্গলাকান্ত সরকারি সাহায্য থেকে বঞ্চিত, এমন কথা প্রকাশ্যে আসতেই জনপ্রতিনিধি থেকে প্রশাসন সকলেই নড়েচড়ে বসেছেন। জলপাইগুড়ির জেলা শাসক সন্দীপ ঘোষ বলেন, 'মঙ্গলাকান্তবাবুর চিকিৎসা ব্যাপারটি সরকারের তরফে দেখা হচ্ছে। বাকি সামাজিক সুরক্ষার প্রকল্পের বিষয়গুলিও খোঁজ নিয়ে দেখা হচ্ছে।'

জলপাইগুড়ির সাংসদ জয়ন্ত রায় বলেন, 'গত বছর মঙ্গলাকান্তবাবুর পরিবারের লোকেদের সঙ্গে কথা বলে ভাতার আবেদনের জন্য কাগজপত্র জমা দেবার কথা বলেছিলাম। প্রয়োজনীয় নথি পেলে সরকারি সহযোগিতা পাওয়ার ব্যাপারে যোগাযোগ করা সম্ভব হত।'

ময়নাগুড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি কুমুদরঞ্জন রায় জানিয়েছেন, শিল্পীর সরকারি সহযোগিতা না পাওয়ার বিষয়টি তাঁর জানাই ছিল না। বিষয়টি খোঁজ নিয়ে দেখবেন।'



*কুমারগঞ্জের সাফানগর পঞ্চায়েতের এলেন্দরী হাইস্কুল।*

# দেড়শো 'ভূতুড়ে' পড়ুয়া

## মিড-ডে মিলে গরমিল নিয়ে তদন্ত

**বিশ্বজিৎ প্রামাণিক**

**কুমারগঞ্জ, ২৮ এপ্রিল :** স্কুলে ছাত্রছাত্রী উপস্থিত রয়েছে মাত্র ৪৭ জন। অথচ মিড-ডে মিলের খাতায় উপস্থিত ছাত্রছাত্রীর সংখ্যা ১৯৭ জন। অর্থাৎ ১৫০ জন অতিরিক্ত পড়ুয়া দেখিয়ে হিসেবে গরমিল করার অভিযোগ উঠেছে কুমারগঞ্জের সাফানগর পঞ্চায়েতের এলেন্দরী হাইস্কুলে। মঙ্গলবার কুমারগঞ্জ ব্লক প্রশাসনের আকস্মিক পরিদর্শনে এই অনিয়মের ঘটনা ধরা পড়েছে। প্রশাসনের তরফে ইতিমধ্যে তদন্ত শুরু হয়েছে এবং দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানা গিয়েছে।

বেশ কয়েকদিন ধরে ওই স্কুলে মিড-ডে মিলে ছাত্রছাত্রীর সংখ্যা বাড়িয়ে দেখানোর অভিযোগ উঠছিল। এই অভিযোগের ভিত্তিতে এদিন কুমারগঞ্জের বিডিও-র নেতৃত্বে একটি দল এলেন্দরী হাইস্কুলে পরিদর্শনে যায়। সেখানে গিয়ে তারা ওই হিসেবের গরমিল দেখতে পায়।

ঘটনাটি সামনে আসতেই ব্লক প্রশাসন বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখে এবং সঙ্গে সঙ্গে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হয়। কুমারগঞ্জের বিডিও শুভঙ্কর সাহা বলেন, 'আমাদের কাছে কিছুদিন ধরে অভিযোগ আসছিল যে, ওই স্কুলে মিড-ডে মিলে পড়ুয়াদের উপস্থিতি নিয়ে গরমিল হচ্ছে। ভোট প্রক্রিয়া শেষ হওয়ার পর আমরা স্কুলে স্কুলে গিয়ে পরিদর্শন শুরু করেছি। আজ এলেন্দরী হাইস্কুলে এসেছিলাম। সেখানে অভিযোগের সত্যতা ধরা পড়েছে। পুরো বিষয়টি ডিআই (মাধ্যমিক) সুজয়কৃষ্ণ মোহন্তকে মেলের মাধ্যমে জানানো হয়েছে।' অন্যদিকে, ডিআই (মাধ্যমিক) মেল পাওয়ার কথা স্বীকার করেছেন। জানিয়েছেন, ঘটনাটি তিনি এখনও বিস্তারিতভাবে খতিয়ে দেখেননি।

মাঝে ভোটের জন্য স্কুল বন্ধ ছিল। তারপর গত কয়েকদিন ধরে বৃষ্টি হচ্ছে। স্কুলে পড়ুয়াদের উপস্থিতি বেশ কম। তার মধ্যেও এভাবে পড়ুয়ার সংখ্যা বেশি দেখানো নিয়ে স্বভাবতই জলঘোলা শুরু হয়েছে। স্কুলের শিক্ষকদেরই একটা অংশ এমন গরমিল ধরতে পেরে প্রশাসনকে জানিয়েছে বলে মনে করা হচ্ছে। তবে গরমিলের দায় এড়িয়ে যাওয়ার চেষ্টা করছে স্কুল কর্তৃপক্ষ। ভারপ্রাপ্ত শিক্ষক প্রভাত সরকার বলেন, 'মিড-ডে মিলের ক্ষেত্রে কতজন পড়ুয়া উপস্থিত রয়েছে সেই রিপোর্ট পাঠানোর দায়িত্বে যিনি রয়েছেন, তিনি না গুনেই সংখ্যাটি পাঠিয়ে দিয়েছেন। বিষয়টি আমার নজরে ছিল না।'



- এলেন্দরী হাইস্কুলে ৪৭ জন পড়ুয়া উপস্থিত থাকলেও মিড-ডে মিলের রিপোর্টে ১৯৭ জন দেখানো হয়েছে
- বিডিও-র নেতৃত্বে মঙ্গলবার একটি টিম ওই স্কুলে পরিদর্শনে যাওয়ার পর বিষয়টি চোখে পড়ে
- বিষয়টি ডিআই (সেকেন্ডারি)-কে মেল করে জানানো হয়েছে

এদিনের ঘটনায় মিড-ডে মিল প্রকল্পের স্বচ্ছতা নিয়ে বড় প্রশ্ন উঠেছে। এই প্রকল্পে প্রথম থেকে পঞ্চম শ্রেণির পড়ুয়াদের মাথাপিছু প্রায় ৭ টাকা বরাদ্দ করা হয়। আবার ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির পড়ুয়াদের মাথাপিছু প্রায় ১০ টাকা করে বরাদ্দ করা হয়। সেই হিসেবে ১৫০ জন অতিরিক্ত পড়ুয়া দেখানো হলে প্রতিদিন প্রায় ১৫০০ টাকার গরমিল হচ্ছে। এই ভূতুড়ে হিসেব কতদিন ধরে চলছে, তা এখনই বলা যাচ্ছে না।



*আবাসিক বিদ্যালয়ের বাথরুমের পাশে উদ্ধার হয়েছে পড়ুয়ার মৃতদেহ।*

## গঙ্গারামপুরে ছাত্রের মৃত্যু

# প্রশ্নের মুখে স্কুলের ভূমিকা

**রাজু হালদার**

**গঙ্গারামপুর, ২৮ এপ্রিল :** গঙ্গারামপুর থানার অন্তর্গত বাগানবাড়ির একটি আবাসিক স্কুলের দশম শ্রেণির এক ছাত্রের রহস্যমৃত্যু ঘিরে একাধিক প্রশ্ন উঠছে। জামিস আলবক্স হোসেন নামের সেই পড়ুয়ার মৃত্যুর ঘটনায় মঙ্গলবার সন্ধ্যা অবধি গঙ্গারামপুর থানায় কোনও লিখিত অভিযোগ দায়ের করেনি মৃতের পরিবার। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত করছে। তবে জামিসের পরিবারের লোকজন বারবার প্রশ্ন তুলেছেন সেই হস্টেলের কর্তৃপক্ষের নজরদারি নিয়ে, সেই হস্টেলের নিরাপত্তা ব্যবস্থা ও পরিকাঠামো নিয়ে।

সেই স্কুলের বয়স বেশি নয়। ২০১৬ সালে গঙ্গারামপুর ব্লকের ৭ নম্বর জাহাঙ্গিরপুর গ্রাম পঞ্চায়েতের বাগানবাড়ি এলাকায় এই বাংলামাধ্যম স্কুলটি স্থাপিত হয়েছে। এদিন দুপুরে সেই স্কুলের সামনে গিয়ে দেখা গেল, জনবসতিহীন ফাঁকা জায়গায় রয়েছে সেই আবাসিক স্কুল। আশপাশে চাষের জমি। হস্টেলের দোতলা ভবন। বর্তমানে স্কুলের দুটি হস্টেলে পঞ্চম শ্রেণি থেকে দশম শ্রেণির ১১০ জন ছাত্র ও ৮৭ জন ছাত্রী পড়াশোনা করছে। স্কুল ও হস্টেলের কোনও পাকা সীমানা প্রাচীর চোখে পড়ল না। ভবনগুলির সামনের দিকে কিছুটা অংশে টিনের বেড়া দেওয়া রয়েছে। স্কুল কর্তৃপক্ষ বলছে, মৃত ছাত্র জামিস একতলার শৌচালয়ের ঘুলঘুলি দিয়ে বাইরে বেরোতে গিয়ে পড়ে গিয়েছিল। কিন্তু পরিবারের প্রশ্ন, জামিস তো এক বছরেরও বেশি সময় ধরে এই স্কুলে পড়াশোনা করছে। সে হঠাৎ লুকিয়ে বের হতে যাবেই বা কেন?

প্রায় ২০০ জন ছাত্রছাত্রী থাকে এই হস্টেলে। তাহলে সেই হস্টেলের শৌচালয়ে এত বড় বড় ঘুলঘুলি বানানো হয়েছে কেন? আর বানানো হলেও তাতে কোনও গ্রিল বা শিক লাগানো হয়নি কেন? এসব প্রশ্নও কিন্তু উঠেছে। ঘুলঘুলিতে গ্রিল লাগানো থাকলে এমন ঘটনা আটকানো যেত বলে মনে করছে অভিভাবকদের একাংশ।

সেই হস্টেলের একতলার শৌচালয়ের ছাদের একেবারে গা দিয়ে গিয়েছে হাই ভোল্টেজ বৈদ্যুতিক তার। যা অত্যন্ত বিপজ্জনক। মনে করা হচ্ছে, সেই তারে লেগে বিদ্যুৎস্পৃষ্ট হয়েই ওই ছাত্রের মৃত্যু হয়েছে। কিন্তু এত নীচ দিয়ে সেই এলাকায় হাই ভোল্টেজ তার কেন গিয়েছে? হাইটেনশন তারের গা ঘেঁষে এভাবে স্কুলের ভবন বানাবার অনুমতি কি বিদ্যুৎ দপ্তর আদৌ দিয়েছে? এক্ষেত্রে স্কুল কর্তৃপক্ষের দায়বদ্ধতা ও বিদ্যুৎ দপ্তরের নজরদারি কোথায় গেল?



- দুর্ঘটনা ঘটার পর মৃতের পরিবার সিসিটিভি ফুটেজ দেখবার দাবি জানিয়েছিল
- স্কুল কর্তৃপক্ষ জানিয়েছে, সিসিটিভি বিকল হয়ে গিয়েছে
- মৃত ছাত্র জামিস একতলার শৌচালয়ের ঘুলঘুলি দিয়ে বাইরে বেরোতে গিয়ে পড়ে গিয়েছিল বলে স্কুল কর্তৃপক্ষের দাবি

তবে এসব প্রশ্নের উত্তর মেলেনি।

মৃতের পরিবার সিসিটিভি ফুটেজ দেখবার দাবি জানিয়েছিল। অথচ স্কুল কর্তৃপক্ষ তা দেখাতে পারেনি। তারা জানিয়েছে, সিসিটিভি বিকল হয়ে গিয়েছে। এতজন পড়ুয়া থাকা সত্ত্বেও সিসিটিভি ক্যামেরা না থাকার বিষয়টিও অভিভাবকদের ভাবাচ্ছে। এ ব্যাপারে জানতে চাইলে স্কুল কর্তৃপক্ষ কোনও মন্তব্য করেনি। সেই স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক রতন রায়ও মুখে কুলুপ এঁটেছেন।

একদম গা ঘেঁষে কোনও ঘরবাড়ি না থাকলেও দূরে দূরে কয়েকটি বাড়ি রয়েছে। সেইসব বাড়ির বাসিন্দারাও নাকি সোমবার রাতে কিছু টের পাননি। এদিন সকালে জানতে পেরেছেন।

স্থানীয় বাসিন্দা প্রণব রায়ের কথায়, 'আবাসিক স্কুলটি কীভাবে চলছে, পরিকাঠামো কেমন, সেইসব নিয়ে প্রশাসনের নজরদারি রাখা উচিত। এই দুর্ঘটনা সত্যিই আমাদের নাড়িয়ে দিয়েছে।'

# একদিনের নোটিশে ভোটের ডিউটি

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ২৮ এপ্রিল :** বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য মাত্র একদিনের নোটিশে উত্তরবঙ্গের বিভিন্ন ব্যাংক এবং জীবনবিমা নিগমের কর্মীদের দক্ষিণবঙ্গে পাড়ি দিতে হল। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, এই জেলা থেকে ব্যাংক ও জীবনবিমা নিগমের কর্মী মিলিয়ে প্রায় দেড়শোজন ভোটের ডিউটি করতে একদিনের নোটিশে দক্ষিণবঙ্গে গিয়েছেন।

উত্তর দিনাজপুর জেলার অনেক ব্যাংক ও জীবনবিমার কর্মীকে উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনায় ভোটের ডিউটি দেওয়া হয়েছে। সোমবার কাউন্টিংয়ের প্রশিক্ষণ শেষ হতে না হতেই তাঁদের গাড়ি ভাড়া করে দক্ষিণবঙ্গের উদ্দেশে পাড়ি দিতে হয়। এত দূর যাতায়াতের জন্য নির্বাচন কমিশন গাড়ির ব্যবস্থা না করায় ভোটকর্মীদের চূড়ান্ত ভোগান্তি পোহাতে হয়। এই ঘটনায় তাঁদের মনে ক্ষোভ জন্মেছে।

এত কর্মী ভোটের ডিউটিতে যাওয়ায় মঙ্গলবার পশ্চিমবঙ্গ গ্রামীণ বিকাশ ব্যাংক সহ অন্যান্য রাষ্ট্রায়ত্ত ব্যাংকের পরিষেবায় ব্যাঘাত ঘটে। গ্রামীণ ব্যাংকের এক ম্যানেজার বলেন, '২৬ তারিখ রাতে ভোটের ডিউটির নোটিশ দেওয়া হয়েছে। অধিকাংশ ব্যাংকেই কর্মী কম থাকায় পরিষেবা ব্যাহত হয়েছে।' জীবনবিমা নিগমের কর্মী অমিত খান ছেলের চিকিৎসার জন্য হায়দরাবাদে আছেন। ভোটের ডিউটির জন্য তাঁরও নাম আসায় বিপাকে পড়েছে পরিবার।

অন্যদিকে, রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের ৪০ জন সহকারী অধ্যাপক প্রিসাইডিং অফিসারের ট্রেনিং না নেওয়ায় গত ১৯ এপ্রিল তাঁদের শোকজ করা হয়। এই প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দুর্লভ সরকার বলেন, 'ভোটের ডিউটি এবং প্রশিক্ষণের জন্য ৫৬ জনের নামে চিঠি এসেছিল। ছয়জন ট্রেনিং নিয়েছেন এবং ডিউটি করেছেন। ৪০ জনকে শোকজ করা হয়েছিল। তাঁরা প্রত্যেকেই শোকজের জবাব দিয়েছেন।'

# সুযোগ বুঝে বাসভাড়া বৃদ্ধি

## ভোটকর্মীদের ভোগান্তি চরমে

**পঙ্কজ মহন্ত**

**বালুরঘাট, ২৮ এপ্রিল :** ভোটের ডিউটিকে কেন্দ্র করে বাসভাড়ার কালোবাজারির অভিযোগে উত্তাল দক্ষিণ দিনাজপুর। একে তো শেষমুহূর্তে নিয়োগপত্র হাতে পাওয়া, অল্প সময়ের মধ্যে দীর্ঘ পথ পাড়ি দেওয়ার চাপ। তার ওপর পরিবহণের তীব্র সংকট। সব মিলিয়ে চরম ভোগান্তির শিকার ভোটকর্মীরা। এই পরিস্থিতির সুযোগ নিয়ে বাস মালিকদের একাংশ ভাড়া কয়েকগুণ বাড়িয়ে দেওয়ায় ক্ষোভ আরও বেড়েছে। নির্ধারিত সময়ে গন্তব্যে পৌঁছোতে হিমসিম খাওয়ার পাশাপাশি অতিরিক্ত খরচের বোঝা বইতে হচ্ছে তাঁদের।

দক্ষিণ দিনাজপুর জেলা থেকে উত্তর ২৪ পরগনায় ভোটের ডিউটির জন্য প্রিসাইডিং ও পোলিং অফিসার মিলিয়ে ১৫৮ জনকে নিযুক্ত করা হয়েছে। যার জন্য তাঁদের মঙ্গলবার ওই জেলার বিভিন্ন ডিসিআরসি-তে রিপোর্ট করার কথা বলা হয়েছে। কিন্তু অভিযোগ, সোমবার দুপুর নাগাদ ভোটকর্মী হিসেবে নিয়োগের চিঠি তাঁদের হাতে পৌঁছায়। অল্প সময়ের মধ্যে প্রায় ৬০০ কিলোমিটার পথ যাত্রা করা মুশকিল হয়ে দাঁড়ায় তাঁদের পক্ষে। এদিকে, বালুরঘাট এলআইসি অফিস থেকে ৩০ জন আধিকারিক ও কর্মীর কাছে ভোটের ডিউটির চিঠি আসে। যদিও অনেক কষ্টে তাঁদের মধ্যে থেকে মাত্র সাতজন দক্ষিণবঙ্গে পৌঁছোতে পেরেছেন।

এই সমস্যার সুযোগ নিয়ে জেলার বাস মালিকরাও ভাড়া নিয়ে কালোবাজারিতে নেমেছেন। অন্য সময় ৮০০ থেকে ৯০০ টাকা গাড়ির ভাড়া থাকে। কিন্তু সোমবার রাতে বাসগুলি আড়াই হাজার থেকে শুরু করে ৩,২০০ টাকা পর্যন্ত ভাড়া নিয়েছে। অনেকেই সেই তিনগুণ ভাড়া দিয়ে দক্ষিণবঙ্গে রওনা দিয়েছেন। আবার অনেকে অতিরিক্ত ভাড়া দিতে রাজি হলেও বাসের টিকিট পাননি। তাই অগত্যা মঙ্গলবার ভোরে চিৎপুরগামী তেভাগা এক্সপ্রেসে রওনা দিয়েছেন। তাঁদের অনেককেই ট্রেনের বাথরুমের সামনে বসে যেতে হয়েছে বলে অভিযোগ।



- অন্য সময় ৮০০ থেকে ৯০০ টাকা গাড়ির ভাড়া থাকে
- কিন্তু সোমবার রাতে বাসগুলি আড়াই হাজার থেকে শুরু করে ৩,২০০ টাকা পর্যন্ত ভাড়া নিয়েছে
- অনেকেই সেই তিনগুণ ভাড়া দিয়ে দক্ষিণবঙ্গে রওনা দিয়েছেন

বালুরঘাট এলআইসি অফিস থেকে দ্বিতীয় দফার ভোটের ডিউটি পাওয়া ২৩ জন যেতে পারেননি দক্ষিণবঙ্গে। তাঁদের মধ্যে একজন গণেশ সরকার বলেন, '১৯৯৩ সাল থেকে ভোটে ডিউটি করছি। কখনও নির্বাচন কমিশন থেকে গাড়ি দেওয়া হয় না বলে দেখিনি। এবার ভোটের ডিউটি পাওয়ার পর জেলা শাসকের কাছে গাড়ির জন্য লিখিত আবেদন করা হয়েছিল। কিন্তু আমাদের নিজস্ব উপায়ে গাড়ি জোগাড় করে যেতে বলা হয়েছে। শেষমুহূর্তে ভোটের ডিউটি পড়ায় আমাদের মধ্যে অধিকাংশই যেতে পারেননি।'

এলআইসি অফিসের অনিল বর্মন নামে এক কর্মী ট্রেনের মেঝেতে বসে গিয়েছেন কলকাতায়। তিনি বলেন, 'বাসের টিকিট পাইনি। বাধ্য হয়ে ট্রেনে যেতে হচ্ছে। সকাল ৮টায় ডিসিআরসি-তে রিপোর্ট করতে বলেছিল। কিন্তু এই ট্রেন পৌঁছাবে দুপুর আড়াইটায়। এত পরে ভোটের ডিউটির অর্ডার পেয়েছি যে প্রস্তুতির সময় পাইনি।'

অন্যদিকে, বাসভাড়া নিয়ে অভিযোগে দক্ষিণ দিনাজপুর জেলার নাইট সার্ভিস বাস অ্যাসোসিয়েশনের সভাপতি রাজীব মহন্ত বলেন, 'এই মুহূর্তে নির্বাচন কমিশনের তরফে আমাদের ৩০টি বাস নেওয়া হয়েছে। এখন মাত্র সাত-আটটি বাস চলছে। বাসের ঘাটতি, তার ওপর যাত্রীসংখ্যা বৃদ্ধি। তাই ভাড়া বেড়ে গিয়েছে। তবে কলকাতা থেকে বালুরঘাটে আসার ভাড়া বাড়েনি। ৪ মে'র পরে ভাড়া কমবে।'

# মৃত্যুতে রহস্য

**মালদা, ২৮ এপ্রিল :** অগ্নিদগ্ধ হয়ে গৃহবধূর মৃত্যুতে স্বজনরা রহস্যের গন্ধ পাচ্ছেন। মৃতদেহটিকে ময়নাতদন্তে পাঠিয়ে অভিযোগের ভিত্তিতে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। মৃত গৃহবধূর নাম টুম্পা কৈবর্তা (২৩)। বাড়ি পুখুরিয়া থানার অন্তর্গত পরানপুরে। এই ঘটনায় বাপের বাড়ির সদস্যদের তরফে টুম্পার স্বামী সহ শ্বশুরবাড়ির সদস্যদের বিরুদ্ধে খুনের লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

# কাঁটাতার কেটে চোরাচালান

**কুমারগঞ্জ, ২৮ এপ্রিল :** ভারত-বাংলাদেশ সীমান্তের কুমারগঞ্জের সমজিয়া এলাকায় সোমবার রাতে ফের কাঁটাতার কাটা হয়েছে বলে অভিযোগ উঠেছে। ঘটনাকে ঘিরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। বিএসএফের তরফে কুমারগঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। স্থানীয় সূত্রে খবর, কুমারগঞ্জের একটি বড় অংশে এখনও মজবুত ফেন্সিং না থাকায় ওই অংশ দিয়েই চোরাচালান চক্র সক্রিয় রয়েছে। অভিযোগ, এই ফাঁক গলেই নিয়মিত মাদক পাচার ও অনুপ্রবেশের ঘটনা ঘটছে। দক্ষিণ দিনাজপুর জেলায় ভারত-বাংলাদেশ সীমান্তে একটা বড় অংশজুড়ে কাঁটাতার না থাকায় দীর্ঘদিন ধরেই নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠছে। এর মধ্যে সমজিয়া পঞ্চায়েতেই প্রায় সাত কিলোমিটার এলাকায় ফেন্সিং না থাকায় সমস্যা আরও গুরুতর।

বিএসএফ সন্দেহভাজন হিসেবে পাঁচজনের নাম উল্লেখ করেছে। যদিও এখনও কাউকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। কুমারগঞ্জ থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# জলপক্ষ পালন

**বৈষ্ণবনগর, ২৮ এপ্রিল :** শিক্ষা দপ্তরের নির্দেশ মেনে মঙ্গলবার মালদার বৈষ্ণবনগর ব্লকের বেদরাবাদ গ্রাম পঞ্চায়েতের দারিয়াপুর প্রাথমিক বিদ্যালয়ে 'জলপক্ষ' পালিত হল। চলতি মাসের ১৬ এপ্রিল থেকে ৩০ এপ্রিল পর্যন্ত শিক্ষা দপ্তর রাজ্যজুড়ে 'জলপক্ষ' পালনের নির্দেশ দিয়েছে। এদিন স্কুল প্রাঙ্গণে নানা সচেতনতামূলক কর্মসূচি হয়। শিক্ষকরা পড়ুয়াদের মধ্যে পরিস্রুত পানীয় জলের গুরুত্ব তুলে ধরেন ও জল সংরক্ষণ সম্পর্কে সচেতন করেন। পড়ুয়াদের ছোলা ও গুড়ের সঙ্গে পরিস্রুত পানীয় জল পরিবেশন করা হয়।

# দুর্ঘটনায় মৃত টোটোচালক

**রতুয়া, ২৮ এপ্রিল :** টোটো ও ট্র্যাক্টরের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল টোটোচালকের, আহত হয়েছেন আরও চার যাত্রী। মঙ্গলবার সকালে দুর্ঘটনাটিকে ঘিরে ব্যাপক উত্তেজনা ছড়ায় রতুয়া থানার বাহারাল শিবরামপুরে। বালি পাচারের ক্ষেত্রে অনিয়ন্ত্রিতভাবে চলাচল করছে ট্র্যাক্টর এবং যার জন্য প্রায়দিন দুর্ঘটনা ঘটছে, এমনই অভিযোগ তুলে পথ অবরোধ করেন স্থানীয়রা। ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে রতুয়া থানার পুলিশ। এদিন সকালে বাহারাল থেকে চারজন যাত্রী নিয়ে অচিনতলা হাটের উদ্দেশ্যে যাচ্ছিলেন বাহারালের বৈকণ্ঠপুর গ্রামের বাসিন্দা মিনু মিয়াঁ(৪৮)। বাহারাল-শিবরামপুর সংলগ্ন এলাকায় উলটো দিক থেকে আসা মাটিবোঝাই ট্র্যাক্টরের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয় মিনুর টোটোর। সংঘর্ষের জেরে টোটো ও ট্র্যাক্টর দুটিই রাস্তার ধারে উলটে যায়। স্থানীয়রা দ্রুত উদ্ধারকাজে নামেন। আহতদের উদ্ধার করে রতুয়া গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা টোটোচালক মিনুকে মৃত বলে ঘোষণা করেন। আহত চারজনের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁকে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। অন্যদিকে, দুর্ঘটনার প্রতিবাদে শিবরামপুরের বাসিন্দারা বাহারাল-পুখুরিয়া ১৩১-এ জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান।





# জোটের পঞ্চায়েত তৃণমূলের দখলে

**জসিমুদ্দিন আহম্মদ**

**পুরাতন মালদা, ২৮ এপ্রিল :** ভোটের আগে কংগ্রেসের আট সদস্য হাতে তুলে নিয়েছিলেন ঘাসফুলের পতাকা। নির্বাচন শেষে ওই শক্তিতেই মহিষবাথানি গ্রাম পঞ্চায়েতের দখল নিল তৃণমূল। মঙ্গলবার দুপুরে বিডিওর উপস্থিতিতে আস্থা ভোটে তৃণমূল ১৭-৫ ভোটে জয়ী হয়ে গ্রাম পঞ্চায়েতটির দখল নেয়। তবে নতুন প্রধান হলেন নির্দল থেকে তৃণমূলে যোগ দেওয়া রুম্পা রাজবংশী। পঞ্চায়েত নির্বাচনের তিন বছরের মাথায় গ্রাম পঞ্চায়েতটি দখল নিতে পারায় সবুজ আবির খেলায় মেতে ওঠেন তৃণমূল নেতা-কর্মীরা। এলাকায় একটি মিছিলও বের করা হয়।

'২৩-এর পঞ্চায়েত নির্বাচনে পুরাতন মালদার মহিষবাথানি গ্রাম পঞ্চায়েতের ২২টি আসনের মধ্যে তৃণমূল এবং কংগ্রেস পেয়েছিল আটটি করে আসন। বিজেপির ঝুলিতে গিয়েছিল পাঁচটি এবং একজন নির্দল প্রার্থী জয়ী হয়েছিলেন। সেসময় তৃণমূলকে ঠেকাতে বিজেপি, কংগ্রেস ও নির্দল হাত মিলিয়ে বোর্ড গঠন করে। প্রধান হন কংগ্রেসের নবনীতা মণ্ডল। লিপিকা ঘোষ বর্মন মালদা বিধানসভা কেন্দ্রের প্রার্থী হতেই বিরোধী গ্রাম পঞ্চায়েতগুলিকে ভাঙতে ময়দানে নামেন। মহিষবাথানির কংগ্রেসের ৮ জন এবং একমাত্র নির্দল সদস্য তৃণমূলে যোগ দেন। ফলে ১৭ সংখ্যায় পৌঁছে যাওয়ায় গ্রাম পঞ্চায়েতটি দখলে নেওয়া তৃণমূলের কাছে ছিল শুধু সময়ের অপেক্ষা।



*আস্থা ভোটে মহিষবাথানি গ্রাম পঞ্চায়েত জয়ের পর তৃণমূল নেতাকর্মীরা।*

বিধানসভা নির্বাচনের আগে এখানে থাবা বসায় তৃনমূল। বর্তমান জেলা পরিষদের সভাধিপতি তৃণমূলের

ভোট পর্ব মিটতেই অনাস্থা আনে তৃণমূল। মঙ্গলবার ছিল আস্থা প্রমাণের দিন। বিডিওর উপস্থিতিতে প্রত্যাশামতোই বিজেপিকে ১৭-৫ ভোটে পরাজিত করে তৃণমূল দখল নেয় মহিষবাথানির। সবুজ আবির মেখে তৃণমূল সমর্থকরা উল্লাসে মেতে ওঠেন। প্রধান রুম্পা বলেন, 'মালদা বিধানসভা যেমন জিতবে তৃণমূল, তেমনই মমতা বন্দ্যোপাধ্যায় চতুর্থবারের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী হচ্ছেন। আমাদের ১৭ জন সদস্য এক হয়ে এলাকার উন্নয়নে জোয়ার আনা হবে।' বিজেপির উত্তর মালদা সাংগঠনিক জেলা সভাপতি তাপস গুপ্ত বলছেন, 'বিজেপির কেউ তৃণমূলে যায়নি। কংগ্রেসের সদস্যরা তৃণমূলের কাছে বিক্রি হয়েছে। উল্লাসের কিছু নেই। ৪ তারিখের পর তৃণমূল আর এরাজ্যে থাকবে না। যাঁরা আজ নাচানাচি করছেন, তাঁরা সকলে বিজেপিতে যোগদান করবেন এবং মহিষবাথানি বিজেপির হবে।'

# ২ মহিলাকে নিগ্রহ

**পতিরাম, ২৮ এপ্রিল :** সোমবার নাজিরপুর পঞ্চায়েতের খাঁপুর এলাকায় প্রতিবেশীদের মধ্যে বচসা বাধে। অভিযোগ, ঘটনায় পিংকি দাস নামে এক মহিলা এবং তাঁর ৬৫ বছর বয়সি বৃদ্ধা শাশুড়ি শ্যামলী দাসকে মারধর করা হয়। গুরুতর আহত শ্যামলী জ্ঞান হারান। তাঁকে দ্রুত বালুরঘাট জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গিয়েছে, বাড়িতে একাই থাকতেন ওই শাশুড়ি ও বৌমা। গৃহস্থালির কাজের জন্য শ্রমিক রাখেন তাঁরা। সেই নিয়েই প্রতিবেশী সঞ্জু কোলের সঙ্গে বচসার সূত্রপাত। অভিযোগ, এরপরই অকথ্য গালিগালাজ শুরু করেন সঞ্জু। প্রতিবাদ করতেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। দুই মহিলাকে মারধর করা হয়। ইতিমধ্যে ঘটনায় পতিরাম থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।



রাজনীতি ও ছেলেবেলা।। *শিলিগুড়িতে মুহূর্তটি ক্যামেরাবন্দি করেছেন হিমাদ্রি শিখর রায়।*

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

## বিডিওর অভিযান

**কুমারগঞ্জ, ২৮ এপ্রিল :** মঙ্গলবার সকালে কুমারগঞ্জ ব্লকের সাফানগর পঞ্চায়েতের আজাদপুর এলাকায় চোরাই বালিবোঝাই একটি ট্র্যাক্টর ধরলেন সেখানকার বিডিও। ব্লক প্রশাসনের তরফে অভিযুক্তদের বিরুদ্ধে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, এলাকায় দীর্ঘদিন ধরেই অবৈধভাবে বালি উত্তোলন ও পাচারের অভিযোগ উঠছিল।

## লরির ধাক্কা

**হবিবপুর, ২৮ এপ্রিল :** সোমবার গভীর রাতে মালদা জেলার হবিবপুর ব্লকের বুলবুলচণ্ডী রেলস্টেশন সংলগ্ন এলাকায় রেলব্রিজের নীচে হাইটবারে সজোরে ধাক্কা মারে মালবোঝাই একটি লরি। ঘটনায় ওই হাইটবারের একাংশ ভেঙে পড়েছে। অন্য অংশটি বিপজ্জনক অবস্থায় ঝুলছে। রাতের নির্জনতার কারণে বড় বিপর্যয় এড়ানো গেলেও আতঙ্ক রয়েছে।

## দুর্ঘটনায় মৃত ১

**সামসী, ২৮ এপ্রিল :** রতুয়া-২ ব্লকের সামসী-মাগুরা জাতীয় সড়কের লস্করপুর পেট্রোল পাম্প সংলগ্ন এলাকায় মঙ্গলবার ভোর পাঁচটা নাগাদ একটি পথ দুর্ঘটনায় এক মহিলার মৃত্যু হয়। মৃতের নাম আলেফা বিবি (৫০)। বাড়ি চাঁচল-২ ব্লকের চন্দ্রপাড়া গ্রাম পঞ্চায়েতের পুরাতন খানপুর ঘাট এলাকায়।

# কলঙ্ক মুছতে চায় মোজমপুর

## ঘুরে দাঁড়ানোর স্বপ্ন দেখে 'ব্রাউন সুগারের স্বর্গরাজ্য'

**সেনাউল হক**

**কালিয়াচক, ২৮ এপ্রিল :** ক্ষমতায় যে দল আসুক, বদনাম ঘুচুক মোজমপুরের। কলঙ্কমুক্ত হোক কালিয়াচক। ন্যূনতম পরিষেবা পাওয়ার আশায় যখন সাধারণ মানুষ ভোটের লাইনে দাঁড়ান, তখন ভোট শেষে কেন বদনাম ও কলঙ্কের কথা কালিয়াচকের মোজমপুরে? আসলে 'ব্রাউন সুগারের স্বর্গরাজ্য' থেকে বের হতে চাইছেন মোজমপুরের সাধারণ মানুষ। কিন্তু তা কি সম্ভব? এমন প্রশ্ন উঠেছে রবিবার পাগলা নদীর ধারের লিচু বাগান থেকে কয়েক কোটি টাকার মাদক ও মাদক তৈরির উপকরণ বাজেয়াপ্ত হওয়ায়। পুলিশি অভিযানে এক তরুণ গ্রেপ্তার হয়েছে বটে, কিন্তু ঘটনায় স্পষ্ট, নির্বাচন উত্তর মাদক কারবার মাথাচারা দিয়ে উঠেছে এখানে। যে কারণেই নতুন সরকারের কাছে কলঙ্কমুক্তির আর্জি মোজমপুরের।

মাদক কারবারে মোজমপুরের কুখ্যাতি রাজ্য তো বটেই, দেশজুড়ে। যে কারণে ভোট প্রচারে এসে মাদক কারবার নিয়ে উদ্বেগ প্রকাশ করার পাশাপাশি এক্ষেত্রে কালিয়াচকের নাম উল্লেখ করেছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। অভিজিৎ বন্দ্যোপাধ্যায় মালদার পুলিশ সুপার থাকাকালীন কার্যত গ্রামছাড়া হয়েছিল কারবারিরা। ভোটের জন্য কেন্দ্রীয় বাহিনীর নিয়মিত টহলদারিতে কারবার আর মাথাচারা দিয়ে উঠতে পারেনি। কিন্তু ভোট শেষ হতেই, সক্রিয় হয়ে উঠছে কারবারিরা, প্রমাণ মিলেছে রবিবারের ঘটনায়। নতুন করে চিন্তায় পড়েছেন মোজামপুরের বাসিন্দারা। তাঁরা বুঝতে পারছেন, কারবারকে কেন্দ্র করে ফের অশান্ত হবে গ্রাম। চলবে পুলিশি অভিযান এবং ধরপাকড়। গ্রাম থেকে হারিয়ে যাবে শান্তি। তাই ভোট শেষে মাদকের গ্রাস থেকে মুক্তি চাইছে মোজমপুর। পেশায় ব্যবসায়ী আলতাফ শেখ বলছেন, 'সামান্য কিছু দুষ্কৃতীর জন্য মোজমপুরের বদনাম হচ্ছে। সকলের চোখে পড়ছে মাদক। নানাভাবে অবহেলিত আমাদের গ্রাম।'



> সামান্য কিছু দুষ্কৃতীর জন্য মোজমপুরের বদনাম হচ্ছে। সকলের চোখে পড়ছে মাদক। নানাভাবে অবহেলিত আমাদের গ্রাম।
>
> **আলতাফ শেখ** ব্যবসায়ী

আলতাফ ভুল বলেননি, গ্রামের রাস্তায় পা রেখে স্পষ্ট হয়েছে। মোজমপুর স্ট্যান্ড থেকে উত্তরদিকে যাওয়া রাস্তা ধরে দুই কিলোমিটার চললেই নারায়ণপুর গ্রাম। গ্রামের প্রতিটি রাস্তা বেহাল। হারুচক থেকে কিসমতপুর হয়ে নারায়ণপুর মোড় পর্যন্ত রাস্তা খানাখন্দে ভরা। কিসমতপুরের নাজির শেখের অভিযোগ, 'এক বছরের বেশি সময় ধরে রাস্তা বেহাল। হেঁটে যাওয়ার উপায় নেই। কিন্তু নেতা-নেত্রী অথবা প্রশাসন, কারও নজর নেই।' গ্রামের শেষে বিশাল আকারের নারায়ণপুর ঢাব। বছরভর মাছ চাষ হয়। বামফ্রন্টের আমলে ঢাবের বেশিরভাগ অংশ বাঁধাই করা হয়েছিল। তারপরে আর কেউ গুরুত্ব দেয়নি। নারায়ণপুর ও শ্রীরামপুর গ্রামের মানুষ দীর্ঘদিন ধরে ঢাবের ওপর সেতুর দাবি জানাচ্ছেন, এবারের ভোটের আগেও দাবি তুলেছেন। কেননা, সেতুর অভাবে পাঁচ কিলোমিটার ঘুরপথে চলতে হয় এক গ্রাম থেকে অন্য গ্রামে যেতে। কিন্তু গুরুত্বপূর্ণ দাবিও গুরুত্ব পায় না। নারায়ণপুরে রয়েছে একটি স্বাস্থ্যকেন্দ্র। কেন্দ্রটি নিয়ে ক্ষোভের শেষ নেই। আজিজুল শেখ বললেন, 'জালুয়া বাধাল ও মোজমপুরের মানুষ এই স্বাস্থ্যকেন্দ্রে আসেন। কিন্তু রাস্তাঘাট যেমন বেহাল, তার থেকেও বেহাল দশা এই স্বাস্থ্যকেন্দ্রের। নেই চিকিৎসক, নার্স। থাকার মধ্যে দুজন ফার্মাসিস্ট। সাধারণ ডায়ারিয়াতেও ছুটতে হয় কালিয়াচক।' পানীয় জলের সমস্যা থেকেও মুক্ত নয় মোজমপুর। এমন নানা সমস্যার কথা বলছেন আকরামুল শেখ, মোজাফফর হোসেনরা।

কিন্তু সকলেই চাইছেন আগে বন্ধ হোক মাদক কারবার।

# স্কুলে বিজ্ঞান বিভাগ চালু, মিষ্টি বিলি

## আশার আলো দেখছেন শিক্ষকরা

**এম আনওয়ারউল হক**

**বৈষ্ণবনগর, ২৮ এপ্রিল :** আর দিনকয়েক বাদে রাজ্যে মাধ্যমিকের ফলপ্রকাশ। তার আগেই পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক কাউন্সিলের তরফে একাদশ-দ্বাদশে বিজ্ঞান বিভাগের মান্যতা পেল শেরশাহীর হাজী ওমর আলি স্মৃতি বিদ্যালয়। মঙ্গলবার এই খবরে খুশির আমেজ দেখা গিয়েছে স্কুলের শিক্ষক ও অভিভাবক মহলে।

এতদিন আলিপুর-২ গ্রাম পঞ্চায়েতের এই একমাত্র উচ্চবিদ্যালয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে শুধুমাত্র কলা বিভাগই চালু ছিল। ফলে এলাকার বহু মেধাবী পড়ুয়া আর্থিক অসুবিধার কারণে দূরের স্কুলে বিজ্ঞান নিয়ে পড়তে যেতে পারত না। বাধ্য হয়ে কলা বিভাগ বেছে নিতে হত তাদের। যা দীর্ঘদিন ধরে অভিভাবক ও শিক্ষকদের চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছিল। এই সমস্যার সমাধানে এগিয়ে আসেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষক মহম্মদ শাহাবুদ্দিন। তাঁর উদ্যোগে পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক কাউন্সিলের কাছে ধারাবাহিকভাবে আবেদন ও যোগাযোগ করা শুরু হয়। শাহাবুদ্দিনের কথায়, 'এলাকার পড়ুয়াদের দীর্ঘদিনের দাবি ছিল বিজ্ঞান বিভাগ চালুর। আমরা সেই লক্ষ্যেই কাজ করেছি। অবশেষে কাউন্সিলের অনুমোদন পাওয়ায় খুবই খুশি।'

স্কুল সূত্রে খবর, বর্তমানে স্কুলটিতে প্রায় ১৪০০ জন পড়ুয়া পড়াশোনা করে। স্থায়ী শিক্ষকের সংখ্যা ২২ জন। এছাড়াও রয়েছেন দুজন পার্শ্বশিক্ষক এবং কয়েকজন আংশিক সময়ের শিক্ষক। তবে বিজ্ঞান বিভাগের জন্য প্রয়োজনীয় শিক্ষক রয়েছেন বলেই দাবি স্কুল কর্তৃপক্ষের। স্কুলের করণিক হাবিবুর রহমানের সঙ্গে কথা বলে জানা গেল, অনেকদিন ধরেই এই বিষয়ে চেষ্টা চলছিল। এতে এলাকার শিক্ষাব্যবস্থার মান আরও উন্নত হবে।

এদিন স্কুলে বিজ্ঞান বিভাগ চালুর খবর ছড়িয়ে পড়তেই এলাকার বিভিন্ন জায়গায় মিষ্টি বিতরণ করেন অভিভাবক-অভিভাবিকারা। তাঁদের দাবি, এই বিদ্যালয়েই অনুশাসনের মধ্যে দিয়ে সঠিকভাবে পড়াশোনা হয়। অভিভাবক মহম্মদ আশরাফুল হকের কথায়, 'আমাদের এলাকায় অনেক ছেলেমেয়ে নার্সিং পড়তে চায়। কিন্তু তার জন্য উচ্চমাধ্যমিকে বিজ্ঞান বিভাগ প্রয়োজন। আর্থিক সমস্যার কারণে অনেকেই সেই সুযোগ পেত না। এখন সেই স্বপ্ন পূরণ হওয়ায় অনেকে উপকৃত হবে।' একই বক্তব্য আরেক অভিভাবক সালাউদ্দিন মোমিনেরও। তিনি বলছেন, 'এখন আমাদের সন্তানরা নিজের এলাকাতেই বিজ্ঞান নিয়ে পড়তে পারবে—এটাই সবচেয়ে বড় স্বস্তির।'



*শেরশাহীর হাজী ওমর আলি স্মৃতি বিদ্যালয়ে এখন খুশির আমেজ।*



*মাছ ধরার প্রস্তুতি। মঙ্গলবার বালুরঘাটে মাজিদুর সরদারের তোলা ছবি।*

# বঞ্চনার দলিল সামসী স্টেশনপাড়া

**মুরতুজ আলম**

**সামসী, ২৮ এপ্রিল :** গ্রামে যেন একরাশ হতাশার ছবি। পাকা রাস্তা নেই। জমির সরু আল দিয়ে চলাচল করছেন মানুষ। মাত্র দুটি নলকূপ রয়েছে। তা থেকে পড়ছে আয়রনযুক্ত জল। বিকেল গড়িয়ে যাওয়ার পর গ্রাম আঁধারে ডুবে থাকে। পথই নেই, তাই পথবাতিও নেই। অথচ তাঁরা ভোটার। ভোটের আগে তাঁদের খুব কদর। গ্রামে নেতা আসেন, হাসিমুখে প্রতিশ্রুতি দেন, আর ভোট মিটতেই সেসব ভুলে যান। তাই আর রাজ্য সরকারের 'উন্নয়ন' ঢোকে না সামসী স্টেশন লাগোয়া পিছিয়ে পড়া শেরশাবাদিয়া মুসলিম জনগোষ্ঠীর এই ছোট্ট বসতিতে।

গ্রামে গিয়ে জানা গেল, প্রায় ৪০টি পরিবারের বসবাস সেখানে। সবমিলিয়ে প্রায় ২৫০ মানুষ রয়েছেন। কিন্তু স্বাধীনতার এত বছরেও মৌলিক পরিষেবা থেকে গ্রামটি বঞ্চিত। কথা হচ্ছিল ৭৫ বছর বয়সি আবু বাক্কারের সঙ্গে। সেই প্রবীণের চোখে বঞ্চনার ছবিটা ভীষণ স্পষ্ট। আক্ষেপের সঙ্গে বললেন, 'গ্রামে সবচেয়ে বড় সমস্যা যাতায়াতের। গ্রামে ঢোকার সরকারি রাস্তা নেই। একে অপরের জমির সরু আল দিয়ে চলাফেরা করতে হয়। অ্যাম্বুল্যান্স তো দূরের কথা, চার চাকার গাড়িই গ্রামে ঢুকতে পারে না। ফলে মুমূর্ষু রোগীকে হাসপাতালে নিয়ে যেতে চরম ভোগান্তি হয়। কেউ মারা গেলে সরু আল পথে খাটিয়া করে কবরস্থানে নিয়ে যেতে হয়, যা একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে দুর্ভাগ্যজনক।'



- স্বাধীনতার এত বছরেও মৌলিক পরিষেবা থেকে গ্রামটি বঞ্চিত
- গ্রামে ঢোকার সরকারি রাস্তা নেই
- মাত্র দুটি নলকূপ থাকলেও তা থেকে আয়রনযুক্ত জল পড়ে

গৃহবধূ আনোয়ারা বিবি বলেন, 'সরকারি উদ্যোগে পরিস্রুত জলের ব্যবস্থা নেই। বেসরকারি উদ্যোগে বসানো দুটি নলকূপ থাকলেও সেগুলিতে ঠিকমতো জল ওঠে না। আয়রনযুক্ত জলপান করে অনেকে পেটের অসুখে ভুগছেন। তাই অনেক দূর থেকে জল আনতে হয়।'

গ্রামের বাসিন্দা বানি ইসরাইল বলেন, 'আমরা বহু বছর ধরে শুধু আশ্বাসই শুনে আসছি। গ্রামে বিদ্যুৎ থাকলেও নেই উচ্চ বাতিস্তম্ভ। সন্ধ্যার পর অন্ধকারে ডুবে যায় গোটা এলাকা।'

কলেজ পড়ুয়া নুর আলম বলেন, 'গ্রামে ন্যূনতম রাস্তা নেই। অসুস্থ হলে হাসপাতালে পৌঁছানো বড় চ্যালেঞ্জ।' নবম শ্রেণির ছাত্রী নাসরিন জানায়, 'বর্ষায় স্কুলে যেতে সমস্যা হয়। আমাদের ভালো রাস্তা আর আলো দরকার, যাতে নিরাপদে পড়াশোনা করতে যেতে পারি।' গ্রামের ষষ্ঠ শ্রেণির আরেক ছাত্রী সাহিদা খাতুনের বক্তব্য, 'রাতে গ্রামটি খুব অন্ধকার থাকে। ভয়ও লাগে। আমরা চাই, অন্য গ্রামের মতো আমাদের গ্রামেও উচ্চ বাতিস্তম্ভ বসুক।' গৃহবধূ রোশনারা খাতুন ও মাসরেফা খাতুন বলেন, 'পাকা রাস্তা, পরিস্রুত জল আর পথবাতি। এতটুকু হলে আমাদের জীবন সহজ হয়ে যাবে।'

এলাকার জেলা পরিষদ সদস্য ফজলুল হক অবশ্য বলেন, 'ওই গ্রামের জন্য কিছু প্রকল্প ধরা আছে। এখনও নির্বাচনি আচরণবিধি কার্যকর রয়েছে। তাই কিছু করা সম্ভব নয়।' যদিও এই পাঁচ বছরে কেন কোনও পদক্ষেপ করা হয়নি, তাঁর জবাব তিনি দিতে পারেননি।

# অঙ্কের জটে জটিল ভোটের হার

**অরিন্দম বাগ**

**মালদা, ২৮ এপ্রিল :** শতকরা অঙ্ক আর সরল পাটিগণিতের হিসেব ধরলে কিন্তু মালদা জেলায় ভোটের অঙ্ক মেলানো মুশকিল। গত ২৩ এপ্রিল মালদা জেলার ১২টি বিধানসভা আসনে ভোটদানের হার ৯০ শতাংশ ছাপিয়ে গেলেও যদি ভোটারের সংখ্যা বাড়ার হিসেব কষতে বসেন, তবে তা খুব একটা চোখধাঁধানো নয়। কেন? কারণ এর পিছনেও রয়েছে সেই এসআইআর-এর খেলা।

গত লোকসভা নির্বাচনে মালদা জেলায় মোট ভোটার ছিলেন ৩১ লক্ষ ৫৯ হাজার ১৩০। সেবার জেলাজুড়ে মোট ভোট পড়েছিল ২৪ লক্ষ ৯ হাজার ৫৬৫। চলতি বিধানসভা নির্বাচনে ভোটার সংখ্যা কমে দাঁড়িয়েছে ২৭ লক্ষ ৯১ হাজার ৭৮৩-তে। এবার ভোট পড়েছে ২৬ লক্ষ ৪৬ হাজার ৩৪২। অর্থাৎ, গত লোকসভা নির্বাচন থেকে এবার মাত্র ২ লক্ষ ৩৬ হাজার ৭৭৭টি ভোট বেশি পড়েছে। অথচ ২০২৪ সালের লোকসভা নির্বাচনের তুলনায় ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে মালদা জেলায় গড়ে ভোটের হার বেড়েছে ১৮.৫২ শতাংশ।

এ তো গেল জেলার সামগ্রিক ছবি। বিধানসভা আসন ধরে ধরে পর্যালোচনা করলেও মোটের ওপর একই ছবি ধরা পড়ে। ইংরেজবাজার বিধানসভা কেন্দ্রের কথাই ধরা যাক। সেখানে গত লোকসভা ভোটের তুলনায় এবার ভোটার সংখ্যা বেড়েছে হাজার দুয়েক। অথচ শতাংশের হিসেবে ভোটের হার এক লাফে ১৩.৪৬ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ৯২.৬৮ শতাংশে। কেন? কারণ, লোকসভা ভোটের সময় মোট ভোটার ছিলেন ২ লক্ষ ৮৭ হাজার ৮৭১ জন। এবার এসআইআর-এ নাম বাদ গিয়ে সেই সংখ্যাটা হয়েছে ২ লক্ষ ৪৯ হাজার ১৪২ জন। প্রায় ৩৯ হাজার ভোটার বাদ গিয়েছেন। মোট ভোটারের সংখ্যা কমলে শতকরা হার তো বাড়বেই। যদি এতগুলো নাম বাদ না যেত, তাহলে কিন্তু গতবারের তুলনায় ভোটের হার বাড়ত মাত্র ০.৯৯ শতাংশ।

বাস্তবে ভোটার সংখ্যা বৃদ্ধির এই অঙ্ক কষলে মালদা বিধানসভায় ভোটের হার আসলে বেড়েছে ৪.৩৮ শতাংশ, বৈষ্ণবনগরে ৪.৪৯ শতাংশ। রতুয়ায় ৫.৫৭ শতাংশ, গাজোল বিধানসভায় ৭.৫৩ শতাংশ, মোথাবাড়িতে ১.৮৮ শতাংশ এবং মালতীপুরে ৮.১০ শতাংশ ভোটের হার বেড়েছে। অন্যদিকে মানিকচক, হরিশ্চন্দ্রপুর, সুজাপুর বিধানসভা এলাকায় যথাক্রমে ৯.৮৭ শতাংশ, ৯.৯০ শতাংশ ও ৯.৯৪ শতাংশ ভোটের হার বেড়েছে।

তবে চাঁচল ও হবিবপুরে এবার বাস্তবে ভোটার সংখ্যা অনেকটাই বেড়েছে। চাঁচল বিধানসভা কেন্দ্রে গত লোকসভা নির্বাচনে ভোটার ছিল ২ লক্ষ ৫৭ হাজার ৯৮৫ জন। সেই সময় ভোট পড়েছিল ১ লক্ষ ৯০ হাজার ৩৪৭টি। চলতি বিধানসভা নির্বাচনে ওই কেন্দ্রে ভোটার রয়েছেন ২ লক্ষ ৪৪ হাজার ৪২৮ জন। এবারে ভোট পড়েছে ২ লক্ষ ৩৩ হাজার ৫২৫টি। একইভাবে হবিবপুরে ভোটার ছিলেন ২ লক্ষ ৫৮ হাজার ২২৮ জন। সেই সময় ভোট পড়েছিল ১ লক্ষ ৯৯ হাজার ৩৫৯টি। চলতি বিধানসভা নির্বাচনে ওই এলাকার ভোটার ২ লক্ষ ৩৮ হাজার ২৩১ জন। এবারে ভোট পড়েছে ২ লক্ষ ২৬ হাজার ৪৭টি।



- মোট ভোটদাতার সংখ্যায় সামগ্রিকভাবে সেই আকাশছোঁয়া লাফ লক্ষ করা যায়নি
- ২০২৪ সালের লোকসভা নির্বাচনের তুলনায় ২০২৬ সালে মালদা জেলায় গড়ে ভোটের হার বেড়েছে ১৮.৫২ শতাংশ
- গত লোকসভা নির্বাচনের তুলনায় মোট ভোটারের হিসেব অনুযায়ী এবারে ভোটের হার বেড়েছে মাত্র ৭.৫০ শতাংশ

## ইলেক্ট্রিক পোল ভেঙে বিপত্তি

**হবিবপুর, ২৮ এপ্রিল :** ইলেক্ট্রিক পোল ভেঙে রাতভর বিদ্যুৎহীন থাকল এলাকা। মালদা জেলার হবিবপুরের বুলবুলচণ্ডী ধর্মশালা সংলগ্ন রাজ্য সড়কের পাশে ঘটনাটি ঘটেছে। সোমবার গভীর রাতে একটি ইলেক্ট্রিক পোল ভেঙে যায়। পোল ভেঙে বিদ্যুতের তার ছিঁড়ে যাওয়ায় এলাকা বিদ্যুৎহীন হয়ে পড়ে। অন্ধকারে ডুবে যায় গোটা এলাকা। খবর পেয়ে রাতেই বিদ্যুৎ দপ্তরের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান ও ভাঙা পোল, ছেঁড়া বৈদ্যুতিক তারের মেরামতির কাজ শুরু করেন। তবে রাতভর বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করা সম্ভব হয়নি। অবশেষে মঙ্গলবার সকালে পরিষেবা স্বাভাবিক হয়।

## নাবালিকা উদ্ধার

**কুশমণ্ডি, ২৮ এপ্রিল :** বাড়ি থেকে পালিয়েও শেষরক্ষা হল না। রবিবার থেকে নিখোঁজ ছিল ধূপগুড়ির এক নাবালিকা। সোমবার তাকে উদ্ধার করে কুশমণ্ডি থানার পুলিশ। থানার আইসি তরুণ সাহা জানিয়েছেন, কুশমণ্ডির এক নাবালিকা বাড়ি থেকে বেরিয়ে আর ফিরে না আসায় তার বাবা লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে সোমবার ধূপগুড়ি থেকে ওই নাবালিকাকে উদ্ধার করা হয়। অপহরণের অভিযোগে এক তরুণকেও গ্রেপ্তার করা হয়েছে। মঙ্গলবার গঙ্গারামপুর মহকুমা আদালতে তোলা হলে ওই তরুণের পাঁচদিনের জেল হেপাজতের নির্দেশ দেয় আদালত।

## জখম চালক

**কালিয়াচক, ২৮ এপ্রিল :** ট্র্যাক্টর উলটে গুরুতর জখম চালক। ট্র্যাক্টরচালকের নাম মিজান শেখ (৩০)। বাড়ি কালিয়াচক থানার বামনগ্রাম-মোসিমপুর পঞ্চায়েতের মোসিনপুর গ্রামে। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে প্রথমে সুজাপুর স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁকে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করে দেওয়া হয়। মঙ্গলবার দুপুরে মোসিমপুরের চামার মাঠে ট্র্যাক্টরে মাটি ভর্তি করতে যাচ্ছিলেন ওই চালক। সেই সময় সেটি নিয়ন্ত্রণ হারিয়ে উলটে যায়। ট্র্যাক্টরের নীচে চাপা পড়ে যান মিজান শেখ। তাঁর মাথায় ও বুকে প্রচণ্ড আঘাত লাগার ফলে মুখ দিয়ে রক্ত বের হতে শুরু করে। তাঁর অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন চিকিৎসকরা।

## মাছ ধরা বন্ধ

**হরিরামপুর, ২৮ এপ্রিল :** হরিরামপুর ব্লকের বৈরহাট্টা পঞ্চায়েতের একটি সরকারি পুকুরের মাছ ধরা বন্ধ করলেন ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের হরিরামপুর ব্লকের আধিকারিক দীপঙ্করকুমার রায়। ঘটনাটি মঙ্গলবার বৈরহাট্টা পঞ্চায়েত এলাকায় ঘটেছে। বিএলএলআরও বলেন, 'ওই পুকুর চাষ করবার জন্য কাউকে সরকারিভাবে লিজ দেওয়া হয়নি। পুকুরে মাছ ধরা চলছে খবর পেয়ে, হরিরামপুর থানার পুলিশ নিয়ে পুকুরপাড়ে যাই। ওই পুকুরেই আবার মাছগুলো ছেড়ে দিয়েছি।'

## বাউল উৎসব

**বালুরঘাট, ২৮ এপ্রিল :** কোচবিহার, উত্তর দিনাজপুর, মালদা সহ বিভিন্ন জেলার শিল্পীদের নিয়ে বাউল উৎসবে মেতে উঠলেন বালুরঘাটবাসী। ভারত-বাংলাদেশ সীমান্তে চকরাম নব মিলন সংঘের উদ্যোগে মঙ্গলবার পুজোর পাশাপাশি বিরাট মেলার আয়োজিত হয়েছে।

# ৯ কিমি যেতে হাজার টাকা টোটো ভাড়া

**কল্লোল মজুমদার**

**মালদা, ২৮ এপ্রিল :** টোটোচালক শম্ভু রজকের সঙ্গে দরাদরি করছিলেন মালদা শহরের ঝলঝলিয়ার বাসিন্দা শিবনাথ ভাদুড়ি। শিবনাথের বাড়ির পাঁচজন যাবেন জহুরাতলায়। তাঁদের বাড়ি থেকে মন্দিরের দূরত্ব বড়জোর ৯ কিলোমিটার। 'সকাল সকাল যাব। কত নিবি? বল...।' শম্ভু একটু ভেবে বলে ওঠেন, 'হাজার টাকা দেবেন...।' দর শুনে আঁতকে উঠলেন শিবনাথ। ফের বলে ওঠেন, 'এত কেন?' শম্ভুর সাফ জবাব, 'আপনি তো রিজার্ভ করছেন। যাওয়া-আসা এক ঘণ্টা। পুজোর লাইনে আরও দু'ঘণ্টা। মেলা ঘুরতে এক ঘণ্টা। সবমিলিয়ে পাঁচ ঘণ্টার কমে মেলা ঘুরে আসা যায় না। আমার সারাটা দিন চলে যাবে। আর কোনও ভাড়া তুলতে পারব না।' তাঁর সংযোজন, 'দিনে দিনে সবকিছুর দাম বেড়ে যাচ্ছে, সংসার চালানো দায় হয়ে উঠেছে।'

এরই মধ্যে শিবনাথ আবার বলে ওঠেন, '৫০০ টাকা দেব। চল চল...।' রাজি হয় না শম্ভু। এভাবে দরাদরি করতে করতে ৭০০ টাকায় ফাইনাল হয়ে যায়। শেষে শম্ভু মাথা নেড়ে বলে ওঠেন, 'লোকসান হয়ে গেল আমার।'

মালদা শহর সংলগ্ন ভারত-বাংলাদেশ সীমান্তে শুরু হয়েছে জহুরাচণ্ডীর মেলা। প্রতিবছর বৈশাখ মাসের শনি এবং মঙ্গলবার জেলার বিভিন্ন প্রান্ত থেকে তো বটে, অন্য জেলার পুণ্যার্থীরাও ভিড় জমান। পুজো উপলক্ষ্যে সীমান্তবর্তী এই গ্রামে বসে মেলা। আর সেখান থেকে লক্ষ্মীলাভের জন্য একেকজন একেকরকম পথ বেছে নেন। কেউ মন্দির চত্বরে বসিয়েছেন লুচি-তরকারির দোকান, কেউ বা জলের দোকান। জহুরা মায়ের ছবির সঙ্গে বিক্রি হচ্ছে পুজোর সামগ্রীও। অন্যদিকে, টোটোচালকরাও যে যাঁর মতো দর হাঁকাচ্ছেন ভক্তদের থেকে।

মঙ্গলবার মেলা প্রাঙ্গণে দেখা হল সদরঘাট মোড়ের বাসিন্দা অনিমেষ দত্তের সঙ্গে। জিজ্ঞাসা করতেই তিনি বললেন, 'আমরা টোটো করে পাঁচজন এসেছি পুজো দিতে। মন্দির প্রাঙ্গণে পৌঁছে দিতে মাথাপিছু ৫০ টাকা করে নিয়েছে। রিজার্ভ করলে অনেক খরচ পড়ে যাচ্ছে। ফেরার সময় এখান থেকে যা পাব তাতেই ফিরব।'



*জহুরাতলায় মন্দিরের সামনে ভক্তদের ভিড়।*

> টোটো করে পাঁচজন এসেছি পুজো দিতে। মন্দির প্রাঙ্গণে পৌঁছে দিতে মাথাপিছু ৫০ টাকা করে নিয়েছে। রিজার্ভ করলে অনেক খরচ পড়ে যাচ্ছে।
>
> **অনিমেষ দত্ত** সদরঘাট মোড়ের বাসিন্দা

মন্দির প্রাঙ্গণে দাঁড়িয়ে ছিলেন মালদা শহরের আরেক প্রবীণ বাসিন্দা অনুপ সাহা। বয়স আশির কোঠায়। কীসে এলেন, প্রশ্ন করতেই বৃদ্ধের চোখটা ছলছল করে উঠল। বলে উঠলেন, 'সব পালটে গিয়েছে বাবা, সবই।' কেন কী দেখে বলছেন আপনি? জানালেন, ছোট থেকে প্রতিবছর জহুরাতলায় আসেন। কয়েক বছর আগেও এসেছিলেন টাঙা করে। বললেন, 'আম বাগানের মধ্যে দিয়ে টাঙায় চেপে মন্দিরে আসার মধ্যে একটা নস্টালজিক ব্যাপার ছিল। টাঙাওয়ালা হাতের ছড়ি দিয়ে চাকায় ধরে থাকতেন। আর একটা শব্দ হত। আজ আর সেই শব্দ শোনা যায় না।'

বাবার এই কথা শুনে পাশে দাঁড়িয়ে থাকা ছেলে বিজয় সাহা জানালেন, বছর তিনেক আগেও মকদুমপুরের ফুলবতীর কাছে জহুরাতলায় যাওয়ার টাঙা পাওয়া যেত। আগেরদিন বিজয় অনেক খোঁজ করেছেন। কিন্তু টাঙার দেখা মেলেনি। অগত্যা টোটো করেই আসতে হল।

# প্রেমিক সহ স্ত্রীকে পাকড়াও

**হিলি, ২৮ এপ্রিল :** সোমবার বিকালে বালুরঘাট স্টেশন থেকে এক বধূ ও তাঁর উত্তরপ্রদেশের প্রেমিককে পাকড়াও করেন ওই বধূর স্বামী। এরপর তিনি তাঁদের হিলি থানার একটি গ্রামে এনে গাছে বেঁধে পঞ্চায়েত সদস্য সহ পাড়ার মানুষ ডেকে তাঁর স্ত্রীর সঙ্গে ওই তরুণের প্রেমের সম্পর্কের দাবি করেন। শুধু তাই নয়, তিনি বধূর সঙ্গে তাঁর প্রেমিকের বিয়ে দিতে উদ্যত হন। সেই সময়ই ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। বধূ ও তরুণকে উদ্ধার করে হিলি থানায় নিয়ে যায়। এ প্রসঙ্গে হিলি থানার আইসি তমাল দাস জানান, মঙ্গলবার সকাল পর্যন্ত কোনও লিখিত অভিযোগ দায়ের না হওয়ায় বধূকে তাঁর পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। সেইসঙ্গে উত্তরপ্রদেশের তরুণের বিরুদ্ধে আইনি পদক্ষেপ করা হয়েছে। ওই বধূর স্বামীর বক্তব্য, 'বছর তিনেক আগে আমরা বিয়ে করেছিলাম। আমি ওর দ্বিতীয় পক্ষের স্বামী। ভিন্নরাজ্যে কাজ করতাম সেখানে আমার স্ত্রীর সঙ্গে ওই তরুণের প্রেমের সম্পর্ক তৈরি হয়। গতকাল বিকালে ওরা দুজনে পালিয়ে যাচ্ছিল। তখন বালুরঘাট স্টেশন থেকে ওদের ধরে এনেছিলাম। পুলিশ পরে নিয়ে গিয়েছে। আমি ওর সঙ্গে সংসার করব না।'



## ভোটের মুড়ি

ভোটের আগের দিন ভবানীপুরের স্থানীয় মানুষদের সঙ্গে ঝালমুড়ি খেলেন শুভেন্দু অধিকারী। নিজে খেলেন অন্যদেরও খাওয়ালেন। এদিন কালীঘাটের মন্দিরে পুজোও দেন তিনি।




## বিএলও ধৃত

ভোটের আগে ভোটারদের শাড়ি, টাকা বিলির অভিযোগে গ্রেপ্তার করা হল উত্তর ২৪ পরগনার বাগদার এক বিএলওকে। বিজেপির অভিযোগ, বিএলওকে দিয়ে এই কাজ করাচ্ছে তৃণমূল। অভিযোগ অস্বীকার তৃণমূলের।



## পোস্টারে বিতর্ক

মঙ্গলবার সকাল থেকে গাইঘাটা বিধানসভার একাধিক এলাকায় পোস্টার পড়ল বিজেপি প্রার্থী সুব্রত ঠাকুরের বিরুদ্ধে। তৃণমূলের দাবি, এই ঘটনা বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব। বিজেপির অভিযোগ, এটি তৃণমূলের কারসাজি।



## শা'র নামে মামলা

বিশেষ ধর্মের মানুষের উদ্দেশ্যে উস্কানিমূলক মন্তব্যের অভিযোগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা'র অভিযোগে হাইকোর্টে মামলা দায়ের হল। অভিযোগ, নির্বাচনি আদর্শ আচরণ বিধি লঙ্ঘন করেছেন তিনি।

## ববিকেও হুমকি আধা সেনার

**কলকাতা, ২৮ এপ্রিল :** সোমবার গভীর রাতে কলকাতার মহানাগরিক তথা কলকাতা বন্দরের তৃণমূল প্রার্থী ফিরহাদ (ববি) হাকিমের বাড়িতে গিয়ে কেন্দ্রীয় বাহিনী এবং পুলিশ পর্যবেক্ষকের বিরুদ্ধে তাঁকে ধমকানোর অভিযোগ উঠল। কোনওরকম অশান্তি হলে বুঝে নেওয়া হবে বলেও হুমকি দেওয়া হয়েছে। ববির দাবি, 'নকশাল আমলে এমন দেখেছিলাম। সেইসময় বাড়িতে বাড়িতে তল্লাশি চালানো হত। হুমকি দিয়ে বলা হয়েছে কিছু হলে বুঝে নেওয়া হবে। চেতলায় কোনওদিন অশান্তি হয়নি। আমাকে ধমকাচ্ছে।'

ববি বলেন, 'আমি কি রিগিং করেছি? কোনওদিন বন্দুক, ছুরি চালিয়েছি? আমাকে এসে চমকাচ্ছে। মানুষ বিষয়টি ভালোভাবে নেবে না।' অভিযোগ, সোমবার রাতে রাজ্যের



বিদায়ি মন্ত্রীর বাড়িতে যান কেন্দ্রীয় বাহিনীর জওয়ান ও পুলিশ পর্যবেক্ষক। ফিরহাদ বলেন, 'আমাকে ডেকে বলা হয়, এলাকায় যেন কোনও সমস্যা না হয়। এজেন্টদের বসতে বাধা না দেওয়া হয়। নাহলে বুঝে নেওয়া হবে। আমি জানাই, চেতলায় কোনও ঝামেলা হয় না। তখন বলা হয়, না হলেই ভালো। নয়তো বুঝে নেওয়া হবে।'

কলকাতায় যাতে সুষ্ঠুভাবে ভোট হয় তার জন্য ২৭৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। ববি হাকিমের কথায়, 'এই কেন্দ্রীয় বাহিনীর অতিসক্রিয়তা বিজেপির পক্ষে ক্ষতিকর হচ্ছে। কারণ, মানুষকে ভয় দেখিয়ে মন জয় করা যায় না। আর শান্তিপূর্ণ এলাকায় এই অতিসক্রিয়তা মানুষের মনে ভয় তৈরি করছে।'

### আজ সবচেয়ে বেশি নজর ডায়মন্ড হারবারে

# সিংহম বনাম পুষ্পায় উত্তাপ

অরূপ দত্ত

**কলকাতা, ২৮ এপ্রিল :** বুধবার দ্বিতীয় এবং অন্তিম দফার ভোটের আগে বিতর্কের কেন্দ্রবিন্দুতে ডায়মন্ডহারবারের পুলিশ পর্যবেক্ষক তথা যোগীরাজ্যের 'সিংহম' পুলিশ কর্তা অজয় পাল শর্মা। উত্তরপ্রদেশ পুলিশের এই এনকাউন্টার স্পেশালিস্ট দায়িত্ব নেওয়ার পরেই ফলতার তৃণমূল প্রার্থী তথা অভিষেক বন্দ্যোপাধ্যায় ঘনিষ্ঠ জাহাঙ্গির খানকে নিশানা করেছেন। নজিরবিহীনভাবে তাঁর বাড়ি ও দপ্তরে গিয়ে একপ্রকার 'শাসিয়ে' আসেন। এরপরই ওই পুলিশ পর্যবেক্ষককে নিশানা করেছে তৃণমূল। তাঁর কাজের ধরন এবং পুলিশ পর্যবেক্ষক হিসেবে তাঁর এক্তিয়ার নিয়ে প্রশ্ন তুলে আদালতে গিয়েছে তৃণমূল। নালিশ জানানো হয়েছে কমিশনেও।

মঙ্গলবার দায়িত্ব নেওয়ার পরেই ফলতায় জাহাঙ্গিরের এলাকায় পা রেখেছিলেন অজয়। ডায়মন্ড হারবারের ভোটে স্থানীয় ভোটারদের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছিল তৃণমূলের 'বাহুবলী' বলে পরিচিত জাহাঙ্গির খানের বিরুদ্ধে। জাহাঙ্গিরের বাড়ির উঠোনে দাঁড়িয়ে কার্যত হুমকি দিয়ে এসেছিলেন উত্তরপ্রদেশের এই বিতর্কিত পুলিশ অফিসার অজয় পাল শর্মা। রীতিমতো ফিল্মি কায়দায় জাহাঙ্গিরের বাড়ির লোকেদের উদ্দেশ্যে হুঁশিয়ারি দিতে শোনা গিয়েছিল অজয়কে। এহেন 'দাবাং' পুলিশ আধিকারিককে মঙ্গলবার পালটা চ্যালেঞ্জ জানিয়েছেন জাহাঙ্গির। তাঁর কার্যালয়ের সামনে দিয়ে অজয়ের কনভয় যাওয়ার সময় জাহাঙ্গিরের অনুগামীরা পালটা স্লোগান দেন। জাহাঙ্গিরের সাফ কথা, 'উনি যদি উত্তরপ্রদেশের সিংহম হন, তবে



> বাড়ির লোককে বলে দেবেন, যেভাবে ধমক দিচ্ছে তাতে পরে যেন পস্তাতে না হয়।
>
> **অজয় পাল শর্মা**



> উনি যদি উত্তরপ্রদেশের সিংহম হন, তবে আমরাও এক একজন পুষ্পা। ঝুঁকেগা নেহি।
>
> **জাহাঙ্গির খান**

আমরাও এক একজন পুষ্পা। ঝুঁকেগা নেহি। আমাদের মাথানত হবে শুধুমাত্র গণদেবতার সামনে।'

এদিকে একজন পুলিশ পর্যবেক্ষক হিসেবে অজয়ের আচরণ এবং এক্তিয়ার নিয়ে প্রশ্ন তুলেছে তৃণমূল। দলের সাংসদ মহুয়া মৈত্র সমাজমাধ্যমে একটি ভিডিও পোস্ট করেছেন। তাতে লাস্যময়ী, স্বল্পবসনা নর্তকীদের সঙ্গে জনৈক পুলিশ অফিসারকে নাচ-গান করতে দেখা যাচ্ছে। মহুয়ার দাবি, ওই পুলিশ অফিসার অজয় পাল শর্মা। ভিডিও পোস্ট করে তৃণমূল সাংসদ লিখেছেন, 'ফেয়ার অ্যান্ড লাভলি বাবুয়া। দেখে ভালো লাগছে আপনি ফান্টার স্টাইলে ফূর্তি করছেন। ঠান্ডা ঠান্ডা কুল কুল থাকুন। মনে রাখবেন বাংলায় সবসময় তৃণমূল।' মহুয়ার সুরে সুর মিলিয়েছেন সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদব, আপ নেতা সঞ্জয় সিং আলাদা আলাদা পোস্টে এই ধরনের কাজের জন্য উত্তরপ্রদেশ এবং রাজ্যের পুলিশের ভাবমূর্তি নষ্ট হচ্ছে বলে নিন্দা করেছেন তাঁরা।

তবে এসব বিতর্ককে গায়ে না মেখে মঙ্গলবার সকালে ফের ফলতার খানপাড়ায় জাহাঙ্গিরের ডেরায় পৌঁছে যান অজয়। স্থানীয় লোকজনদের সঙ্গে নিয়ে অজয়ের বাহিনী রীতিমতো তল্লাশি শুরু করে।

মঙ্গলবার অজয়ের বিরুদ্ধে কমিশনে নালিশ জানাতে যান বিদায়ি মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এবং অরূপ বিশ্বাস। পরে চন্দ্রিমা বলেন, 'উনি নাকি সিংহম। প্রার্থীদের বাড়িতে হানা দিচ্ছেন। মহিলাদের ব্যতিব্যস্ত করছেন। আমরা কমিশনের কাছে জানতে চেয়েছি, এটা কি ওনার কাজের এক্তিয়ারের মধ্যে পড়ে।' যদিও সরাসরি মন্তব্য না করে অজয়ের পাশে দাঁড়িয়েছেন সিইও মনোজ আগরওয়াল। তিনি বলেন, 'ওখানে যা ঘটছে, তা পুলিশ পর্যবেক্ষকের নজরে রয়েছে। ওঁর রিপোর্টের ভিত্তিতে অ্যাকশন হবে। আমাদের কাছে যা সহযোগিতা চাইবেন আমরা দেব। ভোটারদের ভয় দেখানো বা হুমকি দেওয়া কারোর অধিকার নেই।' নিয়ম অনুযায়ী, কেন্দ্রীয় পর্যবেক্ষকরা সিইওকে কোনও রিপোর্ট দিতে বাধ্য নন। তাঁরা সরাসরি দিল্লিতে জাতীয় নির্বাচন কমিশনে রিপোর্ট পাঠাবেন। তবে ফলতার ঘটনা নিয়ে দিল্লিতে অজয় কমিশনকে কোনও রিপোর্ট পাঠিয়েছেন কি না, তাও জানা যায়নি।

এদিকে ডায়মন্ড হারবারের পুলিশ পর্যবেক্ষকের এক্তিয়ার নিয়ে প্রশ্ন তুলে আদালতে গিয়েছিল তৃণমূল। সেই মামলায় হাইকোর্ট স্পষ্ট জানিয়ে দিয়েছে, ভোট না মেটা পর্যন্ত হস্তক্ষেপ করবে না আদালত। একইসঙ্গে এদিন ফলতা থানায় অজয়ের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে। স্থানীয় মোনালিসা দাস লিখিত অভিযোগ করেন, রাতে বাড়ি বাড়ি তল্লাশির নামে বাহিনী মহিলাদের সঙ্গে অশালীন ব্যবহার করেছেন। বিজেপিকে ভোট দেওয়ার ব্যাপারেও জেরাজেরি করা হয়।



*দলবেঁধে বুথের পথে। মঙ্গলবার কলকাতায়। ছবি : রাজীব মণ্ডল*

# কমিশনের ওপরই আস্থা হাইকোর্টের

### ভবানীপুরকে টার্গেট করা হচ্ছে, দাবি কল্যাণের

রিমি শীল

**কলকাতা, ২৮ এপ্রিল :** দ্বিতীয় দফার ভোটের আগে সমস্যা সৃষ্টিকারীদের নামের তালিকা প্রকাশে তৃণমূলের দায়ের করা মামলায় কোনও নির্দেশ দিল না কলকাতা হাইকোর্ট। বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ কমিশনের ওপর আস্থা রেখে নাগরিক অধিকারের বিষয়টিকে গুরুত্ব দিয়েছে। আদালত মনে করছে, সাংবিধানিক কর্তৃপক্ষ হিসেবে কমিশন, তার নিযুক্ত পর্যবেক্ষক, নির্বাচন প্রক্রিয়ায় যুক্ত কর্মীরা কোনওরকম রাজনৈতিক পক্ষপাতিত্ব ছাড়া সুষ্ঠু ও নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করবে।

ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, 'নির্বাচন কমিশন পক্ষপাতহীন ও রাজনৈতিক প্রভাবমুক্ত হয়ে কাজ করবে। সংবিধানের ২১ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী ব্যক্তিগত স্বাধীনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আইনসংগত প্রক্রিয়া ছাড়া তা কেড়ে নেওয়া যায় না। তাই কোনও ব্যক্তিকে একান্ত অপরিহার্য কারণ ছাড়া প্রতিরোধমূলক আটক বা গ্রেপ্তার করা যাবে না।' কমিশন ইতিমধ্যেই ওই বিজ্ঞপ্তি প্রত্যাহারের কথা জানিয়েছে। এই পরিস্থিতিতে আদালত আস্থাপ্রকাশ করেছে যে, বুধবার নির্বাচন যাতে অবাধ, স্বচ্ছ ও শান্তিপূর্ণ হয় এবং



- কমিশনকে পক্ষপাতহীন হয়ে কাজ করতে হবে, বলল হাইকোর্ট
- সংবিধানের ২১ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী ব্যক্তিগত স্বাধীনতা আইনসংগত প্রক্রিয়া ছাড়া হরণ করবে না কমিশন
- একান্ত অপরিহার্য কারণ ছাড়া প্রতিরোধমূলক আটক বা গ্রেপ্তার করা যাবে না

ভোটাররা যাতে নির্ভয়ে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন তা নিশ্চিত করবে কমিশন।

সম্প্রতি ৩৫০০ নাম উল্লেখ করে একটি তালিকা প্রকাশ করা হয়েছে। তাতে পূর্বের তালিকার বহু তৃণমূল কর্মীর নাম রয়েছে। এদিন প্রধান বিচারপতি সুজয় পালের ডিভিশন বেঞ্চে এই অভিযোগে মামলা দায়ের করেন আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়। মামলার শুনানি হয় বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চে।

কল্যাণের অভিযোগ, টার্গেট করা হয়েছে ভবানীপুর বিধানসভাকে। কমিশন নিযুক্ত পুলিশ পর্যবেক্ষক অজয়পাল শর্মার প্রসঙ্গ টেনে কল্যাণের অভিযোগ, 'উত্তরপ্রদেশ থেকে পর্যবেক্ষক আনা হয়েছে। প্রার্থীর বাড়িতে গিয়ে তাঁর পরিবার, ভোটারদের সন্ত্রস্ত করছেন। আবার বলছেন, আমি সিংহম, এনকাউন্টার স্পেশালিস্ট।'

বিজ্ঞপ্তি প্রত্যাহার নিয়ে কল্যাণের সওয়াল, 'এতে কমিশনের মানসিকতার কি কোনও পরিবর্তন হয়েছে? বিজেপি প্রার্থীরা টাকা দিয়ে ভোটারদের প্রলোভন দেখাচ্ছে। কালীঘাট থানার ওসি আমার সঙ্গেও দুর্ব্যবহার করা হয়েছে। ফিরহাদ হাকিমের বাড়িতে সিআরপিএফ গিয়েছে। আরামবাগের সাংসদ মিতালি বাগের ওপর আক্রমণ হয়েছে।'

রাজ্যের এজিও জানান, কোন আইনি অধিকারে কমিশন উচ্চপদস্থ আমলাদের অপসারণ করেছে তা জানাতে হবে। কমিশনের আইনজীবী জিষ্ণু চৌধুরী জানিয়েছেন, দ্বিতীয় তালিকায় যাঁদের নাম রয়েছে, তাঁদের বিরুদ্ধে একাধিক অভিযোগ কমিশনের কাছে আছে। আইন মেনে পদক্ষেপ করার ক্ষেত্রে নিষেধাজ্ঞা নেই।

## ৩০০০-এর বেশি শতায়ু ভোটার

**কলকাতা, ২৮ এপ্রিল :** ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় বাংলার গণতন্ত্রের এক অনন্য ও অনুপ্রেরণামূলক চিত্র ফুটে উঠেছে। ২৯ এপ্রিল তিন হাজারেরও বেশি শতায়ু ভোটার তাঁদের নাগরিক অধিকার প্রয়োগ করতে চলেছেন। নির্বাচন কমিশনের পরিসংখ্যান অনুযায়ী, দ্বিতীয় দফার নির্বাচনে মোট ৩,২৪৩ জন শতায়ু ভোটার রয়েছেন, যার মধ্যে ৮৫৩ জন ভোটার নিয়ে দক্ষিণ ২৪ পরগনা জেলা তালিকার শীর্ষে রয়েছে। এছাড়া নদিয়ায় ৭৯১ জন, উত্তর ২৪ পরগনায় ৬৯৮ জন এবং হাওড়া ও হুগলিতে যথাক্রমে ৩১২ ও ২৯৪ জন শতায়ু ভোটার রয়েছেন। বিস্ময়করভাবে, খাস কলকাতায় এই সংখ্যা মাত্র ৬১ জন, যা গ্রামীণ এলাকার তুলনায় অনেক কম।



*ভোটের ভবিষ্যৎ...* *মঙ্গলবার কলকাতায়। ছবি-পিটিআই।*

## পেট্রাপোল সীমান্ত সিল

**কলকাতা, ২৮ এপ্রিল :** রাজ্যের ছয় জেলায় দ্বিতীয় দফার ভোটগ্রহণকে কেন্দ্র করে ভারত-বাংলাদেশ সীমান্তে কড়া নজরদারি শুরু করেছে সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে মঙ্গলবার রাত ১২টা থেকে বুধবার রাত ১২টা পর্যন্ত উত্তর ২৪ পরগনার পেট্রাপোল ও ঘোজাডাঙা সীমান্ত দিয়ে সব ধরনের বাণিজ্য ও যাত্রী পারাপার পুরোপুরি বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন।

জেলা শাসক শিল্পা গৌরীসরিয়া সম্প্রতি সীমান্ত এলাকা পরিদর্শন করে বিএসএফ-কে চূড়ান্ত সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন। সুন্দরবন থেকে বাগদা পর্যন্ত প্রায় ২৩০ কিলোমিটার দীর্ঘ সীমান্তে অনেক জায়গায় কাঁটাতার নেই। অতীতে ভোটের সময় চোরাপথে দুষ্কৃতীদের অনুপ্রবেশের নজির থাকায় এবার বাড়তি কড়াকড়ি করা হচ্ছে। মঙ্গলবার সকাল থেকেই পেট্রাপোল সীমান্ত এলাকা ছিল কার্যত জনশূন্য।

পেট্রাপোল বর্ডার ক্লিয়ারিং এজেন্ট অ্যাসোসিয়েশনের সম্পাদক কার্তিক চক্রবর্তী জানান, জেলা শাসকের নির্দেশ অনুযায়ী বুধবার ভোট চলাকালীন সীমান্ত বন্ধ থাকবে। তবে কোনও ভারতীয় নাগরিক বাংলাদেশ থেকে ভোট দিতে ফিরতে চাইলে বুধবার সন্ধ্যা ৬টার মধ্যে প্রবেশের অনুমতি পাবেন।

মূলত বাংলাদেশি দুষ্কৃতীরা যাতে সীমান্ত পেরিয়ে নির্বাচনি প্রক্রিয়ায় বিঘ্ন ঘটাতে না পারে, সেজন্যই এই পদক্ষেপ। প্রথম দফার মতো দ্বিতীয় দফাতেও শান্তি বজায় রাখতে বদ্ধপরিকর নির্বাচন কমিশন।

## ফের ছাত্রমৃত্যু

**কলকাতা, ২৮ এপ্রিল :** দশ দিনের মাথায় ফের ছাত্র মৃত্যু আইআইটি খড়গপুরে। মঙ্গলবার ২২ বছরের এক ইঞ্জিনিয়ারিং পড়ুয়ার দেহ উদ্ধার হয়েছে 'মদনমোহন মালব্য হল' থেকে। মৃতের নাম সোহম হালদার। উত্তর ২৪ পরগনার বারাসতের শালবাগানের এই বাসিন্দা ইলেকট্রনিক্স অ্যান্ড ইলেকট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে এমটেক করছিলেন।

প্রাথমিক ভাবে আত্মহত্যা বলেই মনে করছে পুলিশ। দেহ ময়নাতদন্তের পাঠানোর পাশাপাশি মৃতের পরিবারকে খবর পাঠানো হয়েছে। এর আগে গত ১৮ এপ্রিল ক্যাম্পাসের আটতলা 'অটল বিহারী বাজপেয়ী হল' থেকে ঝাঁপ দেন জয়বীর সিংহ ডোডিয়া নামে এক ছাত্র। ২১ বছরের আহমদাবাদের ঘুমা এলাকার বাসিন্দা ওই পড়ুয়া মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে তৃতীয় বর্ষের ছাত্র ছিলেন।



*আকাশ ঘিরে মেঘ করেছে...* *কলকাতায়। মঙ্গলবার। -দেবার্চন চট্টোপাধ্যায়*

# ট্রাইবিউনালে পাশ ১৪৬৮

**কলকাতা, ২৮ এপ্রিল :** বুধবার পশ্চিমবঙ্গের সাত জেলার ১৪২ আসনে দ্বিতীয় তথা অন্তিম দফার ভোট। তার ২৪ ঘণ্টা আগে সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে ফের সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশ করল নির্বাচন কমিশন। সেই অতিরিক্ত তালিকায় 'পাশ' করেছেন ১৪৬৮ জন। বাদ পড়েছেন ৬ জন। এর ফলে বুধবার এই ভোটারদের গণতন্ত্রের মহোৎসবে শামিল হতে আর কোনও বাধা রইল না।

মঙ্গলবার প্রকাশিত তালিকা অনুযায়ী, কলকাতা দক্ষিণে সবচেয়ে বেশি ৬৭৭ জনের নাম যুক্ত হয়েছে। কলকাতা উত্তরে জুড়েছে ৫৯৬ জন। একইভাবে হাওড়ায় ৭৭, নদিয়ায় ৩৯, উত্তর ২৪ পরগনায় ৩৪, দক্ষিণ ২৪ পরগনায় ৩০, পূর্ব বর্ধমানে ৮ এবং হুগলিতে ৭ জন নতুন ভোটারের নাম অন্তর্ভুক্ত হয়েছে। এর আগে প্রথম দফার ভোটের আগেও ১৩৯ জনের নাম যুক্ত করা হয়েছিল। তখন বাদ গিয়েছিল ৮ জনের নাম। এসআইআরে ২৭ লক্ষ ভোটারের নাম বাদ গিয়েছে। বিপুল সংখ্যক আবেদনের নিষ্পত্তি এখনও হয়নি। বাকিদের কী হবে সেই বিষয়ে পুরোপুরি অন্ধকারে সংশ্লিষ্ট মহল।

ভোটের আগেই ভোটার তালিকা 'ফ্রিজ' হয়ে যায়। কিন্তু শীর্ষ আদালতের নির্দেশে এবার ব্যতিক্রম। সুপ্রিম কোর্টের নির্দেশ ছিল, ভোটের দু'দিন আগেও ট্রাইবিউনাল যে সমস্ত নামের নিষ্পত্তি করবে এবং যাঁদের ভোটার হিসাবে ছাড়পত্র দেবে, তাঁরা ভোট দিতে পারবেন। শীর্ষ আদালতের সেই নির্দেশ মোতাবেক এবার পদক্ষেপ করল কমিশন।

জানা গিয়েছে, সোমবার পর্যন্ত যে আবেদনগুলির নিষ্পত্তি হয়েছে ট্রাইবিউনালে, তার ভিত্তিতে এই অতিরিক্ত তালিকা তৈরি করা হয়েছে। বিশেষ নিবিড় সংশোধনের পর সুপ্রিম কোর্টের নির্দেশে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির তত্ত্বাবধানে বিচারবিভাগীয় আধিকারিকেরা সেই তালিকা যাচাই করেন। যাঁরা অযোগ্য বলে বিবেচিত হয়েছিলেন, তাঁদের ট্রাইবিউনালে আবেদন করার সুযোগ দেওয়া হয়। এদিকে প্রথম দফার ভোটে প্রায় ৯৩ শতাংশ ভোটদানের নজির গড়েছিল রাজ্য। দ্বিতীয় দফাতেও সেই উচ্চ হার বজায় থাকবে কি না তা নিয়ে কৌতূহল রয়েছে সব মহলে।

তবে প্রথম দফায় যেভাবে শান্তিপূর্ণ ভোট হয়েছিল দ্বিতীয় দফা তেমনভাবে হিংসামুক্ত থাকবে কি না তা নিয়ে সবথেকে বেশি চর্চা শুরু হয়েছে। নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে, সব ধরনের প্রস্তুতি সম্পন্ন। কেন্দ্রীয় বাহিনীর মোতায়েন থেকে শুরু করে কড়া নজরদারি, সব দিকেই কড়াকড়ি থাকছে।

### বিজেপির হাতে আক্রান্ত তরুণী

# অভয়ার মাকে সিপিএমের নিশানা

**কলকাতা, ২৮ এপ্রিল :** আরজি করের নির্যাতিতার মায়ের প্রচারসভা থেকে সিপিএম সমর্থক তরুণীর ওপর হামলা হতেই সরাসরি বিজেপি প্রার্থী রত্না দেবনাথকে নিশানা করল সিপিএম। অভয়ার বিচারের দাবিতে নারী নিরাপত্তার প্রশ্ন তুলে ভোটপ্রচার করছিলেন পানিহাটির বিজেপি প্রার্থী। তাঁর প্ররোচনায় আর এক তরুণীর ওপর শারীরিক হেনস্তার অভিযোগ উঠেছে। আর তারপরই সরব হয়েছে সিপিএম। সমাজমাধ্যমকে হাতিয়ার করে আরজি কর কাণ্ডের সময় বামপন্থী ও বিজেপির ভূমিকা তুলে ধরে রত্না দেবনাথকে বার্তাও দেওয়া হয়েছে।

সোমবার বিকালের দিকে আগরপাড়া মহাজাতি মোড় এলাকায় প্রচার চলছিল বিজেপির। মঞ্চে বক্তব্য রাখছিলেন অভয়ার মা। ওইসময় রাস্তা দিয়ে একটি টোটো নিয়ে পানিহাটির সিপিএম প্রার্থী কলতান দাশগুপ্তের সমর্থনে প্রচার চলছিল। অভিযোগ, ওই টোটো দেখার পরই নির্যাতিতার মা মঞ্চ থেকে বলেন, 'এই রাস্তা দিয়ে যে টোটোটি যাচ্ছে, তাদের আমি চরম ধিক্কার জানাচ্ছি। এই নির্লজ্জ সিপিএমকে চরম ধিক্কার জানাই।' আর তারপরই টোটোয় আক্রমণ চালায় বিজেপি সমর্থকরা। আর তাতেই আক্রান্ত হন তরুণী শ্রীলেখা মুখোপাধ্যায় ও তাঁর বাবা সুরজিৎ মুখোপাধ্যায়। সিপিএমের ছাত্র সংগঠন এসএফআইয়ের সঙ্গে যুক্ত ওই তরুণী। তাঁর বাবা সিপিএম কর্মী। তারপরই ঘটনার নিন্দা করেছেন সিপিএম নেতারা। অভয়ার মাকে বিঁধে সুজন চক্রবর্তী বলেন, 'উনি মেয়ের নামে ভোট চাইতে বেরিয়েছেন, অথচ আরও একটি মেয়ে আক্রমণের শিকার হল। বিজেপি নারীবিদ্বেষী। তাদের পাশে দাঁড়িয়ে রত্না দেবনাথও নিজেকে প্রমাণ করলেন।' সমাজমাধ্যমে গানের দ্বারা অভয়ার মাকে বার্তা দিয়ে বলা হয়েছে, 'যতই আপনি করুন অস্বীকার, ওইদিন রাতে আমরাই ছিলাম ছিনিয়ে আনতে বিচার।' এমনকি ভোট রাজনীতির জন্য বিজেপি তাঁদের ব্যবহার করছে, তাঁদের সঙ্গে প্রধানমন্ত্রী বা স্বরাষ্ট্রমন্ত্রী দেখা করেননি, সিবিআইও বিচার দিতে পারেনি। এই বিষয়গুলিও উল্লেখ করা হয়েছে।

# কালীঘাটে মমতা, সল্টলেক থেকে নজর শুভেন্দুর

স্বরূপ বিশ্বাস

**কলকাতা, ২৮ এপ্রিল :** আগামীকাল বাংলার দ্বিতীয় দফার হাইভোল্টেজ ভোটের দিন। রাজ্যের ১৪২টি বিধানসভা কেন্দ্রের ভাগ্য আজ ইভিএমে বন্দি হবে। আর এই বিশাল মহাযজ্ঞের রাশ নিজেদের হাতে রাখতে আজ দিনভর 'ভোট পর্যবেক্ষক'-এর ভূমিকায় দেখা যাবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে।

তৃণমূল সূত্রের খবর, আজ সকালে নিজের কেন্দ্র ভবানীপুরে ভোট দিয়েই কালীঘাটের বাড়িতে ফিরে যাবেন মুখ্যমন্ত্রী। ভোটের দিন 'তৃণমূলের পর্যবেক্ষক' হয়েই কালীঘাটের বাড়িতে কাটাবেন মুখ্যমন্ত্রী তথা দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর বাসভবন সংলগ্ন অফিসে তৈরি হয়েছে অস্থায়ী 'ওয়ার রুম'। দলের শীর্ষ নেতাদের সঙ্গে বসে সারা রাজ্যের ১৪২টি কেন্দ্রের খবরাখবর নেবেন তিনি। অফিসে আসা খবর পাওয়া মাত্রই মুখ্যমন্ত্রীকে জানাবেন তাঁরা। কখনও মুখ্যমন্ত্রী নিজে এসে খবরাখবর নেবেন। প্রয়োজনীয় নির্দেশ দরকার হলে দেবেন তিনি। প্রতিটি বুথের পালস বুঝতে সারাক্ষণ মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ রাখবেন দলের 'ভোট সেনাপতি' অভিষেক বন্দ্যোপাধ্যায়। প্রয়োজনে অভিষেক নিজেই কালীঘাটে পৌঁছে দলনেত্রীর সঙ্গে শলাপরামর্শ করবেন।

এমনিতেই এদিন শাসকদল সূত্রের খবর, ভোটের দিন মোটামুটি দুটি কন্ট্রোল রুম থাকছে তৃণমূলের।





বড় আকারে কন্ট্রোল রুমটি হবে তৃণমূল ভবনে। যার সর্বক্ষণ দায়িত্বে থাকবেন দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সি ও অন্যান্য কয়েকজন শীর্ষনেতা। তৃণমূলের অন্য কন্ট্রোল রুম হচ্ছে ক্যামাক স্ট্রিটে। সেখানে দলের কিছু নেতা ছাড়া ওই কন্ট্রোল রুমের প্রধান দায়িত্বে থাকবে আইপ্যাকের লোকেরা। সম্প্রতি আইপ্যাক তৃণমূলের কাজ করা বন্ধ করলেও সংস্থার এখনও কিছু লোক দলের হয়ে কাজ করে যাচ্ছেন। মূলত অভিষেকের নির্দেশেই। ভোটের দিন তারাই একপ্রকার দলের কন্ট্রোল রুম চালাবেন ক্যামাক স্ট্রিটের অফিসে। বিষয়টা পুরোপুরি দেখছেন অভিষেকই। কন্ট্রোল রুম থেকে দিনভর ভোটের রিপোর্ট অভিষেকের কাছেই পৌঁছে যাওয়ার কথা। তবে মমতার বিশেষ নজর থাকবে নিজের কেন্দ্র ভবানীপুরের দিকেই। দলীয় কাউন্সিলর ও কর্মীরা কে কোথায় কী করছেন, তার খুঁটিনাটি রিপোর্ট নেবেন নেত্রী নিজেই।

পালটা প্রস্তুতি সেরে রেখেছে গেরুয়া শিবিরও। ভোটের দিন দিনভর সল্টলেকের কেন্দ্রীয় পার্টি অফিসে বসে ভোটের রণকৌশল সাজাবেন শুভেন্দু অধিকারী। সঙ্গে থাকবেন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। মুরলিধর সেন লেনের অফিসেও খোলা হয়েছে পৃথক কন্ট্রোল রুম। শুভেন্দু অধিকারীর নজরও আজ বিশেষ করে আটকে থাকবে ভবানীপুরের দিকেই। কারণ, তিনিই এই কেন্দ্রে মমতার প্রধান প্রতিদ্বন্দ্বী। নিজের বিধানসভা এলাকায় কোথাও কোনও অশান্তি বা কারচুপির খবর পেলেই সরাসরি ময়দানে নামার প্রস্তুতি নিয়ে রেখেছেন বিরোধী দলনেতা।

তৃণমূল আর বিজেপি,দুই শিবিরই আজ স্নায়ুর লড়াইয়ে অবতীর্ণ। একদিকে কালীঘাট থেকে মমতার নির্দেশ, অন্যদিকে সল্টলেক থেকে শুভেন্দুর পালটা চাল। শেষ হাসি কে হাসবেন, তা সময় বলবে। তবে আজ যে বাংলার প্রতিটি ইঞ্চি মেপে লড়াই হতে চলেছে, তা নিয়ে কোনও সন্দেহ নেই।

# সিকিমে ফুটবলে মোদির বঙ্গ আবেগ

**গ্যাংটক, ২৮ এপ্রিল :** পাহাড়ের কোলে একটি মাঠে কচিকাঁচাদের সঙ্গে ফুটবল পায়ে ড্রিবলিং করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ছোট ছোট পাস খেলে অনায়াসে খানকতক গোলও দিলেন তিনি। তারপর খুদে ফুটবল খেলোয়াড়দের তাঁর ভোকাল টনিক, '২০৩৬ সালে ভারতে অলিম্পিকের আসর বসার আগে এই খেলাকে জনপ্রিয় করে তোলার দায়িত্ব নিতে হবে।' সিকিমের ৫০ বছর পূর্তি উৎসব উপলক্ষ্যে মঙ্গলবার সকালে গ্যাংটকে সম্পূর্ণ ভিন্ন মেজাজে ধরা দিলেন নমো। তাঁর ফুটবলার অবতার দেখে অনেকেই মনে করছেন, বুধবার পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফার ভোটের ঠিক আগে পড়শি রাজ্যে ফুটবল খেলে আদতে বাঙালির ফুটবল আবেগকেই স্পর্শ করার চেষ্টা করেছেন প্রধানমন্ত্রী।

এদিন সকালে গ্যাংটকের পালজোর স্টেডিয়ামে ভারতের জাতীয় পতাকাধারী নীল রঙের ট্র্যাক সুটে দেখা যায় প্রধানমন্ত্রীকে। খেলার মাঠে নামার আগে কিশোর-কিশোরীদের সঙ্গে খোশমেজাজে আলাপ-পরিচয় সেরে ফেলেন তিনি। মজার ছলে খুদেদের প্রশ্ন করেন, 'আজ তোমরা আমাকে কী শেখাবে?' আবার দুষ্টুমি করে বলেন, 'তোমরা আমাকে হারিয়ে দেবে না তো?' মাঠে নেমে শুধুমাত্র ফুটবল খেলাই নয়, গোল করা থেকে শুরু করে খুদে খেলোয়াড়দের সঙ্গে হাই-ফাইভ করা-সব মিলিয়ে পুরোদস্তুর একজন ফুটবলারের শরীরী ভাষায় ধরা দেন নমো। খেলা শেষে তিনি বলেন, 'খেলার জন্য শুধুমাত্র অনুশীলন যথেষ্ট নয়, ম্যাচ খেলাও দরকার। তবেই আসল জেদ ও উৎসাহ তৈরি হয়।' ২০৩৬ সালের অলিম্পিকের লক্ষ্যে তরুণ প্রজন্মকে এখন থেকেই তৈরি হওয়ার ডাক দেন তিনি।

সিকিম সফরে প্রায় ৪০০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। পরিকাঠামো, স্বাস্থ্য, শিক্ষা এবং পর্যটন খাতের এই প্রকল্পগুলি সিকিমের সামগ্রিক বিকাশে বড় ভূমিকা নেবে বলে মনে করা হচ্ছে। পাশাপাশি কংগ্রেসকেও তীব্র কটাক্ষ করেন মোদি। তিনি বলেন, 'যে কাজ আগে হতে পারত, তা কংগ্রেস করেনি। বিজেপি সরকার আসার পরেই সিকিমে উন্নয়নের গতি বেড়েছে এবং শীঘ্রই রাজ্যে প্রথমবার রেল পরিষেবা পৌঁছাবে।' উত্তর-পূর্বের রাজ্যগুলিকে ভারতের অষ্টলক্ষ্মী বলেও আখ্যা দেন তিনি।

তবে সেইসবকে ছাপিয়ে বাংলার ভোটের আগের দিন মোদির ফুটবল খেলা বাঙালির আবেগ উসকে দিয়েছে। প্রধানমন্ত্রী সমাজমাধ্যমে লিখেছেন, 'গ্যাংটকে এক ফুটবলমুখর সকাল। আমরা শিখলাম, খেললাম এবং উপভোগ করলাম।' তাঁর পোস্টে বাংলার নামোল্লেখ না থাকলেও পরোক্ষে যে মোদি 'সব খেলার সেরা বাঙালির প্রিয় ফুটবল' আবেগকে ছোঁয়ার চেষ্টা করেছেন, তা স্পষ্ট।



অর্কিডের সমাহারের মাঝে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মঙ্গলবার গ্যাংটকে।

# মণিপুর খালি করে কেন্দ্রীয় বাহিনী বাংলায়

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** বাংলায় দ্বিতীয় তথা শেষ দফার ভোটগ্রহণ। নজিরবিহীন নিরাপত্তা বলয়ে মুড়ে ফেলা হয়েছে গোটা রাজ্যকে। পরিস্থিতি এমন যে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা আগেই জানিয়ে দিয়েছেন, ভোট মিটে যাওয়ার পরও অন্তত ৬০ দিন বাহিনী থাকবে বাংলায়। রাজ্যের প্রত্যন্ত গ্রাম থেকে শহরের অলি-গলি, সব জায়গাতেই এখন কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর কড়া নজরদারি। কিন্তু বাংলার এই অতি-সক্রিয় নিরাপত্তার নেপথ্যে লুকিয়ে রয়েছে এক আশঙ্কাজনক ছবি। এ রাজ্যে অবাধ ভোট করাতে গিয়ে অশান্ত মণিপুর থেকে সরিয়ে আনা হয়েছে বিপুল সংখ্যক কেন্দ্রীয় বাহিনী, যা উত্তর-পূর্বের ওই রাজ্যে তৈরি করেছে এক বিপজ্জনক 'নিরাপত্তা শূন্যতা'।

সরকারি পরিসংখ্যান বলছে, বাংলার নির্বাচনের ডিউটি সামলাতে মণিপুর থেকে প্রায় ৮,৫০০ আধাসামরিক জওয়ানকে পশ্চিমবঙ্গে নিয়ে আসা হয়েছে। আর তাতেই নতুন করে রক্তক্ষরণ শুরু হয়েছে মণিপুরে। এই প্রত্যাহারের ফলে রাজ্যে একটি 'সিকিউরিটি ভ্যাকুয়াম' বা নিরাপত্তা শূন্যতা তৈরি হয়েছে বলে মনে করছে প্রশাসন। ২০২৩ সাল থেকে এখনও পর্যন্ত প্রায় ৩৬,০০০ নিরাপত্তা কর্মী, যার মধ্যে আসাম রাইফেলস এর জওয়ানরাও রয়েছেন। তবুও সাম্প্রতিক উত্তেজনা পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে বলেই বৈঠকে উঠে এসেছে। গত বছর থেকে শুরু হওয়া জাতিগত হিংসায় এখনও ধুঁকছে ওই রাজ্য। তার ওপর কুকি ও নাগা সম্প্রদায়ের মধ্যে নতুন করে সংঘাতের মেঘ ঘনীভূত হওয়ায় পরিস্থিতি রীতিমতো উদ্বেগজনক। বাহিনীর ঘাটতি দেখা দেওয়ায় সোমবারই দিল্লিতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে জরুরি বৈঠকে বসেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব গোবিন্দ মোহন।

গোয়েন্দা প্রধান তপন ডেকা এবং অসম রাইফেলসের শীর্ষ কর্তাদের উপস্থিতিতে হওয়া ওই বৈঠকে উঠে আসে এক চাঞ্চল্যকর তথ্য। বাংলায় বাহিনী পাঠানোর ফলে মণিপুরে যে 'সিকিউরিটি ভ্যাকুয়াম' তৈরি হয়েছে, তার সুযোগ নিচ্ছে উপদ্রুত এলাকার দুষ্কৃতীরা। তার ওপর মহিলা সংগঠনগুলির ঘনঘন পথ অবরোধ পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে। বর্তমানে সেখানে প্রায় ৩৬,০০০ জওয়ান মোতায়েন থাকলেও সাম্প্রতিক উত্তেজনার মুখে তা যৎসামান্য বলেই মনে করছে প্রশাসন।

অর্থাৎ, বাংলায় শান্তিতে ভোট করাতে গিয়ে উত্তর-পূর্বের সীমান্ত রাজ্যে কি বড় কোনও বিপদের ঝুঁকি নিচ্ছে কেন্দ্র? দিল্লির উচ্চপর্যায়ের বৈঠকের নির্যাস কিন্তু সেই আশঙ্কার দিকেই ইঙ্গিত দিচ্ছে। বাংলার ভোট মিটলেও মণিপুরের অশান্তির আগুন নেভাতে এখন হিমশিম খেতে হচ্ছে স্বরাষ্ট্র মন্ত্রককে।



- বাংলার নির্বাচনের ডিউটি সামলাতে মণিপুর থেকে প্রায় ৮,৫০০ আধাসামরিক জওয়ানকে নিয়ে আসা হয়েছে
- এর ফলে মণিপুরে একটি 'সিকিউরিটি ভ্যাকুয়াম' বা নিরাপত্তা শূন্যতা তৈরি হয়েছে বলে মনে করছে প্রশাসন
- গোয়েন্দা প্রধান এবং অসম রাইফেলসের শীর্ষ কর্তাদের বৈঠকে এই আশঙ্কা প্রকাশ করা হয়েছে
- বর্তমানে প্রায় ৩৬,০০০ জওয়ান মোতায়েন থাকলেও সাম্প্রতিক অশান্তির মুখে তা যৎসামান্য

# আমেরিকার হুকুম দেওয়ার দিন শেষ

## জানিয়ে দিল ইরান

**তেহরান ও ওয়াশিংটন, ২৮ এপ্রিল :** পশ্চিম এশিয়ায় আমেরিকা ও ইজরায়েলের সঙ্গে ইরানের টানাপোড়েন নতুন মোড় নিল। মঙ্গলবার ইরানের প্রতিরক্ষা মন্ত্রকের মুখপাত্র রেজা তালাই-নিক হুংকার দিয়েছেন, ওয়াশিংটন এখন আর কোনও স্বাধীন দেশকে নিজের শর্ত চাপিয়ে দেওয়ার বা হুকুম দেওয়ার অবস্থায় নেই। আমেরিকার উচিত তাদের 'অবৈধ ও অযৌক্তিক' দাবিগুলি ত্যাগ করা।

ইরান ও আমেরিকার মধ্যে আপাতত যুদ্ধবিরতি চললেও স্থায়ী শান্তি প্রতিষ্ঠার আলোচনা অমীমাংসিত রয়ে গিয়েছে। এর মধ্যেই আন্তর্জাতিক জ্বালানি বাজারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ 'হরমুজ প্রণালী'র অবরোধ তুলে নেওয়ার বিষয়ে পাকিস্তানকে মধ্যস্থতাকারী হিসেবে ব্যবহার করে একটি নতুন প্রস্তাব পাঠিয়েছে ইরান। প্রস্তাব অনুযায়ী, আমেরিকা যদি ইরানের ওপর থেকে অর্থনৈতিক অবরোধ তুলে নেয় এবং যুদ্ধ বন্ধ করে, তবে তেহরান এই কৌশলগত জলপথটি খুলে দিতে রাজি।

তবে ট্রাম্প প্রশাসন এই প্রস্তাবে ইতিবাচক সাড়া দেয়নি। মার্কিন বিদেশসচিব মার্কো রুবিও এক সাক্ষাৎকারে স্পষ্ট করেছেন, ইরানের পারমাণবিক কর্মসূচি সংক্রান্ত আলোচনা স্থগিত রেখে কোনও চুক্তিতে পৌঁছানো সম্ভব নয়। তিনি বলেন, 'যে কোনও চুক্তি বা সমঝোতাকে অবশ্যই নিশ্চিত করতে হবে ইরান যেন কোনও অবস্থাতেই পারমাণবিক অস্ত্রের দিকে এগোতে না পারে। এটাই আমাদের মূল চিন্তার বিষয়।' রুবিও আরও যোগ করেন, ইরান আলোচনার মাধ্যমে সময় নষ্ট করার চেষ্টা করছে এবং তাদের সেই সুযোগ দেওয়া হবে না।

অন্যদিকে, সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশন-এর বৈঠকের আগে রেজা তালাই-নিক জানান, ইরান তার প্রতিরক্ষা সক্ষমতা অন্যান্য স্বাধীন দেশগুলির সঙ্গে ভাগ করে নিতে তৈরি। তেহরানের এই অনড় অবস্থানের পাশাপাশি রাশিয়ার সঙ্গে তাদের ক্রমবর্ধমান ঘনিষ্ঠতা ওয়াশিংটনের ওপর চাপ বাড়াচ্ছে। সাম্প্রতিক যুদ্ধ ও ইজরায়েলি হামলায় ইরানে শিশু সহ অন্তত ৩,৩৭৫ জন প্রাণ হারিয়েছেন এবং লেবাননেও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। মার্কিন জাতীয় নিরাপত্তা দল ইরানের প্রস্তাব খতিয়ে দেখছে। প্রেসিডেন্ট ট্রাম্প দিনকয়েকের মধ্যেই এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানাবেন বলে হোয়াইট হাউস সূত্রে দাবি করা হয়েছে।

# কেজরির পর স্বর্ণকান্তকে বয়কট সিসোদিয়ারও

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** দিল্লির আবগারি দুর্নীতি মামলায় বিচারব্যবস্থার সঙ্গে আপ-এর সংঘাত ক্রমশই বাড়ছে। দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে অনুসরণ করে এবার প্রবীণ নেতা মণীশ সিসোদিয়াও বিচারপতি স্বর্ণকান্ত শর্মার বেঞ্চের শুনানিতে অংশ নিতে সরাসরি অস্বীকার করেছেন। বিচারপতি শর্মার বেঞ্চ থেকে ন্যায়বিচার পাওয়ার কোনও আশা নেই দাবি করে তাঁরা মহাত্মা গান্ধির 'সত্যাগ্রহ' নীতি অনুযায়ী আদালত বয়কটের সিদ্ধান্ত নিয়েছেন।

বিচারপতিকে দেওয়া এক চিঠিতে সিসোদিয়া স্পষ্টভাবে জানিয়েছেন, তিনি নিজে কিংবা তাঁর কোনও আইনজীবী এই আদালতের কার্যক্রমে আর অংশগ্রহণ করবেন না। কেজরিওয়ালও তাঁর চিঠিতে জানিয়েছেন, তিনি এটা করছেন বিবেকের তাড়নায়। এটা আদালত অবমাননা নয়।


সম্প্রতি বিচারপতি শর্মার অপসারণের আর্জি খারিজ হওয়ার পরই আপ নেতারা এই কঠোর পদক্ষেপ করেন। তবে হাইকোর্টের সিদ্ধান্তকে তাঁরা সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ করার অধিকার বজায় রেখেছেন। সিসোদিয়া ক্ষোভের সঙ্গে জানান, ন্যায়বিচারের পথ রুদ্ধ হওয়ায় তিনি বাধ্য হয়েছেন এই সিদ্ধান্ত নিতে।



গরম থেকে বাঁচতে। মঙ্গলবার প্রয়াগরাজে।

# রাশিয়া থেকে আসছে চতুর্থ এস-৪০০

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** কথা রাখল রাশিয়া। আরও একটি সুদর্শন চক্র আসছে সেদেশ থেকে। ভারতের আকাশসীমা নিরাপত্তাকে আরও দুর্ভেদ্য করতে চতুর্থ এস-৪০০ 'ট্রায়াম্ফ' ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার চালান রওনা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, গত সপ্তাহে রাশিয়ার বন্দর ছেড়ে আসা এই অত্যাধুনিক যুদ্ধাস্ত্রটি মে মাসের মাঝামাঝি নাগাদ ভারতীয় বন্দরে পৌঁছোবে। গত ১৮ এপ্রিল রাশিয়ার কারখানায় এই ব্যবস্থার চূড়ান্ত পরিদর্শন করেছিলেন ভারতীয় বায়ুসেনার উচ্চপদস্থ আধিকারিকরা।



আকাশপথে শত্রুপক্ষের ড্রোন, অত্যাধুনিক যুদ্ধবিমান ও ব্যালিস্টিক মিসাইল রুখে দিতে সক্ষম এই চতুর্থ ব্যাটারিটি রাজস্থান সীমান্তে মোতায়েন করা হতে পারে। ৪০০ কিলোমিটার পাল্লার এই ক্ষেপণাস্ত্র ব্যবস্থা সিন্ধুনদের ওপারের যে কোনও আকাশচারী লক্ষ্যবস্তুকে নির্ভুলভাবে ধ্বংস করতে সক্ষম। সাম্প্রতিক 'অপারেশন সিঁদুর'-এ এই রুশ প্রযুক্তির অভাবনীয় সাফল্যের পর ভারত সরকার আরও পাঁচটি এস-৪০০ সিস্টেম কেনার সবুজ সংকেত দেয়। একইসঙ্গে প্রতিরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করতে রাশিয়া থেকে ১২টি 'প্যান্টসির' এয়ার ডিফেন্স সিস্টেম কেনার বিষয়েও তোড়জোড় শুরু হয়েছে। আগামী নভেম্বরের মধ্যে পঞ্চম এস-৪০০ সিস্টেমটির ভারতে আসার সম্ভাবনা রয়েছে।

# জ্বালানির দাম বাড়ছে না : কেন্দ্র

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** পাঁচ রাজ্যের বিধানসভা নির্বাচন শেষ হলেই পেট্রোল, ডিজেল ও রান্নার গ্যাসের দাম আকাশছোঁয়া হবে। বিরোধীদের এই দাবি ও সাধারণ মানুষের আশঙ্কা উড়িয়ে দিল কেন্দ্রীয় সরকার। পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যে ভোট মিটে যাওয়ার পর জ্বালানির দাম বাড়ানোর কোনও পরিকল্পনা আপাতত নেই বলে সাফ জানানো হয়েছে সরকারের পক্ষ থেকে।

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাসমন্ত্রকের যুগ্মসচিব সুজাতা শর্মা মঙ্গলবার জানান, বর্তমানে পেট্রোল ও ডিজেলের মূল্যবৃদ্ধির কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

তিনি সাধারণ মানুষকে গুজবে কান না দেওয়ার এবং অহেতুক আতঙ্কিত হয়ে জ্বালানি মজুত না করার আর্জি জানিয়েছেন।

সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব অভিযোগ করেছিলেন, নির্বাচনের পর বিজেপি সরকার সার ও জ্বালানির দাম বাড়িয়ে সাধারণ মানুষের ওপর বড় আর্থিক বোঝা চাপাবে।

এই মুহূর্তে বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দাম বাড়া সত্ত্বেও ভারতে ২০২২ সালের এপ্রিল মাস থেকে জ্বালানির দাম একই জায়গায় রয়েছে।

কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আশ্বস্ত করে বলা হয়েছে, দেশে এলপিজি ও জ্বালানি তেলের পর্যাপ্ত মজুত রয়েছে এবং সরবরাহ স্বাভাবিক রাখতে পাম্পগুলিতে প্রতিনিয়ত নজরদারি চালানো হচ্ছে।

# ট্রাম্প-রাজা চার্লস গোপন বৈঠক

**ওয়াশিংটন, ২৮ এপ্রিল :** ইরান যুদ্ধের আবহে টালমাটাল আমেরিকা-ব্রিটেনের দ্বিপাক্ষিক সম্পর্ক। চরম উত্তেজনার মধ্যেই চারদিনের মার্কিন সফরে ওয়াশিংটন ডিসিতে পৌঁছেছেন ব্রিটেনের রাজা তৃতীয় চার্লস। সফরের মূল আকর্ষণ হোয়াইট হাউসে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে রাজার রুদ্ধদ্বার বৈঠক। তবে কূটনৈতিক টানাপোড়েনের জেরে এই বৈঠকটি হতে চলেছে সম্পূর্ণ 'অফ-ক্যামেরা'।

সূত্রের খবর, ইউক্রেনীয় প্রেসিডেন্ট জেলেনস্কির মতো ট্রাম্পের সঙ্গে কোনও প্রকাশ্য বাদানুবাদে জড়াতে চাইছেন না ব্রিটিশ আধিকারিকরা। এর আগে ট্রাম্প ও জেডি ভ্যান্সের উপস্থিতিতে সরাসরি সম্প্রচারিত বৈঠকে অস্বস্তিতে পড়তে হয়েছিল জেলেনস্কিকে। এদিকে ইরান যুদ্ধে শামিল হতে ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমারের আপত্তির পর ট্রাম্প ও লন্ডনের মধ্যে দূরত্ব বেড়েছে। বিশেষ করে মধ্যপ্রাচ্যে ব্রিটিশ সামরিক ঘাঁটি ব্যবহারের অনুমতি না মেলায় প্রকাশ্যেই ক্ষোভ উগরে দিয়েছেন ট্রাম্প।

সফরের অন্যতম বিশেষত্ব হল মার্কিন কংগ্রেসে রাজা চার্লসের ভাষণ। ১৯৯১ সালে রানি এলিজাবেথের পর তিনি দ্বিতীয় ব্রিটিশ শাসক হিসেবে এই সম্মান পাচ্ছেন। বাকিংহাম প্রাসাদের একটি সূত্রের বক্তব্য, 'রাজার ২০ মিনিটের ভাষণে ন্যাটো, ইউক্রেন পরিস্থিতি এবং ইরান যুদ্ধের মতো স্পর্শকাতর বিষয়গুলি উঠে আসবে।' এই সংকটকালে দু-দেশের ঐতিহাসিক



ও গণতান্ত্রিক মূল্যবোধের ওপর তিনি জোর দেবেন বলে আশা করা হচ্ছে।

মঙ্গলবার স্থানীয় সময় বিকেল ৩টে নাগাদ এই ভাষণ শুরু হওয়ার কথা। আমজনতার নজর এখন এই সফরের দিকে, যা দুই বন্ধু রাষ্ট্রের ভবিষ্যৎ সম্পর্কের দিশা নির্ধারণ করতে পারে।

# দাউদের 'ডান হাত' দিল্লিতে

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** দাউদ ইব্রাহিমের অত্যন্ত ঘনিষ্ঠ ও তার মাদক সাম্রাজ্যের নিয়ন্ত্রক সেলিম ডোলাকে গ্রেপ্তার করে তুরস্ক থেকে দিল্লিতে আনা হল। ভারতের গোয়েন্দা বিভাগ ও আন্তর্জাতিক গোয়েন্দা বিভাগের যৌথ অভিযানে ইস্তানবুলে তাকে গ্রেপ্তার করা হয়। তারপর বিশেষ বিমানে মঙ্গলবার ভোরে তাকে দিল্লিতে নিয়ে আসা হয়। সূত্রের খবর, প্রাথমিক জেরার পর মুম্বই পুলিশ বা নার্কোটিকস বিভাগের হাতে তাকে তুলে দেওয়া হতে পারে। ভারত সহ একাধিক দেশে ডি-কোম্পানির ছড়িয়ে থাকা পাঁচ হাজার কোটি টাকার মাদক ব্যবসা সেলিম নিয়ন্ত্রণ করত। সেলিমের বিরুদ্ধে তোলাবাজি, জালিয়াতির বহু মামলা ঝুলছে। কোম্পানির আর্থিক লেনদেন ও আন্তর্জাতিক মাদক পাচারের নেটওয়ার্ক সামলানোকারী ধরা পড়ায় দাউদের আন্তর্জাতিক সিন্ডিকেট, অর্থ পাচারের গোপন নথি এবার ফাঁস হতে পারে। সেলিম গ্রেপ্তার হওয়ার খবরে উচ্ছ্বসিত স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। তিনি নার্কোটিকস ডিপার্টমেন্টকে অভিনন্দন জানিয়ে এক্স হ্যান্ডেলে লিখেছেন, 'মাদক সিন্ডিকেটগুলোর বিরুদ্ধে শূন্য সহনশীলতা নিয়েছে মোদি সরকার। মাদক পাচারের বিরুদ্ধে আমাদের অভিযান গোটা বিশ্বজুড়ে। মাদক সম্রাটরা যেখানেই লুকোক না কেন, বিশ্বের কোনও স্থানই তাদের জন্য নিরাপদ নয়।'

# মোদি-শা'র রাজ্যে পুরভোটে পদ্ম-ঝড়

**আহমেদাবাদ, ২৮ এপ্রিল :** বাংলার জনাদেশ বেরোবে ৪ মে। তার আগে মঙ্গলবার গুজরাটের পুর ও পঞ্চায়েত ভোটে কার্যত পদ্ম-ঝড় দেখা গেল। আহমেদাবাদ, সুরাট, রাজকোট সহ রাজ্যের ১৫টি পুরনিগমের সবকটিতে জয় ছিনিয়ে নিয়েছে শাসক বিজেপি। ধরাশায়ী হয়েছে কংগ্রেস। খড়কুটোর মতো উড়ে গিয়েছে আপ।


১৫টি পুরনিগমের মোট ১০৪৪টি আসনের মধ্যে বিজেপির ঝুলিতে গিয়েছে ৮৫৬টি আসন। কংগ্রেস পেয়েছে ৭৭টি। বাকিরা মাত্র ১২টি আসন পেয়েছে। রাজ্যের ৮৪টি পুরসভার ২০৩০টি আসনের মধ্যে বিজেপি জিতেছে ১৭৯১টি আসনে। কংগ্রেস জিতেছে ৪১৪টি আসন। বাকিদের ঝুলিতে গিয়েছে ১৪৪টি আসন। অন্যদিকে ৩৪টি জেলা পঞ্চায়েতের ১০৯০টি আসনের মধ্যে গেরুয়া শিবির জিতেছে ৫৬৮টি আসন। কংগ্রেস পেয়েছে ৭৭টি আসন। বাকিরা পেয়েছে ৩০টি। গুজরাটের ২৬০টি তালুক পঞ্চায়েতের ৫২৩৪টি আসনের মধ্যে বিজেপি দখল করেছে ২৩৯৭টি। কংগ্রেস ৫৯১টি এবং বাকিরা ৩২৯টি আসন পেয়েছে।

বিজেপি বিধায়ক শৈলেশ মেহতার দুর্গ বলে পরিচিত দাভোই পুরসভায় বড় জয় পেয়েছে কংগ্রেস। তবে এবারের পুর ও পঞ্চায়েত ভোটে সবথেকে ধাক্কা খেয়েছে অরবিন্দ কেজরিওয়ালের আপ। কংগ্রেসকে হটিয়ে বিজেপির বিকল্প হিসেবে উঠে আসার স্বপ্ন দেখছিল তারা। কিন্তু এবার সেই স্বপ্ন ভেঙে চুরমার করে দিয়েছে বিজেপি। পদ্ম পেয়েছে ১১৫টি আসন, আপ পেয়েছে ৪টি আসন। কংগ্রেস পেয়েছে ১টি মাত্র আসন। সুরাট পুরনিগমে ৫ বছর আগে শূন্য হয়ে গেলেও এবার ১২ নম্বর ওয়ার্ডে তারা জয়ী হয়েছে। আহমেদাবাদের ১৯২টি আসনের মধ্যে ১৫৮টিই পেয়েছে বিজেপি।

রবিবার পুর ও পঞ্চায়েতের মোট ৯২০০টি আসনে নির্বাচন হয়। তার মধ্যে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৭৩৬টিতে আগে জয়ী হয় পদ্মশিবির। জয়ের পর স্বাভাবিকভাবেই গান্ধিনগরে বিজেপির সদরদপ্তর 'কমলম'-এ খুশির হাওয়া। মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল, কেন্দ্রীয় জলশক্তিমন্ত্রী সিআর পাতিলরা এই জয়ের জন্য বিজেপির নীচুতলার নেতা-কর্মীদের পাশাপাশি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা-কে কৃতিত্ব দিয়েছেন।

গুজরাটে আগামী বছর বিধানসভা ভোট। তার আগে পুর ও পঞ্চায়েত ভোটে বিপুল জয়ের পর আত্মবিশ্বাস একলপ্তে বহুগুণ বেড়ে গিয়েছে পদ্মশিবিরের।

এদিকে গুজরাটের প্রাক্তন আইপিএস মনোজ নিনামা উর্দি ছেড়ে বিজেপির টিকিটে ওধ জেলা পঞ্চায়েতে প্রার্থী হয়েছিলেন। কিন্তু কংগ্রেসের স্থানীয় হেভিওয়েট সুরেশ নিনামার কাছে ২৭৪৪ ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন তিনি।



রাজঘাটে জাতির জনকের স্মৃতিসৌধে শ্রদ্ধা রাষ্ট্রসংঘের সাধারণ সভার প্রেসিডেন্ট অ্যানালিনা বেয়ারবকের।

# কেন্দ্রকে জরুরি বার্তা বিমান সংস্থাগুলির

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** যুদ্ধ এবং জ্বালানির অগ্নিমূল্য, জোড়া ফলায় বিদ্ধ ভারতের উড়ান শিল্প। পশ্চিম এশিয়ায় ইরান-ইজরায়েল সংঘাতের জেরে আন্তর্জাতিক আকাশপথগুলি বদলে যাওয়ায় একদিকে যেমন বাড়ছে বিমানযাত্রার খরচ, তেমনই পাল্লা দিয়ে আকাশ ছুঁয়েছে অ্যাভিয়েশন টারবাইন ফুয়েল (এটিএফ)-এর দাম। চরম আর্থিক সংকটে পরিষেবা বন্ধ হওয়ার আশঙ্কা প্রকাশ করে এবার কেন্দ্রের সরাসরি হস্তক্ষেপ চাইল দেশের শীর্ষ বিমানসংস্থাগুলির সংগঠন ফেডারেশন অফ ইন্ডিয়ান এয়ারলাইন্স (এফআইএ)।

এয়ার ইন্ডিয়া, ইন্ডিগো এবং স্পাইসজেটের মতো প্রধান সংস্থাগুলির এই সংগঠন অসামরিক বিমান পরিবহণ মন্ত্রককে পাঠানো চিঠিতে জানিয়েছে, বর্তমানে এটিএফ-এর দাম কিলোলিটারে ২ লক্ষ টাকা ছাড়িয়ে গিয়েছে। আগে একটি উড়ান পরিচালনার মোট খরচের ৩০-৪০ শতাংশ জ্বালানিতে ব্যয় হলেও বর্তমানে তা বেড়ে দাঁড়িয়েছে ৫৫-৬০ শতাংশে। এর দোসর হয়েছে আন্তর্জাতিক বাজারে টাকার রেকর্ড পতন। সব মিলিয়ে ২০২৬-এর এপ্রিল মাসের পরিস্থিতি আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ দুই ক্ষেত্রেই বিমান পরিষেবাকে পুরোপুরি 'অলাভজনক' করে তুলেছে।

সংগঠনটির দাবি, ব্রেন্ট ক্রুড ও এটিএফ-এর দাম গত এক বছরে কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। পরিস্থিতি সামাল দিতে তারা সরকারের কাছে জ্বালানির ওপর আবগারি শুল্ক সাময়িকভাবে স্থগিত রাখা এবং দিল্লি ও তামিলনাড়ুর মতো রাজ্যগুলিতে ভ্যাট কমানোর আর্জি জানিয়েছে। সেই সঙ্গে জ্বালানির দাম ঠিক করতে পুরোনো বিশেষ ফর্মুলা ফিরিয়ে আনার দাবিও করা হয়েছে। ফেডারেশনের আশঙ্কা, দ্রুত সরকারি সাহায্য না পেলে অনেক সংস্থাই পরিষেবা বন্ধ করতে বাধ্য হবে, যা দেশের বিমান পরিবহণ পরিকাঠামোকে এক বড়সড়ো বিপর্যয়ের দিকে ঠেলে দেবে।

# রাজীবের খুনি এখন আইনজীবী

**চেন্নাই, ২৮ এপ্রিল :** রাজীব গান্ধি হত্যাকাণ্ডে অন্যতম দোষী ও যাবজ্জীবনের সাজাপ্রাপ্ত এজি পেরারিবালান ৩১ বছর সংশোধনাগারে থাকলেও সেই সময়টাকে তিনি ইতিবাচকভাবে কাজে লাগিয়েছেন। জেলজীবনে পড়াশোনায় ব্রতী হন। স্নাতক হন তামিলনাড়ু মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে। তারপর আইনের পাঠ। সুপ্রিম কোর্টের নির্দেশে ২০২২ সালে জেল থেকে মুক্তি পেয়েই বেঙ্গালুরুর বিআর আম্বেদকর ল কলেজে ভর্তি হন। সেখানকার পাঠ শেষ করে ২০২৫-এর অল-ইন্ডিয়া বার এগজামিনেশন-এর পরীক্ষায় উত্তীর্ণ হন। বর্তমানে তিনি আইনজীবী। পেরারিবালান জানিয়েছেন, নিজের জন্য দীর্ঘ আইনিযুদ্ধ ও যাঁরা অন্যায়ভাবে কারাবন্দি হয়ে রয়েছেন, আইনি সহযোগিতা দিয়ে তাঁদের পাশে দাঁড়ানোর উদ্দেশ্যে তিনি আইনশিক্ষায় প্রবেশ করেন। অনেক বন্দি শুধুমাত্র আইনি জ্ঞানের অভাবে বছরের পর বছর জেলে পড়ে রয়েছেন। ১৯৯১ সালে রাজীব গান্ধি আত্মঘাতী হামলায় নিহত হওয়ার অনেকের সঙ্গে গ্রেপ্তার হন পেরারিবালান। তখন তাঁর বয়স ছিল ১৯ বছর, এখন ৫৪।

# কলমা না পড়ায় ছুরির কোপ

**মুম্বই, ২৮ এপ্রিল :** মীরা রোডের নয়া নগর এলাকায় দুই নিরাপত্তারক্ষীকে ছুরি দিয়ে কুপিয়ে খুনের চেষ্টার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে মুম্বইয়ে। অভিযুক্ত ৩১ বছর বয়সি জাইব জুবের আনসারিকে গ্রেপ্তার করেছে পুলিশ। তদন্তকারীদের দাবি, অভিযুক্ত ইন্টারনেটের মাধ্যমে কট্টরপন্থী মতাদর্শে উদ্বুদ্ধ হয়েছিল। ঘটনার গুরুত্ব বিবেচনা করে মহারাষ্ট্র এটিএস-এর পাশাপাশি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনআইএ-ও তদন্তে নেমেছে।

সোমবার ভোরে ওকহার্ট হাসপাতালের কাছে একটি নির্মীয়মাণ বহুতলে ডিউটিতে ছিলেন রাজকুমার মিশ্র এবং সুব্রত সেন। অভিযোগ, আনসারি সেখানে পৌঁছে তাঁদের নাম ও ধর্ম জিজ্ঞাসা করে এবং 'কলমা' পাঠ করতে বাধ্য করার চেষ্টা করে। রক্ষীরা কলমা পড়তে না পারায় সে ধারালো অস্ত্র নিয়ে তাঁদের ওপর ঝাঁপিয়ে পড়ে। স্থানীয় বাসিন্দা নায়েব শেখের তৎপরতায় আহতদের হাসপাতালে ভর্তি করা হয়।

মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ বলেন, 'প্রাথমিকভাবে মনে হচ্ছে এটি কট্টরপন্থার মামলা। অভিযুক্ত বই, ইন্টারনেট এবং বিভিন্ন প্রচারমূলক সাহিত্য পড়ে কট্টরপন্থী হয়ে উঠেছিল। জেহাদি মানসিকতা থেকেই সে ভিনধর্মী মানুষদের নিশানা করেছে।' তিনি আরও যোগ করেন, 'এই ঘটনার নেপথ্যে কোনও বৃহত্তর নেটওয়ার্ক বা ষড়যন্ত্র রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।' তদন্তে জানা গিয়েছে, আনসারি ২০১৯ সাল পর্যন্ত আমেরিকায় ছিল এবং তার পরিবার বর্তমানে ওখানেই থাকে। ভারতে ফিরে সে মীরা রোডে একা থাকত এবং টিউশন পড়াত। পুলিশ তার কাছ থেকে উদ্ধার হওয়া নথিতে 'আইসিস', 'লোন উলফ' এবং 'জেহাদ'-এর মতো শব্দ পেয়েছে। সিসিটিভি ফুটেজের মাধ্যমে ঘটনার ৯০ মিনিটের মধ্যে তাকে গ্রেপ্তার করা হয়। ৪ মে পর্যন্ত তাকে পুলিশি হেপাজতের নির্দেশ দিয়েছে আদালত। গুজব এড়াতে প্রশাসনের তরফে কড়া সতর্কতা জারি করা হয়েছে।



# থ্রি ইডিয়টস ২, জানালেন আমির

আমির খানের থ্রি ইডিয়টস ভারতীয় সিনেমায় এক বিশেষ জায়গা করে নিয়েছিল। এখনও দর্শক সে ছবির স্মৃতির পাতা ওলটায়। এই ছবির পরের ভাগের জন্যও তাদের আগ্রহ আছে, জিজ্ঞাসাও হয়েছে এই নিয়ে। আমির খান শেষ পর্যন্ত জানালেন তাঁর পরের ছবি হবে থ্রি ইডিয়টস। এক হিন্দি সংবাদপত্রে সাক্ষাৎকার দিতে গিয়ে তিনি বলেন, 'আমি রাজকুমার হিরানির পরিচালনায় খুব শিগগির আবার কাজ করব। রাজু আর অভিজিৎ যোশি থ্রি ইডিয়টস ২-এর চিত্রনাট্য লিখছে। প্রথম খসড়া পড়েছি, আমার খুব ভালো লেগেছে। এখনও কিছু কাজ বাকি আছে চিত্রনাট্যে, সেগুলো ওরা ঠিক করছে। ওরা খুব ভালো লিখেছে। আগের মতোই এই গল্পও অন্যরকম হবে। তাতে হিউমারও থাকবে আগের মতোই। গল্পটা শুধু ১০ বছর পর থেকে শুরু হবে। এই ছবিটাই আমার পরের ছবি, এর জন্য আমিও অপেক্ষা করছি।' ছবির শিডিয়ুল নিয়ে কিছু জানা যায়নি। গল্পও এখন অজানা। প্রথম ছবির স্টার মানে এস রাঘবন, শরমন যোশি ও করিনা কাপুর থাকবেন। আমিরও সেই ফুনশুক ওয়াংড়ুর চরিত্রই করবেন।


# দুই রণবীর এবার একসঙ্গে

রণবীর সিং আর রণবীর কাপুর। দুই রণবীর কি একসঙ্গে পর্দায় এসে দাঁড়াবেন? তাহলে সেই ছবির কি হাল হতে পারে, এখন থেকে বোধহয় কল্পনাও করা যায় না। কত 'ধুরন্ধর'-এর কালেকশন যে ছাপিয়ে যাবে সেই ছবি, তা কে বলবে।

কিন্তু দুজনকে নিয়ে এমন একটা ছবি সত্যিই কি আসা সম্ভব? দর্শকদের মধ্যে দুজনকে নিয়ে ঈর্ষা কিছু কম নেই। দুজনেও যে দুজনের খুব ভালো বন্ধু, এমনটাও নন। তাহলে? একসঙ্গে কাজ করবেন তাঁরা? এটাই আপাতত লাখটাকার প্রশ্ন।

কিন্তু এমন প্রশ্নের জন্ম হল কীভাবে? মুকেশ ছাবরা বলিউডের অন্যতম শ্রেষ্ঠ কাস্টিং ডিরেক্টর,





যিনি 'ধুরন্ধর' ছবির কাস্টিং করেছেন। বর্তমানে 'কিং' আর 'বব্বান' নিয়ে ব্যস্ত। তবে এমন একটা আঁচ তিনি নিজেই দিয়ে রেখেছেন। এই প্রশ্নটা তাঁর মাথাতেও ঘুরে বেড়াচ্ছে। তাহলে কি তিনি এমন কোনও প্রজেক্টের কথা ভাবছেন? মুকেশ ভাবছেন। তবে পরিচালনা করবেন কে? সেটাই এখনও ঠিক নেই। মুকেশ তাই শুধু এই সম্ভাবনার কথাটা সামনে এনে রেখে দিয়েছেন মাত্র। বাকিটা সময় বলবে।

# পরমব্রতর জন্য বিশেষ নিরাপত্তা

ধারাবাহিক কমলা নিবাস-এ সাগর হয়েছেন পরমব্রত চট্টোপাধ্যায়। এর শুটিংয়ে গাড়ি দুর্ঘটনার দৃশ্য ছিল-- পরম বা সাগরের গাড়ি ট্রাকের সঙ্গে মুখোমুখি ধাক্কা লাগবে। মেয়ে মিঠি আর মাকে নিয়ে নিজে গাড়ি চালিয়ে বিয়ে করতে যাচ্ছে সাগর, ট্রাকের ধাক্কায় মিঠি বাঁচলেও সাগর ও তার মা মারা যায়। এই দৃশ্যের জন্য কি কোনও বিশেষ ব্যবস্থা নিয়েছিল ধারাবাহিকের নির্মাতারা? এত কথা এইজন্য উঠছে কারণ তালসারিতে শুটিং করতে গিয়ে রাহুল অরুণোদয় বন্দ্যোপাধ্যায়ের জলে ডুবে মৃত্যু হয়। তারপর থেকেই এইসব বিপজ্জনক দৃশ্যে আরও সাবধানতা নেওয়ার কথা আগে উঠেছিল। মঙ্গলবার ইম্পা ও আর্টিস্ট ফোরাম বৈঠক করে নতুন এসওপি বা স্ট্যান্ডার্ড অপারেশন প্রসিডিওর চালু করেছে, বলা হয়েছে সব শিল্পী ও কলাকুশলীদের জন্য ইনসিওরেন্স হবে, প্রোজেক্টের বাজেট অনুয়ায়ী। এই প্রসঙ্গে কমলা নিবাস-এর পরিচালক রাজেন্দ্রপ্রসাদ দাস বলেছেন,' কোনও অভিনেতাকেই ওই দৃশ্যে রাখা হয়নি, যা হয়েছে অ্যাকশন মাস্টারের নির্দেশে, ক্যামেরার কারসাজিতে। তাই বিশেষ কোনও ব্যবস্থা করার দরকার পড়েনি।'



# প্রয়াত ভরত কাপুর



হিন্দি ছবির বিশিষ্ট অভিনেতা ভরত কাপুর চলে গেলেন। সোমবার নিজের বাসভবনে বিকেল তিনটেয় হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৮০। শরীরের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ বিকল হয়ে গিয়েই তাঁর মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে। অভিনেতা অবতার গিল জানিয়েছেন, ভরতের ছেলে রাহুল সোমবার ৪-৪.৩০ মিনিট নাগাদ তাঁকে ফোন করে ভরতের মৃত্যুর খবর দিয়েছেন। অবতারের কথায়, ভরত গত ৩-৪ দিন বেশ অসুস্থ হয়ে পড়েছিলেন তবে তিনি বাড়িতেই ছিলেন। পরিবারের সদস্য, বন্ধু, আত্মীয়দের উপস্থিতিতেই তাঁর শেষকৃত্য হয় সোমবার সন্ধে ৬ টায়। বিশিষ্ট অভিনেত্রী পুনম ধিলোঁ প্রয়াত অভিনেতার প্রতি শোক জ্ঞাপন করে লিখেছেন, আপাদমস্তক ভদ্রলোক, মহান অভিনেতা, ফ্যামিলিম্যান, সুকণ্ঠের অধিকারী... ফেয়ারওয়েল ভরতজি। পুনম ও ভরত কাপুর একসঙ্গে নূরী ছবিতে কাজ করেছিলেন। চিত্রনির্মাতা অশোক পণ্ডিত ভরতকে বড় অভিনেতা ও ভালো মানুষ বলে চিহ্নিত করে বলেছেন, ভরত কাপুরের মৃত্যু ইন্ডাস্ট্রির এক বড় ক্ষতি।

উল্লেখ্য, ভরত ১৯৭২ সালে জঙ্গল মে মঙ্গল ছবি দিয়ে অভিনয় জগতে পা রেখেছিলেন। তারপর অজস্র ছবিতে কাজ করেছেন। তাঁর উল্লেখযোগ্য ছবি নূরী, রাম বলরাম, গুলামি, লাভ স্টোরি এবং আরও অনেক। তিনি ধারাবাহিকেরও নিয়মিত অভিনেতা। তাঁর অভিনীত ধারাবাহিক পরম্পরা, আহট, ক্যাম্পাস, জি হরর শো-তেও তিনি অভিনয় করেছেন। ভরত রেখে গিয়েছেন স্ত্রী লোপা ও দুই পুত্র রাহুল ও সাগরকে। কন্যা কবিতা কয়েক বছর আগে ইহলোক ত্যাগ করেছেন।

## একনজরে সেরা ৫

### ভোটের শেষে

দেব তাঁর আগামী ছবি দেশু ৭-এর জন্য প্রচার শুরু করলেন। জিম করার পর মিরর সেলফি তুলেছেন, সে ছবি ইন্সটায় পোস্ট করে ক্যাপশন করেছেন, ব্যাক টু সিনেমা। আমার পরের ছবি দেশু ৭-এর জন্য তৈরি হচ্ছি। পুজোয় মুক্তি পাবে ছবিটি। অভিনয়ে দেব, শুভশ্রী, অনির্বাণ ভট্টাচার্য। গল্প, চিত্রনাট্য, পরিচালনায় দেব।

### গোয়েন্দা রিচা

বিখ্যাত ওটিটি প্ল্যাটফর্মে একটি থ্রিলারে দুর্দান্ত গোয়েন্দার চরিত্রে দেখা যাবে রিচা চাড্ডাকে। অপরাধ আর তার তদন্ত নিয়েই এই সিরিজ এবং এই তদন্তের ভার রিচার হাতে। গল্প জানা যায়নি। তবে নির্মাতারা বলছেন, সিরিজ চেনা ছকের হবে না। হীরামণ্ডি-র পর এই ভিন্নস্বাদের চরিত্রে অভিনয় করতে পেরে তিনি বেশ উত্তেজিত।

### গর্ভাবস্থাতেও দীপিকা

অ্যাটলি পরিচালিত রাকা ছবিতে দীপিকা পাড়ুকোন গর্ভাবস্থাতেও তুমল অ্যাকশন সিনে শুটিং করছেন। তিনি ছবির গুরুত্বপূর্ণ চরিত্রে, তাই ছুটির প্রশ্ন নেই, তাঁর চরিত্রের কাটছাঁটও হয়নি। ছবির নায়ক অল্লু অর্জুন। ছবিতে দীপিকার এন্ট্রি সিনে অর্জুন-দীপিকার অ্যাকশন আছে, তা বডি ডাবলের মাধ্যমে হচ্ছে। আবেগঘন দৃশ্য তিনি নিজেই করছেন।

### ফারহান বললেন

জি লে জারা ছবিতে প্রিয়াংকা চোপড়া, ক্যাটরিনা কইফ, আলিয়া ভাট থাকছেন না? উত্তরে পরিচালক ফারহান আখতার বলেছেন, অনেক গুজব উঠছে। আমি কোনও কিছুর জন্য তৈরি হলে সবাইকে জানিয়েছি, এবারও তাই হবে। ডন ৩ থেকে রণবীর সিং বেরিয়ে যাওয়া নিয়েও ফারহান বলেছেন, ছবিটা হচ্ছে ধরে নেওয়া ঠিক হয়নি। তবে ডন নিয়ে ভাবছি।

### রেমোর ধর্ম

কোরিয়োগ্রাফার রেমো ডিসুজা আসলে রমেশ গোপী ডিসুজা, কর্ণাটকে জন্ম। জামনগরে চার্চে কাজ করতেন। ফাদার ১৫ বছরের রেমোকে ধর্ম বদলাতে বলেন। তাঁর তুতো ভাইবোনরা ক্যাথলিক। রেমোর বাবা তাঁর নিজের নাম বদলাতে দেননি, তাই ধর্ম বদলালেও রেমো গোপী ডিসুজা থাকলেন। স্ত্রী লিজেলের এখানে কোনও ভূমিকা নেই, বলে দেন রেমো।



# স্কুল ইউনিফর্মে অনীত পাড্ডা

শক্তি শালিনী ছবিতে অনীত পাড্ডাকে দেখা গেল স্কুল ইউনিফর্মে। গোয়ালিয়রে ছবির শুটিং চলছে, সেখান থেকেই তার এই ভিডিও ভাইরাল হয়েছে। ছোট শহরের মেয়ে হয়েছেন তিনি, মাথায় দুটি বিনুনি, পিঠে ব্যাগ। এর আগে ২৩ বছরের তরুণী হয়েছেন সাইয়ারা ছবিতে। এবার স্কুলগার্ল অনীত একেবারে যেন সাইয়ারা থেকে নেমে এসেছেন তাঁর কিশোরীবেলায়। দর্শকদের মধ্যে এই অনীতকে নিয়ে মিশ্র অনুভূতির সৃষ্টি করেছে। কেউ বলেছে এটা যদি কাজ করে, তাহলেই ভালো। কারওর আবার ভালো লাগেনি। কয়েকজন বলেছে এটা বোধহয় ফ্ল্যাশব্যাকে দেখা যাবে, অনীত স্কুলগার্ল হতে পারে না। হরর কমেডি ধারার এই শক্তি শালিনী অনীতের সাইয়ারার পরের ছবি। এছাড়া তিনি মোহিত সুরির পরিচালনায় আবার অহান পাণ্ডের সঙ্গে কাজ করছেন। সে ছবি ২০২৭ সালে মুক্তি পাবে।



### নতুন ভূমিকায় শিবপ্রসাদ

ফুলপিসি ও এডওয়ার্ড ছবির গান মনের চাবি রে মুক্তি পেয়েছে। গানের কথা শ্রীজাত। সুর জয় সরকার। ইউ টিউবে অনেক ভিউ পেয়েছে, গানের পিকচারাইজেশনও ভালো লেগেছে দর্শকদের। এ গানে নেচেছেন শ্যামৌপ্তি মুদলি, সঙ্গে কখনও সৌম্য মুখোপাধ্যায়, কখনও ঋষভ বসু। এই নাচের কোরিয়োগ্রাফি করেছেন শিবপ্রসাদ মুখোপাধ্যায়। পরিচালনা, অভিনয়ের পাশে জানা গেল তাঁর নতুন দিকটির কথা। ছবির টিজার বেরিয়েছে নববর্ষের দিন, বোঝা গিয়েছে ছবিতে আছে অনেক রহস্য, তার সঙ্গে বিভিন্ন চরিত্রের ভিতরের সম্পর্ক আর জটিলতা।




# অবশেষে রহস্যের জট খুলল

অবশেষে উৎসব। না, কোথাও সেলিব্রেশন হচ্ছে না। উৎসব মুখার্জির কথা বলছি। টালিগঞ্জের পরিচালক উৎসব। অবশেষে সোশ্যাল মাধ্যমে ফিরে এসে স্ত্রীর সঙ্গে ছবি দিয়ে পোস্ট দিলেন তিনি। তাঁর অন্তর্ধান রহস্যের ওপর পর্দা পড়ল।


মঙ্গলবার পরিচালক সমাজমাধ্যমে তাঁর পেজ থেকে স্ত্রী মৌপিয়ার সঙ্গে একটি ছবি পোস্ট করে ক্যাপশনে লেখেন, 'হাই, আমি উৎসব। আমি এখন আমার স্ত্রীর সঙ্গে দিল্লিতে আছি এবং ভালো আছি। আমি জানি আপনারা সবাই অত্যন্ত উদ্বিগ্ন ছিলেন এবং তার জন্য আমি আপনাদের সকলের কাছে সত্যিই কৃতজ্ঞ। তবে আমি এটা অবশ্যই বলতে চাই যে, এত উদ্বেগের কারণ তৈরি হোক, এমন একটা পরিস্থিতি তৈরি হয় এটা আমি কখনও চাইনি, এটা আমার উদ্দেশ্য ছিল না। কিন্তু, জীবন মাঝে মাঝে অপ্রত্যাশিত মোড় নেয়। আমি সত্যিই দুঃখিত।'

উৎসব আরও জানান যে, তিনি কিছুটা সময় তাঁর স্ত্রীর সঙ্গে একান্তে সময় কাটাতে চান। তবে তাঁকে নিয়ে অনেকেই উদ্বিগ্ন হয়ে পড়েছিলেন, ফলে উৎসবের এই অন্তর্ধান নিয়ে সকলের মনেই নানা প্রশ্ন জমা হয়েছে। সেই সব উত্তর তিনি দেবেন বলেও জানিয়েছেন। তবে তার আগে নিজের ও পরিবারের জন্য বেশ কিছুটা সময় চেয়ে নিয়েছেন তিনি।

তাঁর কথায়, 'এই মুহূর্তে, আমি এবং মৌপিয়া আমাদের কিছুটা ব্যক্তিগত সময়ের প্রয়োজন রয়েছে। তাই বিনীত ভাবে অনুরোধ করছি, যদি আমাদের কিছুক্ষণের জন্য সেই অবকাশটুকু দেন। কলকাতায় ফিরে এসে আমি আপনাদের সকলের সঙ্গে যোগাযোগ করব, কথা দিচ্ছি। আমাকে এবং আমার স্ত্রীকে আপনারা যে ভালোবাসা দিয়েছেন, যেভাবে আমাদের পাশে থেকেছেন, তা দেখে আমি সত্যিই অভিভূত।'



ছোট্ট তারা



পুরাতন মালদা শহরের পাড়াসমন্তি এলাকার রুহান হোসেন (১৩) ছবি আঁকায় পারদর্শী। বড় চিত্রশিল্পী হওয়ার স্বপ্ন রয়েছে তার।

# বিধির গেরোয় 'প্রাণসংকট'

কল্লোল মজুমদার

**মালদা, ২৮ এপ্রিল :** প্রথম দফা নির্বাচন মিটে গিয়েছে। কিন্তু দ্বিতীয় দফা নির্বাচনের কারণে মদের দোকানগুলো এখনও বন্ধ রাখার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। দিনের পর দিন মদের দোকান বন্ধ থাকায় সুরাপ্রেমীরা পড়েছেন মহা ফাঁপরে। কারণ, দোকান বন্ধ থাকায় দামি ব্র্যান্ডের মদের বড় বোতল পিছু ৩০০ থেকে ৪০০ টাকা বেশি দরে ব্ল্যাক হচ্ছে। কারণবারির তৃষ্ণা মেটাতে তাই মালদার সুরাপ্রেমীদের ভরসা 'ফাটাফাটি'।

ফাটাফাটি এক ধরনের বাংলা মদ। এই মদে চটজলদি নেশা হয়। দামও অপেক্ষাকৃত কম। কিন্তু এই ফাটাফাটি খেয়ে সম্প্রতি একজনের মৃত্যু হয়েছে, আরেকজন অসুস্থ হয়ে পড়েছেন বলে জানা গিয়েছে। এই প্রসঙ্গে নাম প্রকাশ করা যাবে না এই শর্তে এক মদ ব্যবসায়ী বলেন, 'দিন দুয়েক আগেই ফাটাফাটি পান করে মালদা শহরের বালুচর এলাকার এক তরুণ মারা গিয়েছেন। পুলিশের অজান্তেই ওই তরুণের দেহ সৎকার করে দেওয়া হয়। মঙ্গলবারও ফাটাফাটি খেয়ে আরও এক তরুণ অসুস্থ হয়ে পড়েন। ওই তরুণের বাড়ির লোক ওই এলাকা থেকে তাঁকে অসুস্থ অবস্থায় উদ্ধার করে বাড়ি নিয়ে যান। তাই আমরা এদিন থেকে ফাটাফাটি বিক্রি বন্ধ করে দিয়েছি।'



- দোকান বন্ধ থাকায় বিদেশি মদ ব্ল্যাকে বিক্রি হচ্ছে
- তাই অনেকে অপেক্ষাকৃত কমদামি বাংলা মদ 'ফাটাফাটি' খেয়ে নেশা করছেন বলে জানা গিয়েছে
- এই মদ খেয়ে একজন তরুণ মারা যান। আরেক তরুণ অসুস্থ হয়েছেন বলে জানা গিয়েছে

এই প্রসঙ্গে মালদা জেলা আবগারি দপ্তরের সুপার শুভেন্দু শেঠ বলছেন, 'নির্বাচনি আচরণবিধি কার্যকর থাকার জন্য এই বিষয়ে আমি বিস্তারিতভাবে কিছু বলতে পারব না।' তিনি যোগ করেন, 'তবে গত নির্বাচনের চাইতে এবার অনেক বেশি বেআইনি দেশি মদ আটক করা হয়েছে।'

ফাটাফাটির এত রমরমা কেন? প্রশ্নের উত্তরে মদ বিক্রেতা আনন্দ দাস বলেন, 'দোকান বন্ধ থাকায় বিদেশি মদ ব্ল্যাকে বিক্রি হচ্ছে। মদের বড় বোতল কিনতে ক্রেতাদের নির্ধারিত দামের থেকে ৩০০ থেকে ৪০০ টাকা বেশি দিতে হচ্ছে। তাই অনেক ক্রেতা ৫০-৬০ টাকা দিয়ে ফাটাফাটি পান করে নেশা করছেন।'

মালদা জেলায় যে প্রচুর পরিমাণে মদ বিক্রি হয় তা এখন কারও অজানা নয়। দোল, বর্ষবরণ, কালীপুজো, দুর্গাপুজোতে রেকর্ড পরিমাণ মদ বিক্রির খবর উত্তরবঙ্গ সংবাদেই প্রকাশ হয়েছে বারবার। দীর্ঘদিন মদের দোকান বন্ধ থাকায় রাজস্বের ক্ষতি হবে বলে আশঙ্কা করা হচ্ছে। এই প্রসঙ্গে মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ড্রাস্টির জেলা সভাপতি উজ্জ্বল সাহা বলেন, 'ভোটের জন্য এভাবে মদ বিক্রি বন্ধ করলে আখেরে সরকারেরই বড় অংশের রাজস্বের ক্ষতি হয়। উলটে আড়ালে আবডালে বিক্রির প্রবণতা বেড়ে যায়। কিন্তু মানুষের নেশা করা আটকানো যায় না কিছুতেই।'

এদিকে, মদ বিক্রি বন্ধ নিয়ে নানারকম রসিকতা, মিম ছড়িয়ে পড়ছে সোশ্যাল মিডিয়ায়। চায়ের ঠেকে বা বন্ধুবান্ধবদের মধ্যে আড্ডায় সেসব নিয়ে আলোচনা, রসিকতাও চলছে। আবার অনেকে প্রথম দফার ভোটের সময় থেকে 'শিক্ষা' নিয়ে এবার আগে থেকেই মদ মজুত করে রেখেছেন। মালদা শহরের এক ব্যবসায়ী বলছিলেন, 'সারাদিন কাজের পর একটু পান করলে আমার ক্লান্তি কমে। আগেই খবর পেয়েছিলাম যে দ্বিতীয় দফা ভোটের আগে ফের মদের দোকান বন্ধ হয়ে যাবে মালদায়। তাই কিছুটা স্টক করে নিয়েছিলাম।'



প্রথম দফার নির্বাচনের দিন তিনেক আগে থেকে মদ বিক্রি বন্ধ হয়ে গিয়েছিল গোটা রাজ্যের পাশাপাশি মালদাতেও। দ্বিতীয় দফার ক্ষেত্রেও একই ছবি। কারণবারি না পেয়ে হা-হুতাশ তো চলছেই, সেইসঙ্গে উদ্বেগের কথা হল, নেশার ঘোরে কেউ কেউ বিষাক্ত বিকল্প বেছে নিচ্ছেন। সম্প্রতি 'ফাটাফাটি' বলে একধরনের দেশি মদ পান করছেন অনেকে। অভিযোগ, তাতে প্রাণহানির ঘটনাও ঘটছে।



দিনদুপুরেই রাতদুপুর।। মঙ্গলবার দুপুরে কালো মেঘে ছেয়ে গিয়েছে আকাশ। বালুরঘাটে। ছবি : মাজিদুর সরদার

## ডাকঘর সংযুক্ত করার প্রতিবাদে বিক্ষোভ

দীপঙ্কর মিত্র

**রায়গঞ্জ, ২৮ এপ্রিল :** রায়গঞ্জ শহরের উকিলপাড়ায় অবস্থিত রায়গঞ্জ টাউন মহিলা ডাকঘরকে সরিয়ে বীরনগরে অবস্থিত রাসবিহারী মার্কেট ডাকঘরের সঙ্গে সংযুক্ত করে দেওয়ার প্রতিবাদে আন্দোলনে নামলেন সাধারণ গ্রাহক এবং পোস্টাল এজেন্টরা। মঙ্গলবার উকিলপাড়ায় অবস্থিত মহিলা পরিচালিত ডাকঘরের সামনে জোট বেঁধে বিক্ষোভ প্রদর্শন করেন তাঁরা। ডাকঘর কর্তৃপক্ষের এই সিদ্ধান্তকে প্রত্যাহারের দাবি জানিয়েছেন বাসিন্দারা। উকিলপাড়া এলাকার বয়স্ক গ্রাহকরা এতে সমস্যায় পড়বেন বলে জানিয়েছেন তাঁরা। তাঁদের অভিযোগ, রাসবিহারী মার্কেট ডাকঘরে যেতে হলে টোটো ভাড়া করে যেতে হবে এবং বর্ষার সময় ওই এলাকা জলে ভরে যায়।

আন্দোলনকারীরা জানিয়েছেন, দপ্তর সূত্রে তাঁরা জেনেছেন মহিলা পরিচালিত এই ডাকঘরটিকে তুলে দেওয়া হবে। রাসবিহারী মার্কেট ডাকঘরের সঙ্গে সংযুক্ত করা হবে। এর ফলে সমস্যায় পড়তে হবে এলাকার গ্রাহকদের। ডাকঘরের গ্রাহক অদিতি দাস বলেন, 'ডাকঘরটি বীরনগরে চলে গেলে আমার পরিবারের পাশাপাশি এলাকার বয়স্ক মানুষরা সমস্যায় পড়বেন। কারণ বাড়ির কাছাকাছি ডাকঘর থাকায় অ্যাকাউন্ট করেছেন অনেকে। বর্ষাকালে ওই বীরনগর এলাকায় যাওয়া যায় না।' পাশাপাশি অনেকটাই দূরে। বড় ডাকঘরেও অনেক ভিড় থাকে। তাই বয়স্ক মহিলারা সেখানে গিয়ে দাঁড়িয়ে থাকতে পারবেন না বলে তিনি জানান।

উত্তর দিনাজপুর জেলার মধ্যে এটি একমাত্র মহিলা পরিচালিত ডাকঘর। রায়গঞ্জ শহরের উকিলপাড়ায় রয়েছে এটি। পোস্টাল এজেন্ট প্রদীপকুমার সরকার বলেন, 'এই ডাকঘরে আমরা দীর্ঘদিন ধরে কাজ করি। এলাকার বহু বয়স্ক মানুষের এখানে অ্যাকাউন্ট আছে। ডাকঘরকে অন্যত্র স্থানান্তর করলে গ্রাহকরা যাবেন না। তাঁদের সঙ্গে আমরাও ক্ষতিগ্রস্ত হব।' তাই মহিলা পরিচালিত এই পুরোনো ডাকঘরকে তুলে দেওয়া যাবে না বলে দাবি তাঁর। একই দাবিতে সরব হয়েছেন উত্তর দিনাজপুর প্রবীণ নাগরিক কল্যাণ মঞ্চের সদস্যারাও। সংস্থার সাধারণ সম্পাদক রথীন্দ্রকুমার দেব বলেন, 'আমাদের কাছে এলাকার বয়স্ক মহিলারা ডাকঘরটি যাতে স্থানান্তর না করা হয় সেজন্য কর্তৃপক্ষের সঙ্গে কথা বলতে অনুরোধ করেছেন। তাঁদের কথা মাথায় রেখে ডাকঘর কর্তৃপক্ষের সিদ্ধান্ত করা উচিত।' অন্যদিকে, মহিলা পরিচালিত ডাকঘরের সাব-পোস্ট মাস্টার বীথিকা চক্রবর্তীও বলেন, 'এই ডাকঘরটিকে রাসবিহারী মার্কেটের ডাকঘরের সঙ্গে যুক্ত করা হলে এলাকার গ্রাহকদের সমস্যা হবে। মহিলা পরিচালিত হওয়ায় মহিলারা এখানে আসতে স্বাচ্ছন্দ্য বোধ করেন। যদি সংযুক্ত করতে হয় তবে হেড পোস্ট অফিসের সঙ্গে সংযুক্ত করলে বেশি সুবিধা হবে, কারণ এটি কাছাকাছি।' ডাকঘরের আরেক কর্মী পায়েল রায় জানিয়েছেন, বহু বয়স্ক মহিলা এই ডাকঘরের গ্রাহক। ডাকঘর সরে গেলে তাঁরা সমস্যায় পড়বেন। উত্তর দিনাজপুরের ডাক বিভাগের অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট কেএল মাচা জানিয়েছেন, সাধারণ গ্রাহক এবং পোস্টাল এজেন্টদের দাবি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।



ফুটপাথ দখল করে রাখা ব্যবসায়ীদের 'দ্বারস্থ' পুরকর্মীরা। মঙ্গলবার বালুরঘাটে।

# ফুটপাথ দখলমুক্ত করতে হাতজোড়

সুবীর মহন্ত

**বালুরঘাট, ২৮ এপ্রিল :** শহরের ফুটপাথ দখলমুক্ত করতে গান্ধিগিরি করল বালুরঘাট পুরসভা। নির্বাচন মিটতেই বালুরঘাট শহরের বাজার এলাকার ফুটপাথগুলি দখলমুক্ত করতে উদ্যোগী হয়েছে তৃণমূল পরিচালিত বালুরঘাট পুরসভা। মঙ্গলবার পুরসভার কর্মীরা ১৯ নম্বর ওয়ার্ডের বাজার এলাকার রাস্তার দোকানদারদের কাছে হাতজোড় করে ফুটপাথ দখলমুক্ত করার অনুরোধ জানান।

তবে ব্যবসায়ীরা এই আবেদন না শুনলে আগামী ৪৮ ঘণ্টার মধ্যে পুরসভা কড়া পদক্ষেপ করবে বলেও দোকানদারদের জানিয়ে দেওয়া হয়েছে। এমনকি রাস্তার ধারে অবৈধ নির্মাণগুলিও ভেঙে ফেলতে বলা হয়েছে ব্যবসায়ীদের। বালুরঘাট পুরসভার চেয়ারম্যান সুরজিৎ সাহা বলেন, 'শহরে প্রচুর ব্যবসায়ী রাস্তা ও ফুটপাথ দখল করে রয়েছে। তাদের আমরা এর আগেও বলেছি, আজও হাতজোড় করে অনুরোধ জানানো হয়েছে। ৪৮ ঘণ্টার মধ্যে এবারে ব্যবসায়ীরা স্বেচ্ছায় দখলমুক্ত না করলে, আমরা আর্থমুভার নিয়ে দখলমুক্ত করতে নামব।'

যদিও বছর তিনেক আগেও, ফুটপাথ দখলমুক্ত করতে অলআউটে নেমেছিল পুরসভা। কিন্তু অভিযান শেষ হতে না হতেই কয়েকদিনের মধ্যেই ফের ফুটপাথ দখল করে ফেলেছিলেন ব্যবসায়ীরা। তাই এবারেও পুরসভা কতটা ফুটপাথ দখলমুক্ত করতে পারবে তা নিয়ে সন্দেহ রয়েছে সাধারণ মানুষের মধ্যেই।

যানবাহন বৃদ্ধির সঙ্গে সঙ্গে বালুরঘাট শহরের রাস্তা দিয়ে যাতায়াত করা ক্রমশ সমস্যার হয়ে দাঁড়িয়েছে। গোদের ওপর বিষফোড়ার মতো শহরের প্রধান রাস্তাগুলোর ফুটপাথ দখল করে রয়েছেন স্থানীয় ব্যবসায়ীরা। ফুটপাথে ব্যবসার সামগ্রী রাখার জন্য সাধারণ মানুষের চলাচলের অযোগ্য হয়ে উঠেছে বালুরঘাট শহরের প্রধান রাস্তাগুলি। ফুটপাথের দোকানগুলি ছাড়াও স্থায়ী দোকানের ব্যবসায়ীরাও দোকানের সামনে ফুটপাথ দখল করে সামগ্রী রেখে ব্যবসা চালাচ্ছেন দীর্ঘদিন ধরে। ফুল-ফলের দোকানদারদের পাশাপাশি বাজার এলাকার কাপড়ের দোকানদারেরাও জিনিস রেখে রাস্তাটিকে সংকীর্ণ করে ফেলেছেন। মাইক সহযোগে পুরসভার আবেদনের পরও কোনও ভ্রূক্ষেপ নেই ব্যবসায়ীদের।




- পুরসভার কর্মীরা রাস্তার দোকানদারদের কাছে হাতজোড় করে ফুটপাথ দখলমুক্ত করার অনুরোধ জানান
- ব্যবসায়ীরা এই আবেদন না শুনলে আগামী ৪৮ ঘণ্টার মধ্যে পুরসভা কড়া পদক্ষেপ করবে
- এমনকি রাস্তার ধারে অবৈধ নির্মাণগুলিও ভেঙে ফেলতে বলা হয়েছে ব্যবসায়ীদের

তাই এবারে ৪৮ ঘণ্টার মধ্যে সেগুলি সরিয়ে দিতে, হাতজোড় করে অনুরোধ করছেন পুরকর্মীরা। যদিও পুরসভার এই আবেদনে কতটা সাড়া দেবেন ব্যবসায়ীরা, সেই বিষয়টি এখনও স্পষ্ট নয়। এক ব্যবসায়ী জানান, এমন অভিযান চালালেও তাঁদের কিছু করার নেই, সামগ্রী সামনে না রাখলে, খদ্দের ধরতে সমস্যা হয়।

পথচারী রোহন পাল বলেন, 'পুরসভার এই উদ্যোগ প্রশংসনীয়। ফুটপাথ দিয়ে চলাই যায় না। কিন্তু এরকম অভিযান মাঝে মাঝে হয়। তারপর আবার চুপচাপ হয়ে যায় প্রশাসন। ফলে ফুটপাথ দখলমুক্ত আর হয় না। এবারেও হবে কি না সন্দেহ।' পুরকর্মী পীযূষকান্তি লাহা জানান, ফুটপাথের মুখ দখল করে থাকার কারণে বাজার এলাকার সমস্ত রাস্তা অন্ধকারে ঢেকে থাকে। রাস্তা ছোট হয়ে যাওয়ার কারণে চলাচল করতে অসুবিধা হয়। তাই আজ তাঁরা অনুরোধ জানিয়ে গেলেন, যাতে আগামী দু'দিনের মধ্যে ব্যবসায়ীরা ফুটপাথ দখলমুক্ত করে দেন।

# দক্ষিণের ভোট নিয়ে চর্চা উত্তরে

জসিমুদ্দিন আহম্মদ

**মালদা, ২৮ এপ্রিল :** রাজ্যের অন্তিম পর্বের নির্বাচনি উত্তাপের আঁচ পোহাচ্ছেন মালদা জেলার মানুষও। প্রথম দফায় উত্তরবঙ্গ সহ রাজ্যের ১৫২টি আসনে অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে। কিন্তু দ্বিতীয় দফায় ১৪২টি আসনের মধ্যে বিশেষ করে দক্ষিণবঙ্গের আসনগুলিতে বোমা-গুলির লড়াইয়ের আশঙ্কা করছেন মানুষ। বিশেষ করে কলকাতা, ভাঙড়, আসানসোল, ফলতা সহ একাধিক জায়গায় ইতিমধ্যেই উত্তেজনা শুরু হয়েছে। কর্মসূত্রে কলকাতায় বসবাসকারী মালদা জেলার বহু মানুষই ভোটের গণ্ডগোল থেকে বাঁচতে মালদায় ফিরে এসেছেন। আর তাঁদের উপস্থিতি এবং অনুপস্থিতিতে এইসব নিয়ে পাড়ার মোড়ে মোড়ে চলছে জোর চর্চা।

মঙ্গলবারের সকাল সাড়ে ৬টা। জমজমাট ফোয়ারা মোড়ে শুরু হয়েছিল চায়ের আড্ডা। চর্চার বিষয় অন্তিম দফার ভোট কি রক্তপাতহীন হবে? কলকাতার নিউটাউনে কর্মরত মালদা শহরের বাসিন্দা প্রীতম গঙ্গোপাধ্যায় ভোটের একদিন আগেই মালদায় ফিরে এসেছেন। সকালে ফোয়ারা মোড়ে আড্ডা মারছিলেন প্রীতম। তিনি বলেন, 'এবারের নির্বাচনে ক্ষমতার দিক থেকে শাসক-বিরোধী অনেকটাই সমানে সমানে। তাই আস্ফালন রয়েছে দুই তরফেই। কেউ কাউকে এক ইঞ্চি জায়গা ছাড়বে না। ব্যাপক গণ্ডগোল হওয়ার সম্ভাবনা রয়েছে কলকাতায়। আমি ঝুঁকি না নিয়ে মালদায় ফিরে এসেছি।'




-এআই

দীর্ঘদিন ধরেই কলকাতার গড়িয়ায় বসবাস করেন প্রৌঢ় শম্ভুনাথ লাহিড়ি। তিনি মালদা শহরের হাটখোলা এলাকার বাসিন্দা। তিনি ফোনে জানান, কেন্দ্রীয় বাহিনীর সৌজন্যে রাজ্যে প্রথম দফার নির্বাচন শান্তিপূর্ণ হয়েছে। তবে দ্বিতীয় দফায় সেই ধারা বজায় থাকবে কি না তা সেটা এখনই বলা সম্ভব নয়। ইতিমধ্যেই রাজ্যের একাধিক কেন্দ্র থেকে শাসক-বিরোধীদের দফায় দফায় সংঘর্ষের খবর জানা যাচ্ছে। উদ্ধার হচ্ছে অস্ত্রশস্ত্র। ভোটের দিন কেন্দ্রীয় বাহিনী ও নির্বাচন কমিশন কতটা তৎপর থাকবে তা বলা সম্ভব নয়। তাঁরাও এনিয়ে আতঙ্কের মধ্যে রয়েছেন।

শহরের রাজমহল রোডে আড্ডারত সন্তোষ সরকার নামে এক তরুণ বলেন, 'উত্তরবঙ্গের সঙ্গে দক্ষিণবঙ্গকে মেলালে হবে না। সেখানকার মানুষ অনেক বেশি আগ্রাসী। কেন্দ্রীয় বাহিনীকে দেখে ভয় পাবে না। ভোটে যে কোনও ঘটনা ঘটতে পারে।' যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া মালদা শহরের সানিপার্ক এলাকার বাসিন্দা দেবারুণ ঘোষ এদিন ফোনে জানান, ভোটের প্রভাব বলতে যানবাহন চলাচল এখন অনেকটাই কম। বেশিরভাগ গাড়ি নির্বাচন কমিশন তুলে নিয়েছে। তাঁর কথায়, 'যে ভাড়াবাড়িতে থাকি, সেখানে সেভাবে কোনও উত্তেজনা নেই। তবে ভোটের দিন বাড়ির বাইরে বের হব না। কারণ কোন সময় কী হয় কেউ বলতে পারবে না।'




### ২০ হাজার টাকা আদায়ে শিউরে ওঠার মতো ছবি ওড়িশায়

# দিদির কঙ্কাল কাঁধে ব্যাংকে ভাই

**কেওনঝড়, ২৮ এপ্রিল :** মৃত্যুর পরেও শান্তি নেই। মৃত দিদির জমানো মাত্র ২০ হাজার টাকা উদ্ধার করতে শেষপর্যন্ত তাঁর কঙ্কাল ঘাড়েই ব্যাংকে হাজির হলেন ভাই। সোমবার ওড়িশার কেওনঝড় জেলার মালিপোসি এলাকায় ওড়িশা গ্রামীণ ব্যাংকের শাখায় এই হাড়হিম করা দৃশ্য দেখে চোখ কপালে ওঠে ব্যাংকের কর্মীদের। প্রশাসনিক লাল ফিতের ফাঁসে এক নিরক্ষর মানুষের অসহায়তা এমন চরম রূপ নিতে পারে, তা দেখে শিউরে উঠছে গোটা দেশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, দিয়ানালি গ্রামের বাসিন্দা জিতু মুণ্ডার (৫০) দিদি কালরা মুণ্ডা (৫৬) গত ২৬ জানুয়ারি মারা যান। গোরু বিক্রি করে দিদির ব্যাংক অ্যাকাউন্টে জমানো ২০ হাজার টাকা তুলতে গিয়ে শুরু হয় চরম ভোগান্তি। জিতুর অভিযোগ, দিদির মৃত্যুর পর তিনি ব্যাংকে গেলে কর্তৃপক্ষ তাঁকে ডেথ সার্টিফিকেট ও আইনি উত্তরাধিকার সংক্রান্ত নথি জমা দিতে বলেন। নিরক্ষর জিতু সেই সব জটিল মারপ্যাঁচ বুঝতে পারেননি। তাঁর দাবি, ব্যাংক কর্মীরা তাঁকে সাফ জানিয়ে দেন যে, যাঁর অ্যাকাউন্ট তাঁকে সশরীরে ব্যাংকে উপস্থিত হতে হবে।

শেষে ক্ষোভ আর অভিমানে দেওয়ালে পিঠ ঠেকে যাওয়ায় দু'মাস আগে সমাধিস্থ করা দিদির কবর খুঁড়ে কঙ্কাল বের করে আনেন জিতু। সেই কঙ্কাল কাপড়ে জড়িয়ে সোজা ব্যাংকের কাউন্টারে হাজির হন তিনি। ব্যাংকের ভিতর কঙ্কাল দেখে হুড়োহুড়ি পড়ে যায়। জিতু বলেন, 'আমি একাধিকবার ব্যাংকে গিয়েছি। সেখানকার লোকজন আমাকে বলেছিলেন, যাঁর নামে টাকা রয়েছে তা তুলতে তাঁকেই আসতে হবে। আমি যতবার বলি, তিনি মারা গিয়েছেন, ওঁরা আমার কোনও কথায় কর্ণপাত করেননি। খালি বলছিলেন, যাঁর টাকা তাঁকেই আসতে হবে। প্রচণ্ড হতাশায় তাই বাধ্য হয়ে আমি কবর খুঁড়ে দিদির কঙ্কাল বের করে নিয়ে যাই।' রাস্তা দিয়ে কঙ্কাল কাঁধে জিতুর হেঁটে যাওয়ার ভিডিও ইতিমধ্যে সমাজমাধ্যমে ভাইরাল হয়েছে। কংগ্রেস বলেছে, 'যে দেশে সরকার ধনীদের ১৬ লক্ষ কোটি টাকার ঋণ চুটকি দিয়ে মাফ করে দেয় সেদেশেই জিতুর মতো গরিবদের হয়রান করা হয়।'




দিদির কঙ্কাল কাঁধে হাটছেন জিতু। সামাজিক মাধ্যমে ভাইরাল এই ছবি।


খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছোয় পুলিশ। পাটানা থানার আইসি কিরণ প্রসাদ সাহু বলেন, 'জিতু একজন সহজ-সরল মানুষ। নমিনি বা আইনি উত্তরাধিকারীর নিয়ম তাঁকে সহজভাবে বোঝাতে ব্যর্থ হয়েছেন ব্যাংক কর্তৃপক্ষ।' জানা গিয়েছে, কালরা মুণ্ডার অ্যাকাউন্টের নমিনিও ইতিমধ্যে মারা গিয়েছেন। ফলে জিতুই এখন ওই টাকার একমাত্র দাবিদার। স্থানীয় বিডিও মানস দণ্ডপাত জানিয়েছেন, প্রশাসনিক স্তরে জিতুর টাকা দ্রুত পাইয়ে দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। আপাতত পুলিশের উপস্থিতিতে ওই কঙ্কালটি পুনরায় কবর দেওয়া হয়েছে। আধুনিক ডিজিটাল ইন্ডিয়ার যুগেও গ্রামীণ ভারতের এক বিবর্ণ ও নিষ্ঠুর ছবিই যেন চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল এই ঘটনা।

## পৃথিবীর পাঠশালা

### অস্তিত্বের প্রশ্ন করা পাখি



পশুপাখিরা মানুষের কথা নকল করতে পারে, কিন্তু তারা কি কিছু বুঝতে পারে? অ্যালেক্স নামের একটি আফ্রিকান গ্রে প্যারট বিজ্ঞানীদের এই ধারণা পুরোপুরি বদলে দিয়েছিল। সে একশোর বেশি ইংরেজি শব্দ জানত, রং এবং আকার চিনতে পারত। সবচেয়ে বড় কথা, সে বিশ্বের একমাত্র প্রাণী যে নিজের অস্তিত্ব নিয়ে প্রশ্ন করেছিল। আয়নার সামনে দাঁড়িয়ে সে তার ট্রেনারকে জিজ্ঞেস করেছিল, সে কী রঙের। বিজ্ঞানের ইতিহাসে কোনও পশুপাখির মুখ থেকে শোনা এটিই ছিল প্রথম এবং একমাত্র অস্তিত্বমূলক প্রশ্ন।



### অমর কোষের জাদুকরি গল্প

ক্যানসার রোগীর মৃত্যু হলেও তাঁর কোষ কি বেঁচে থাকতে পারে? ১৯৫১ সালে হেনরিয়েটা ল্যাক্স নামে এক কৃষ্ণাঙ্গ নারীর শরীর থেকে ক্যানসারের কোষ নেওয়া হয়েছিল। তাঁর মৃত্যু হলেও বিজ্ঞানীরা অবাক হয়ে দেখেন, ওই কোষগুলো ল্যাবরেটরিতে অনবরত বেড়েই চলেছে এবং কোনওদিন মরছে না। এই অমর কোষের নাম দেওয়া হয় হিলা সেলস। আজ পর্যন্ত চিকিৎসা বিজ্ঞানে পোলিওর টিকা আবিষ্কার থেকে শুরু করে ক্যানসারের গবেষণায় এই কোষ ব্যবহৃত হয়ে আসছে। একজন সাধারণ নারীর কোষ কোটি কোটি মানুষের প্রাণ বাঁচিয়েছে।



### গ্রীষ্মকাল যখন বরফে ঢাকা

১৮১৬ সালকে পৃথিবীর ইতিহাসে গ্রীষ্মকাল ছাড়া বছর বলা হয়। এর ঠিক এক বছর আগে ইন্দোনেশিয়ার মাউন্ট তাম্বোরা আগ্নেয়গিরিতে এক ভয়ংকর বিস্ফোরণ হয়েছিল। সেই বিস্ফোরণের ছাই এবং গ্যাস পৃথিবীর বায়ুমণ্ডলকে এমনভাবে ঢেকে দেয় যে, সূর্যের আলো পৃথিবীতে পৌঁছোতে বাধা পায়। এর ফলে উত্তর গোলার্ধে জুলাই মাসেও প্রবল তুষারপাত হয় এবং ফসল নষ্ট হয়ে দুর্ভিক্ষ দেখা দেয়। লাগাতার বৃষ্টির জন্য ওই বছর সুইৎজারল্যান্ডের এক ঘরে বন্দি থেকেই লেখিকা মেরি শেলি তাঁর বিখ্যাত উপন্যাস ফ্রাঙ্কেনস্টাইন লিখেছিলেন।

### পরির ছবি এবং শার্লক

১৯১৭ সালে ইংল্যান্ডের দুই কিশোরী এলসি এবং ফ্রান্সেস দাবি করে যে, তারা বাগানে সত্যিকারের পরি দেখেছে। শুধু দাবি নয়, তারা ক্যামেরায় তোলা কয়েকটি ছবিও দেখায় যেখানে তাদের সঙ্গে ডানাওয়ালা ছোট পরিদের নাচতে দেখা যায়। এই ছবিগুলো সে যুগে এতটাই আলোড়ন ফেলেছিল যে, শার্লক হোমসের স্রষ্টা আর্থার কোনান ডয়েলও এগুলোকে আসল বলে বিশ্বাস করেছিলেন। প্রায় ষাট বছর পর ওই নারীরা স্বীকার করেন যে, কার্ডবোর্ডের কাটা ছবি আর পিন ব্যবহার করে তারা বিশ্বের সবচেয়ে বড় এই ভাঁওতাবাজিটি করেছিলেন।



## প্রার্থীকে মারধরে ধৃত ২

**শিলিগুড়ি, ২৮ এপ্রিল :** কুমারগঞ্জে বিজেপি প্রার্থী শুভেন্দু সরকারকে মারধরের ঘটনায় শিলিগুড়ি থেকে গ্রেপ্তার করা হল ২ জনকে। ধৃত ওই দুই তরুণের নাম আউয়াল রেজা মাধা ও ওয়াসিম রাজা। ধৃত দুজনেই গঙ্গারামপুরের রঘুনাথপুর এলাকার বাসিন্দা।

প্রথম দফার নির্বাচনে উত্তেজনা ছড়িয়েছিল দক্ষিণ দিনাজপুরের কুমারগঞ্জে। সেখানেই মারধর করা হয়েছিল বিজেপি প্রার্থীকে। এরপরই তদন্তে নামে দক্ষিণ দিনাজপুর থানার পুলিশ। মনে করা হচ্ছে, ব্যাপক ধরপাকড়ের হাত থেকে বাঁচার জন্য ওই দুজন শিলিগুড়িতে চলে আসেন। পুলিশ সূত্রে খবর, তাঁরা গত তিনদিন ধরে মেডিকেল ফাঁড়ি এলাকার একটি হোটেলে গা-ঢাকা দিয়ে ছিলেন। এদিন এই দুই অভিযুক্তের খোঁজে শহরে আসে দক্ষিণ দিনাজপুরের পুলিশ। এরপর মেডিকেল ফাঁড়ির পুলিশের সহযোগিতায় অভিযান চালিয়ে মেলে সাফল্য। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ট্রাফিক) কাজি সামসুদ্দিন আহমেদ বলেন, 'প্রার্থীকে মারধরে জড়িত থাকার অভিযোগে দুজনকে পাকড়াও করা গিয়েছে।'



গণতন্ত্রের উৎসবের পথে। মঙ্গলবার কলকাতায়। -পিটিআই

# কুমারগঞ্জে পাকা রাস্তায় কাদা

**কুমারগঞ্জ, ২৮ এপ্রিল :** পাকা রাস্তায় কাদা- কথাটা শুনলে অদ্ভুত মনে হলেও এমনটাই ঘটেছে কুমারগঞ্জে। ডাঙ্গারহাট থেকে ডানদিক হয়ে মোল্লাদিঘির রাস্তায় ঢুকতেই চোখে পড়বে উধাও পাকা রাস্তা। চারদিকে শুধু কাদা আর কাদা। শুধু এই একটি রাস্তা নয়, কুমারগঞ্জের কৃষিজমি সংলগ্ন বহু পাকা রাস্তায় গতকালের বৃষ্টির পর একই চিত্র ধরা পড়েছে। ফলে স্কুল পড়ুয়া থেকে শুরু করে সাধারণ মানুষ, এমনকি রোগী নিয়ে যাতায়াতকারী গাড়িও এই কাদামাখা রাস্তায় সমস্যায় পড়ছে।

স্থানীয়দের অভিযোগ, রাস্তায় এত কাদা জমার মূল কারণ অবৈধ পুকুর খনন। দীর্ঘদিন ধরে ব্লকের বিভিন্ন এলাকায় অবাধে পুকুর খননের কাজ চলছে। ট্র্যাক্টর-ট্রলি বা ডাম্পারে সেই মাটি পরিবহণের সময় তার একটা অংশ রাস্তায় পড়ছে। শুকনো অবস্থায় সেই মাটি ধুলো হয়ে থাকলেও, বৃষ্টির জল পড়তেই তা কাদায় পরিণত হচ্ছে। পথচারী রহমত মোল্লার কথায়, 'এই কাদা দিয়ে সাইকেল নিয়ে চলাচল করাই দায় হয়ে দাঁড়িয়েছে। যে কোনও সময় দুর্ঘটনা ঘটতে পারে।' নাম প্রকাশে অনিচ্ছুক এক স্থানীয় বাসিন্দা বলছেন, 'সবটাই টাকার খেলা। গোটা এলাকায় অসংখ্য পুকুর খনন হয়েছে। সেই মাটি রাস্তায় পড়ে রয়েছে। এদের বিরুদ্ধে কিছু বলার সাহস কারও নেই, কারণ প্রভাবশালীরা এর সঙ্গে জড়িত।'

যদিও এবিষয়ে কুমারগঞ্জের জয়েন্ট বিডিও নাজমুল হকের বক্তব্য, 'আমি নতুন দায়িত্বে এসেছি। বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'

## আবাসিককে খুনের অভিযোগ

**ডোমকল, ২৮ এপ্রিল :** নেশামুক্তিকেন্দ্রেই আবাসিককে পিটিয়ে হত্যার অভিযোগ। মঙ্গলবার মুর্শিদাবাদের ডোমকলে ঘটনাটি ঘটেছে। মৃত আবাসিকের নাম গজলু শেখ (৫৫)। তাঁর পরিবার হত্যার অভিযোগ এনেছে। পেশায় রাজমিস্ত্রি হলেও গজলু সম্প্রতি শারীরিক অসুস্থতার কারণে টোটো চালানো শুরু করেন। বিগত কয়েক বছর ধরে তিনি মাদকাসক্ত হয়ে পড়ায়, তাঁকে স্বাভাবিক জীবনে ফেরাতে পরিবারের তরফে স্থানীয় একটি নেশামুক্তিকেন্দ্রে ভর্তি করা হয়।

যদিও এরই মাঝে ঘটনাটি ঘটেছে। মৃতের ছেলে মোবারক শেখের অভিযোগ, 'বাবার সঙ্গে দেখা করতে দেওয়া হত না। ওরা বাবাকে পিটিয়ে খুন করেছে। আমরা এই ঘটনার তদন্ত চাই।' যদিও নেশামুক্তি আবাসন কেন্দ্রের মালিক নাসিমুল হক বিষয়টি অস্বীকার করেছেন। তিনি বলেন, 'পুরোপুরি মিথ্যে অভিযোগ আনা হচ্ছে। ওই ব্যক্তি অসুস্থতাজনিত কারণে শ্বাসকষ্টে ভুগে মারা গিয়েছেন। তাকে কেউ পিটিয়ে খুন করেনি।'

# বেনজির নিরাপত্তায়

*প্রথম পাতার পর*

ওই স্থগিতাদেশ লঙ্ঘন করে ৩০০ তৃণমূল কর্মীর বিরুদ্ধে পদক্ষেপ করার খবর আছে।

প্রথম পর্বের চেয়েও বুথে বুথে আরও বেশি নিরাপত্তার ব্যবস্থা হয়েছে। ওয়েব কাস্টিংয়ের মাধ্যমে প্রতিটি বুথের পূর্ণ নজরদারি চালানো হবে বলে কমিশন জানিয়েছে। মোতায়েন করা হয়েছে আরও বেশি পুলিশ পর্যবেক্ষক। স্পর্শকাতর এবং অতিস্পর্শকাতর বুথ ও এলাকার নিরাপত্তার দায়িত্বে থাকবেন কেন্দ্রীয় বাহিনীর কমান্ডান্টরা। মহকুমা শাসক, জেলা শাসক, মুখ্য নির্বাচনি আধিকারিকের দপ্তরের কন্ট্রোলরুমের বার্তা পেলে ঘটনাস্থলে পৌঁছে যাবেন তাঁরা।

বুধবারের ভোটে বুথের সংখ্যা প্রায় ৪০ হাজার। এর মধ্যে দুই ২৪ পরগনা ও পুরো কলকাতাকে স্পর্শকাতর এলাকা ঘোষণা করেছে কমিশন। দ্বিতীয় দফার ভোটে থাকছে এনআইএ-র মতো তদন্তকারী সংস্থাও। রাজ্যের বিভিন্ন প্রান্তে মঙ্গলবারই ছিল এনআইএ-র তৎপরতা। ভাটপাড়ায় বিজেপি প্রার্থী পবন সিংয়ের নিরাপত্তারক্ষীর গুলিবিদ্ধ হওয়া, জগদ্দল থানায় তৃণমূল-বিজেপি সংঘর্ষ, ভাঙড়ে বোমা উদ্ধার ইত্যাদি ঘটনায় এনআইএ তদন্ত শুরু করেছে।

মঙ্গলবার রাতে রাজ্যে আসছে এনআইএ-র আরও দল। যারা বুধবার হুগলি, কসবা, ভাঙড়, বর্ধমান, নদিয়া, বারুইপুর এবং বিষ্ণুপুরে থাকবে। অতীতে এই এলাকাগুলিতে ভোটের দিন অপরাধ ও নাশকতামূলক কাজের দৃষ্টান্তের কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত বলে কমিশনের যুক্তি। ওইসব এলাকার বুথে থাকবে বাড়তি নিরাপত্তার ব্যবস্থা। মোট ৩টি ক্যামেরার মাধ্যমে বুথগুলিতে দিনভর নজরদারি চালাবে কমিশন। রাজ্য পুলিশের কাজ মূলত ভোটারদের লাইন ঠিক রাখা। লক্ষ্মণরেখার মধ্যে ঢোকার আগে কেন্দ্রীয় বাহিনী নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলি খতিয়ে দেখবে। বুথের মধ্যে রাখা এআই প্রযুক্তির ক্যামেরায় অতিরিক্ত ও অবাঞ্ছিত কারও উপস্থিতি টের পেলে বিশেষ সংকেত পাঠাতে থাকবে কন্ট্রোল রুমে।

সেই ভিত্তিতে কন্ট্রোল রুমে মনিটরিংয়ের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা খবর দেবেন সংশ্লিষ্ট সেক্টর অফিসার এবং কেন্দ্রীয় বাহিনীর কর্তাদের। খবর পাওয়ার আধ ঘণ্টার মধ্যে ঘটনাস্থলে পৌঁছে যেতে বলা হয়েছে বাহিনীকে। বাহিনীর কর্তাদের শরীরে লাগানো বডি ক্যামেরায় তাঁদের গতিবিধি নজরে রাখবে কমিশন। কেন্দ্রীয় বাহিনীর নিষ্ক্রিয়তা ও সিদ্ধান্তহীনতার অভিযোগ থাকায় এই পদক্ষেপ।

বুধবারের ভোটের আগে প্রায় ১০০ জন পুলিশ পর্যবেক্ষককে নিয়োগ করেছে কমিশন। প্রাথমিকভাবে আইনশৃঙ্খলা রক্ষায় কেন্দ্রীয় বাহিনী ও পুলিশকে লাঠি ব্যবহার করতে বলা হলেও পরিস্থিতি অনুযায়ী অন্য পদক্ষেপের অনুমতিও আছে। তবে গণ্ডগোল মোকাবিলায় অতীতের সঙ্গে এবার কৌশলের কিছুটা ফারাক রয়েছে। গণ্ডগোল পাকাতে পারে এমন অপরাধীদের ইতিমধ্যে গ্রেপ্তার করে জেলে পাঠানো হয়েছে।

এত নিরাপত্তার বন্দোবস্তের মধ্যেও মঙ্গলবার সাগরদিঘির মণি গ্রামে বেশকিছু তাজা বোমা ভর্তি বস্তা উদ্ধার হয়েছে। হুগলির বলাগড়ে অবৈধভাবে টাকা বিলি করার অভিযোগে এক বিজেপি কর্মী গ্রেপ্তার হয়েছেন। বুধবারের ভোটে কমিশনের কাছে সব থেকে গুরুত্বপূর্ণ দুই ২৪ পরগনা। বিশেষ করে দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়, ডায়মন্ড হারবারের ফলতা, আরামবাগ গুরুত্বপূর্ণ।

সব থেকে বেশি কুইক রেসপন্স টিম মোতায়েন করা হয়েছে কলকাতায়। ফ্লাইং স্কোয়াড ও স্ট্যাটিক সার্ভেলান্স টিমের সংখ্যাও কলকাতায় সব থেকে বেশি। গলিঘুঁজিতে বাহিনীর গতিবিধির সুবিধার জন্য বাইকের ব্যবহার বাড়ানো হয়েছে। বাহিনীকে প্রয়োজন অনুযায়ী যত দরকার, তত বাইক ভাড়ায় নিতে বলা হয়েছে।

## গণতন্ত্রের

*প্রথম পাতার পর*

ফলে এই গুরুত্বপূর্ণ অফিসারের পদ ফাঁকা থাকায় বহির্বিভাগে ব্যাপক প্রভাব পড়ছে। একজন চিকিৎসককে দিয়েই দু'তিনটি বিভাগ সামলাতে হচ্ছে। অন্য অনেক বিভাগে পর্যাপ্ত চিকিৎসক নেই। চিকিৎসকের অভাবে জেলা হাসপাতালের পরিষেবা স্বাভাবিক রাখতে একেই হিমসিম খেতে হচ্ছে, তার মধ্যে ভোটদান প্রক্রিয়া বা নির্বাচনি কাজে যুক্ত থাকার ফলে চিকিৎসকদের পরিশ্রম আরও বেড়ে গিয়েছে। যার ফলে পরিষেবায় প্রভাব পড়ছে।

সীমান্ত জেলা দক্ষিণ দিনাজপুরে বেসরকারি চিকিৎসা পরিষেবা প্রায় নেই বললেই চলে। এই জেলার অধিকাংশ মানুষই সরকারি চিকিৎসা ব্যবস্থার ওপরই নির্ভরশীল। অথচ বিভিন্ন সময় চিকিৎসকের অভাবে রোগীদের বেশিরভাগ ক্ষেত্রে রেফার করা হয় বলে অভিযোগ। এখনও দক্ষিণ দিনাজপুরের স্বাস্থ্যপ্রতিষ্ঠানগুলিতে বিভিন্ন বিভাগের চিকিৎসকের সংখ্যা অত্যন্ত কম। বিশেষ করে জেনারেল ডিউটি মেডিসিন অফিসারের পদ অনেক ফাঁকা। পাশাপাশি বিভিন্ন বিশেষজ্ঞ বিভাগেও মোট শূন্যপদের তুলনায় কিছুটা কম সংখ্যক চিকিৎসক রয়েছেন।

যদিও পরিষেবা নিয়ে ধারাবাহিকভাবে সমস্যার অভিযোগ মানতে নারাজ বালুরঘাট হাসপাতাল সুপার কৃষ্ণেন্দুবিকাশ বাগ। তাঁর বক্তব্য, 'পুরুষ ও মহিলা মেডিসিন বিভাগে যে চিকিৎসকের দায়িত্ব ছিল তিনি কেন সময়মতো আসেননি, তা জানতে চাওয়া হয়েছে তাঁর কাছ থেকে। তবে আগের চেয়ে আমাদের হাসপাতালে চিকিৎসকের সংখ্যা বেড়েছে। পরিষেবায় কোনও সমস্যা হচ্ছে না। এটা একটা ব্যতিক্রমী ঘটনা।'

এদিন হাসপাতাল চত্বরেই কথা হচ্ছিল এক রোগীর আত্মীয়, কুমারগঞ্জের বাসিন্দা আজমের মণ্ডলের সঙ্গে। তাঁর অভিযোগ, 'মুখ্যমন্ত্রী স্বাস্থ্য ব্যবস্থাকে এত বড় সুপারস্পেশালিটি হাসপাতাল তৈরি করে দিয়েছেন। কিন্তু চিকিৎসকদের সদিচ্ছার কারণেই হাসপাতালে পরিষেবা পেতে মানুষকে কষ্ট পেতে হচ্ছে। অথচ প্রাইভেট চেম্বারে বা নার্সিংহোমে গেলেই চিকিৎসকদের সময়মতো দেখা মিলছে।'

# বিষাক্ত চুম্বনে

*প্রথম পাতার পর*

কিন্তু কালির জেদ যেন অবাধ্য প্রেমিকের চেয়েও বেশি। সে সহজে আঙুল ছাড়তে চাইছে না। সে যেন বলতে চাইছে, 'আমি তোমার জীবনের অবিচ্ছেদ্য অংশ হয়ে থাকব'। বাঙালি তার যে কোনও ব্যথাবেদনা বা ক্ষোভ প্রকাশের জন্য বর্তমানে যে জায়গাটিকে সবচেয়ে নিরাপদ মনে করে, তা হল ফেসবুক। সুতরাং, কালি-বিপর্যয়ের এই করুণ কাহিনী যে সোশ্যাল মিডিয়ায় আছড়ে পড়বে, সেটাই ছিল স্বাভাবিক। ভোটকর্মীরা ফেসবুকে নিজেদের দুঃখের কথা জানাতে শুরু করলেন। কে কতটা যন্ত্রণায় ভুগছেন, কার আঙুল কতটা ফুলেছে— তাই নিয়ে শুরু হল বিস্তর আলোচনা। এই চরম ডামাডোলের মধ্যে ত্রাতার ভূমিকায় অবতীর্ণ হয়েছেন একাধিক সহৃদয় চিকিৎসক। ডাঃ সৌমিত্র মণ্ডল সুদীর্ঘ পোস্ট করে কালি-বিভ্রাটের বৈজ্ঞানিক কারণ ব্যাখ্যা করেছেন, কিছু জরুরি পরামর্শও দিয়েছেন।

চিকিৎসকের সেই পোস্টের কমেন্ট বক্সটি আপাতত একটি ভার্চুয়াল হাসপাতাল। রাজ্যের নানা প্রান্ত থেকে আহত ভোটকর্মীরা সেখানে ভিড় জমিয়েছেন। তাঁরা কথায় নয়, প্রমাণে বিশ্বাসী। তাই নিজেদের আহত, ক্ষতবিক্ষত ও ফুলে যাওয়া আঙুলের ছবি দিয়ে কমেন্ট বক্স ভরিয়ে দিয়েছেন। একজন লিখেছেন, 'স্যর, দু'দিন ধরে ঘুমাতে পারছি না, যন্ত্রণায় হাত ছিঁড়ে যাচ্ছে।' আরেকজন মন্তব্য, 'গণতন্ত্র রক্ষা করতে গিয়ে নিজের আঙুলটাই যে বিসর্জন দিতে হবে, তা তো আগে বুঝিনি!' এসব মন্তব্য আর ছবির ভিড়ে এক অদ্ভুত ভ্রাতৃত্ববোধের সৃষ্টি হয়েছে। সবাই যেন এক অদৃশ্য সুতোয় বাঁধা পড়েছেন, যাঁদের পরিচয় একটাই, তাঁরা সকলেই নীল কালির এই বিষাক্ত চুম্বনের শিকার। সব মিলিয়ে এই কালি-বিভ্রাট রাজ্যের নির্বাচন প্রক্রিয়ার ইতিহাসে এক নতুন এবং অভিনব অধ্যায় সংযোজন করেছে।

কালি নিয়ে রসিকতা অনেক হচ্ছে, তবে সেই জ্বলুনি আর ফোসকার নীচে যে কতটা নাগরিক যন্ত্রণা লুকিয়ে আছে, তা একমাত্র সেই নীল আঙুলের মালিকরাই অনুভব করছেন। বালুরঘাটের একটি স্কুলের করণিক অমিত সাহার কথাতেই তা স্পষ্ট, 'দু'দিন থেকে ঠিকমতো খেতে পারছি না। পরিবারের কোনও সদস্য চামচ দিয়ে খাইয়ে দিচ্ছেন।' কোচবিহারের ভোটকর্মী সুবল বিশ্বাস আবার চিকিৎসার খরচ দাবি করেছেন। তাঁর যুক্তি, 'নির্বাচনের কাজে গিয়েই ডাক্তারের ফি, ওষুধ মিলিয়ে এখনও ১২০০ টাকা খরচ করেছি। এই টাকা নির্বাচন কমিশনেরই দেওয়া উচিত।'

ভোটের ফল বেরোতে সময় লাগে, কিন্তু কালির ফল যে এমন হাতেনাতে মিলবে, তা ছিল ধারণার অতীত। কালির মহিমা সত্যিই অপার। এখন অনেকেই মনে মনে সত্যজিৎ রায়ের গুপী গাইন বাঘা বাইনের সেই জাদুকর বরফিকে স্মরণ করছেন। সে এলে হয়তো এক চুটকিতে এই নীল বিষটুকু নামিয়ে দিতে পারত।

## আহত ষাঁড়

**কুমারগঞ্জ, ২৮ এপ্রিল :** কুমারগঞ্জের সাফানগর পঞ্চায়েতের কুলহরি হাইস্কুলের সামনে এক আহত ষাঁড়কে ঘিরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার দুপুরে একটি ষাঁড় মাঠে নেমে পড়ায় কেউ লোহার তীক্ষ্ণ বস্তু দিয়ে আঘাত করে সেটিকে গুরুতর জখম করে। অভিযোগ, এরপর সেটির শরীরে গরম জল ছিটিয়ে দেওয়া হয়।

এলাকাবাসীর দাবি, কয়েকদিন আগেও ওই একই ষাঁড়ের একটি পা ভেঙে দেওয়া হয়েছিল। এদিন গুরুতর আহত অবস্থায় সেটিকে পড়ে থাকতে দেখে গ্রামবাসীরাই উদ্ধার করে চিকিৎসার ব্যবস্থা করেন।

স্থানীয় ছত্রকুমার রায় বলেন, 'ষাঁড়টির শরীর থেকে রক্ত ঝরছিল, গায়ে গরম জলও ছেটানো হয়েছে। এর আগেও পা ভেঙে দেওয়া হয়েছিল। আমরা সেটির চিকিৎসার ব্যবস্থা করেছি।'

## জলপক্ষ প্রকল্প

**পুরাতন মালদা, ২৮ এপ্রিল :** রাজ্য শিক্ষা দপ্তরের নির্দেশিকা অনুযায়ী স্কুলে স্কুলে পড়ুয়াদের জন্য জলপক্ষ প্রকল্প শুরু হয়েছে। মঙ্গলবার পুরাতন মালদার সাহাপুর অঞ্চলের কাদিরপুর কিরণময়ী প্রাথমিক স্কুলে পালিত হয় এই জলপক্ষ প্রকল্প। এই উপলক্ষ্যে শিক্ষক-শিক্ষিকারা পড়ুয়াদের পরিস্রুত পানীয় জলের ব্যবহারের গুরুত্ব তুলে ধরে। সেই সঙ্গে তাঁদের ছোলা, গুড় সহযোগে পরিস্রুত পানীয় জল পান করান। চলতি মাসের ১৬ তারিখ থেকে এই প্রকল্প শুরু হয়েছে। চলবে ৩০ এপ্রিল পর্যন্ত।

# হুমকি বার্তায় ভোটের পরও হিংসার আভাস

*প্রথম পাতার পর*

তাঁর নামে নাকি বাঘে-গোরুতে একঘাটে জল খায়, অন্তত রাজনীতির নিন্দুকেরা তাই বলেন। একুশের ভোটে বিপুল আসন নিয়ে তৃণমূল ক্ষমতায় আসার পর দিনহাটা সহ কোচবিহারের বহু এলাকায় বিজেপি নেতা-কর্মীরা ঘরছাড়া ছিলেন। বিজেপির বাহুবলী নেতা নিশীথ প্রামাণিকের তখন টিকিটি পাওয়া যায়নি। অগত্যা পদ্ম কর্মীদের আশ্রয় নিতে হয়েছিল অসমে। এবারও তৃণমূল যদি ক্ষমতায় থেকে যায়, পরিস্থিতি একইরকম তো বটেই আরও ভয়ংকরও হতে পারে বলে আশঙ্কা করছেন বিজেপির নীচুতলার কর্মীরা।

কেন? ডাবগ্রাম-ফুলবাড়ির এক বিজেপি কর্মীর কথায়, 'এখানে তো আমরা জিতে যাব। রাজ্যেও ক্ষমতায় আসার প্রবল সম্ভাবনা আছে। কিন্তু দক্ষিণে ফল যদি এদিক থেকে ওদিক হয়, তাহলে বিপদ। যতই জিতি, তৃণমূল এখানে আমাদের টিকতে দেবে না।'

বিজেপি কর্মীর আশঙ্কা যে অমূলক নয় তার প্রমাণ মিলতে শুরু করেছে একটু একটু করে। কোচবিহারের সাংসদ জগদীশ বর্মা বসুনিয়া যেমন ক'দিন আগে সোশ্যাল মিডিয়ায় লিখেছিলেন, '২৩ মে পোস্ট পোল ভায়োলেন্স-এর তারিখ শেষ হবে তারপর ডিজে বাজিয়ে বিজেপি বিসর্জন হবে'। তাঁর পোস্টের বাক্য এলোমেলো, অগোছাল হলেও হুমকিটা স্পষ্ট। অথচ এই জগদীশই একুশের ফল ঘোষণার আগে ভয়ে আত্মগোপন করেছিলেন। ফলে এবারেও ফল ওলটপালট হলে হয় তাঁকে লুকোতে হবে নয়তো তাঁর ভয়ে অন্যদের গ্রামছাড়া হতে হবে।

ময়নাগুড়ির এক তৃণমূল নেতার বৌও প্রথম দফার ভোটের আগে ফেসবুকে ভিডিও ছেড়ে হুমকি দিয়েছিলেন। তাঁর নিশানাতেও ছিলেন মূলত বিজেপি কর্মী-সমর্থকরা। 'পদ্মচিহ্নে ভোট দিলে ৪ তারিখের পর দেখে নেব' মার্কা ভিডিও ভাইরাল হতেই ঢোঁক গেলেন নেতা ও তাঁর স্ত্রী।

৪ তারিখের পর দেখে নেব কিংবা ডিজে বাজিয়ে বিজেপির বিসর্জন হবে- আপাত নিরীহ এই বাক্যবন্ধগুলোই এখন ঘুম উড়িয়ে দিয়েছে তৃণমূল ও বিজেপি উভয় দলেরই কর্মী-সমর্থকদের। সেই অর্থে দল করেন না, আবার প্রকাশ্য সমর্থকও নন, এমন অনেককেই এবার ভোটের দিন দেখা গিয়েছে বিজেপির ক্যাম্পে। আরএসএস-এর কৌশল মেনে বিজেপির এই 'সাইলেন্ট ভোটার'রাই এবার ভোট করিয়েছেন নিঃশব্দে। পাড়াপড়শিদের ডেকে ডেকে ভোট দিতে নিয়ে যাওয়া, হালকা চালে 'বিজেপিই তো জিতবে' মার্কা বার্তা দেওয়া, এসব করেই ভোট গেরুয়া ঝুলিতে টানার চেষ্টা করেছেন তাঁরা। এই প্রচেষ্টায় সফল কি না তা তো সময় বলবে। কিন্তু বিজেপির এই 'সাইলেন্ট' কর্মীরা মার্ক হয়ে গিয়েছেন তৃণমূলের কাছে। ফল ওলটপালট হলেই তাঁদের হুমকির মুখে পড়তে হতে পারে বলে প্রমাদ গুনছেন।

এ তো গেল মুদ্রার এপিঠ।




ওপিঠও আছে। 'আব কি বার, ২০০ পার' স্লোগান ফিকে হলেও বিজেপি এবার ক্ষমতায় আসার ব্যাপারে চূড়ান্ত আত্মবিশ্বাসী। দিল্লির এক নেতা ভোটের আগেই বলছিলেন, 'হাম কর লেঙ্গে। ইসবার কোই গলতি নেহি। য্যায়সে ভি হো, বঙ্গাল চাহিয়ে।' এটা শুধু আত্মবিশ্বাস নয়, আস্ফালনও। আর এই আস্ফালনই বুঝিয়ে দেয়, বিজেপি ক্ষমতায় এলে তৃণমূলের নেতাদেরও ঘোর বিপদ। বাংলায় ভোট প্রচারে এসে একাধিক জায়গায় নরেন্দ্র মোদি বলেছেন, 'চুন চুনকে হিসাব হোগা'। গুন্ডারাজ খতমের কথাও শোনা গিয়েছে নমোর গলায়। মোদিজির মুখে এমন কথা শুনে টগবগিয়ে ফুটছেন বিজেপির বহু 'বাহুবলী'ই। তৃণমূলের মার, অত্যাচার কড়ায় গন্ডায় বুঝিয়ে দিতে তাঁরা শুধু দিন নয়, মিনিট-সেকেন্ডও গুনছেন।

বাংলার নেতা সুকান্ত মজুমদার, নিশীথ প্রামাণিক, অর্জুন সিং, হালে জেলছাড়া রাকেশ সিং-রা কম যান কীসে! তাঁদের মুখেও তো প্রায়ই শোনা যায় বদলার হুমকি। একবার রাজ্যে ক্ষমতার স্বাদ পেলে তাঁরা কি আর চুপ করে বসে থাকবেন! ভয়টা আসলে এখানেই।

বিপুল সংখ্যক কেন্দ্রীয় বাহিনী, সাঁজোয়া গাড়ি দিয়ে ভোট হয়েছে প্রথম দফায়। ফলে ট্যাঁ-ফোঁ করার সাহস পায়নি রাজনৈতিক ছত্রছায়ায় থাকা দুষ্কৃতীরা। কিন্তু কেন্দ্রীয় বাহিনী কতদিন! সেটা বেশ জানেন ক্ষমতার কেষ্টবিষ্টুরা। আর তাই সময়ের অপেক্ষায় দিন গুনছেন তাঁরা। পুলিশ অবশ্য ক্ষমতার দাস। যে দলই ক্ষমতায় থাকুক না কেন, পুলিশকে তার পক্ষ নিতেই হবে। ফলে ভোট পরবর্তী হিংসা আটকানোর সহজ কোনও পথ নেই।

কিন্তু যে পথেই হোক না কেন, হিংসাকে আটকানো দরকার। রুখে দেওয়া দরকার সমস্ত অপশক্তিকে। যেভাবে বাহিনী, কমিশনের যৌথ চেষ্টায় রাজনৈতিক দলগুলির শুভবুদ্ধিসম্পন্ন নেতাদের যৌথ প্রয়াসে লাশহীন প্রথম দফার ভোট হয়েছে, ঠিক সেভাবেই আগামীর পথও তৈরি করতে হবে। তাহলেই নতুন ভোর দেখবে বাংলা। ক্ষমতার প্রত্যাবর্তন হোক বা পরিবর্তন, আমার পড়শি পড়শিই থাকবে- হতে পারে তিনি বিজেপি, তৃণমূল, কংগ্রেস, সিপিএম কিংবা অন্য রাজনৈতিক দলের সমর্থক। সব দলের নীচুতলার কর্মী, সমর্থকরা যত তাড়াতাড়ি এটা বুঝবেন ততই মঙ্গল।

# বাইরে পড়ে ছাত্রের দেহ

*প্রথম পাতার পর*

তারপর তল্লাশি শুরু করা হয়। রতন বলেন, 'দীর্ঘক্ষণ খোঁজাখুঁজির পর বাথরুমের বাইরের দিকে সেই ছাত্রকে পড়ে থাকতে দেখা গিয়েছে। বাথরুমের ঘুলঘুলি গিয়ে ছাত্র বাইরে বের হয়ে যেতে পারে বলে অনুমান করছি। কিন্তু কীভাবে এই ঘটনা ঘটল, তা বলতে পারছি না।'

এই ঘটনার পর সেই হস্টেলের পরিবেশ থমথমে। জামিস কখন বাইরে গেল, কীভাবে এই ঘটনা ঘটল, কেউ কিছুই বলতে পারছে না। তার সহপাঠীদের সঙ্গে কথা বলে জানা গেল, প্রতিদিনের মতো সোমবার রাতে পড়াশোনা সেরে বিছানায় শুতে যায় জামিস। তারপর কখন সে ঘর ছেড়ে বেরিয়ে গিয়েছে, কেউ খেয়াল করেনি। প্রায় আধ ঘণ্টা তাকে দেখতে না পেয়ে সহপাঠীরা খুঁজতে শুরু করে। তারপর ঘটনার কথা কর্তৃপক্ষকে জানানো হয়। সেই হস্টেলটি দোতলা। জামিস থাকত একতলার একটি ঘরে। গোটা হস্টেলে জামিসকে খুঁজে না পেয়ে বাইরে তল্লাশি শুরু হয়। তারপর তার দেহ মেলে। স্কুল কর্তৃপক্ষ মৃত ছাত্রের পরিবারের সদস্যদের খবর দেয়। সেই রাতেই জামিসের বাড়ির লোকজন সেখানে পৌঁছান। তারপর তার দেহ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ঘটনার পর পড়ুয়ারা সকলেই মুখে কুলুপ এঁটেছে। তারই মধ্যে সেই হস্টেলের নবম শ্রেণির এক ছাত্র বলল, 'জামিসদা ভীষণ ভালো ছিল। ভীষণ মিশুকে স্বভাবের ছিল। কীভাবে এই ঘটনা ঘটল আমরা কেউ বুঝতে পারছি না।'

কীভাবে এই ঘটনা ঘটল তা নিয়ে মৃত ছাত্রের পরিবারের মধ্যেও অনেক প্রশ্ন রয়েছে। আর সেইসঙ্গে নিরাপত্তা নিয়ে গাফিলতি ও জামিসের চিকিৎসা নিয়েও অভিযোগ উঠেছে। মৃত ছাত্রের কাকা আনওয়ারুল সরকারের কথায়, 'সোমবার রাতে স্কুল কর্তৃপক্ষ আমাদের দ্রুত চলে আসতে বলে। আমরা গভীর রাতে ঘটনাস্থলে পৌঁছাই। গিয়ে দেখি শৌচালয়ের বাইরে আমার ভাইপোর মৃতদেহ পড়ে রয়েছে।' তাঁর দাবি, পরিবারের লোকজন পৌঁছানোর আগেই জামিসের চিকিৎসার ব্যবস্থা করা উচিত ছিল।

আনওয়ারুল বলেন, 'স্কুল কর্তৃপক্ষ একবার বলছে, শৌচালয়ের ঘুলঘুলি দিয়ে বের হতে গিয়ে ভাইপোর মৃত্যু হয়েছে। কিন্তু ও বের হতে যাবে কেন? আবার কখনও বলা হচ্ছে, শৌচালয়ের ছাদ লাগোয়া বিদ্যুৎবাহী তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হয়েছে বলে বলা হচ্ছে। আমরা বিষয়টি কিছুই বুঝতে পারছি না।' তাঁর প্রশ্ন, 'ভাইপোকে তো নিরাপদে পড়াশোনা করার জন্য আমরা এখানে রেখেছিলাম। কর্তৃপক্ষের নজরদারির অভাবে এই দুর্ঘটনা ঘটেছে। আমরা এই ঘটনার তদন্ত চাই। আর এই ঘটনার সঙ্গে যুক্ত যারা রয়েছে তাদের শাস্তি চাই।'



মিচেল স্টার্কের মাঠে ফেরার দিন নিয়ে সংশয় এখনও বজায় রয়েছে। দিল্লি ক্যাপিটালসের বিপর্যয়ের দিনে সতীর্থ লোকেশ রাহুলদের পাশে অজি তারকা। নয়াদিল্লিতে।

কোনও যুক্তি, কারণ খুঁজে পাচ্ছি না। কী হল, মাথায় কিছু ঢুকছে না। তবে একটা জিনিস পরিষ্কার এই হারগুলিকে দ্রুত মাথা থেকে ঝেড়ে ফেলে ঘুরে দাঁড়াতে হবে আমাদের।

-অক্ষর প্যাটেল
(রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর কাছে হারের পর)

## অটোগ্রাফ না পেয়ে কান্না খুদের

# স্বপ্নের প্রতি সৎ থাকো, ছাত্রদের বিরাট-টিপস

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** ম্যাচ শেষ। টিম হোটেলে ফেরার পালা দুই দলের।

দর্শকদের বেশিরভাগই তখন বাড়ির পথে। যদিও এক খুদে তখনও স্টেডিয়ামের মূল গেটের কাছে ঠাঁই দাঁড়িয়ে। গায়ে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর জার্সি। হাতে ব্যাট। বিরাট কোহলির অটোগ্রাফ চাই। সাজঘর থেকে বিরাট বেরোতেই পিছুপিছু ধাওয়া।

যদিও প্রিয় তারকার কাছে পৌঁছোনোর আগেই নিরাপত্তাবেষ্টনিতে আটকে যায় ৮-৯ বছরের খুদে ভক্ত। বিরাটের অটোগ্রাফের সুযোগ মিস। যা হজম করতে পারেনি খুদে ভক্ত! রাগে অটোগ্রাফের জন্য আনা ব্যাট ছুড়ে কান্নায় ভেঙে পড়ে। অকৃত্রিম বিরাট-ম্যানিয়ার এক টুকরো ছবি মাত্র।

বাইশ গজে প্রায় বিনা যুদ্ধে দিল্লি ক্যাপিটালস বধ। ১৫ বলে অপরাজিত ২৩-বড় ইনিংস খেলার সুযোগ পাননি বিরাট। দিল্লির গোটা ইনিংস ৭৫ রানে গুটিয়ে যাওয়ার পর সেই সুযোগও ছিল না। সংক্ষিপ্ত যে ম্যাচেও বিরাটের জন্য ছিল আবেগের হাতছানি।

সৌজন্যে ২০০৮ অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ জয়ী দলের সতীর্থ অজিতেশ আর্গল। ফাইনালে সেরার পুরস্কার পাওয়া বিরাটের সতীর্থ এখন নতুন ভূমিকায়, আরসিবি-দিল্লি ম্যাচের আম্পায়ারের দায়িত্বে! ২০০৮ সালে পাঞ্জাব কিংসের হয়ে আইপিএলেও খেলেছিলেন। কিন্তু কেরিয়ার প্রত্যাশিত লক্ষ্যে পৌঁছোয়নি। তবে ক্রিকেটের প্রতি ভালোবাসা থেকে নতুন দায়িত্ব। ম্যাচের পর প্রাক্তন সতীর্থের সঙ্গে সৌজন্য সাক্ষাতে পুরোনো স্মৃতি উসকে নিতে দেখা গেল বিরাটকে। যে ছবি ভাইরাল।

আইপিএলের সূত্রে বেঙ্গালুরু বিরাটের দ্বিতীয় হোম। প্রথম হোম দিল্লিই। ঘরের মাঠে নিজের শহরের দলকে দুরমুশ করে ফেরা। তবে বাকি দল পরবর্তী ম্যাচের জন্য আহমেদাবাদ রওনা দিলেও এদিন যাননি বিরাট। ছোটবেলার কোচ রাজকুমার শর্মার ক্রিকেট অ্যাকাডেমির নতুন শাখার উদ্বোধন। বিরাটের হাত দিয়ে এদিন যার উদ্বোধন।

গুরু রাজকুমারের কথা রাখতে থেকে যান বিরাট। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দিল্লি ডিস্ট্রিক্ট ক্রিকেট সংস্থার সভাপতি রোহন জেটলিও। অ্যাকাডেমির একঝাঁক প্রতিভাবান ছাত্রছাত্রীর হাতে স্মারকও তুলে দেন বিরাট। খুদেদের আবদার মিটিয়ে ছবিও তোলেন। সঙ্গে লক্ষ্যপূরণের গুরুমন্ত্র।

উঠতি ক্রিকেট শিক্ষার্থীদের বিরাট বলেছেন, 'খুব ছোট থেকেই মনস্থির করে নিয়েছিলাম ক্রিকেটার হব। ইচ্ছেটা মন থেকে এসেছিল। দৃঢ় প্রতিজ্ঞ ছিলাম ক্রিকেট নিয়ে। বাবা-মা, শিক্ষকদের স্বপ্নের কথা জানিয়ে দিই। ইচ্ছেপূরণের জন্য জেদ, নিজের স্বপ্নের প্রতি সৎ থাকতে হবে। বড় ক্রিকেটার হওয়ার লক্ষ্যকে পাখির চোখ করে এগোতে হবে। তাহলে ঠিক সাফল্য আসবে।'

গুরু রাজকুমারের অ্যাকাডেমিতে নিজের ক্রিকেট জার্নির শুরুর গল্পও শোনান খুদেদের। বলেছেন, 'আট বছর বয়সে অ্যাকাডেমিতে খেলা শুরু করি। এখনও সময় পেলে যাই। আমার ক্রিকেট ভিত তৈরি করে দিয়েছিল এই অ্যাকাডেমি। আশা করি, তোমরাও খেলাটাকে ভালোবেসে আঁকড়ে ধরবে।'

তারকা ছাত্রকে পেয়ে খুশি আড়াল করেননি কোচ রাজকুমারও। বিশ্বাস, নতুন প্রজন্ম যদি পরিশ্রম করে, তাহলে আগামীতে আরও 'বিরাট' উপহার দিতে পারবেন। আইপিএলের ব্যস্ত সূচির মধ্যে সময় বের করে বিরাট অ্যাকাডেমির নতুন শাখার উদ্বোধনে আসায় খুশিটা দ্বিগুণ।



ছোটবেলার কোচ রাজকুমার শর্মার ক্রিকেট অ্যাকাডেমির উদ্বোধনে বিরাট কোহলি।

# জোশ-ভুবির প্রশংসায় রজত, সান্ত্বনা পার্থর

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** পাঞ্জাব কিংস ম্যাচে ২৬৪ করে হার।

গতকাল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিরুদ্ধে দিল্লি ক্যাপিটালসের সেই ব্যাটিং শেষ ৭৫-এ! শেষদিকে অভিষেক পোড়েল, কাইল জেমিসন কিছুটা মুখরক্ষা না করলে একসময় ৮ রানে ৬ উইকেট হারিয়ে আইপিএলের সর্বনিম্ন স্কোরে আউট হওয়ার আশঙ্কা তৈরি হয়েছিল।

ম্যাচের পর স্বভাবতই সমালোচনার ঝড়। যদিও সমালোচনা নয়, কঠিন সময়ে দলের, ক্রিকেটারদের পাশে দাঁড়ালেন ফ্র্যাঞ্চাইজির অন্যতম মালিক পার্থ জিন্দাল। ম্যাচ শেষে সমাজমাধ্যমে লিখেছেন, 'কঠিন সময়। এখন দলের সবাইকে আরও কাছাকাছি থাকতে হবে। এককাট্টা হয়ে খেলতে হবে। জানি কঠিন পরিস্থিতি। কিন্তু নিজেদের ওপর বিশ্বাস রেখে লড়াই চালিয়ে যেতে হবে।'

হতাশ অক্ষর প্যাটেলের গলাতেও দলগতভাবে ঘুরে দাঁড়ানোর কথা। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে দিল্লি অধিনায়ক বলেছেন, 'কোনও যুক্তি, কারণ খুঁজে পাচ্ছি না। কী হল, মাথায় কিছু ঢুকছে না। তবে একটা জিনিস পরিষ্কার এই হারগুলিকে দ্রুত মাথা থেকে ঝেড়ে ফেলে ঘুরে দাঁড়াতে হবে আমাদের।'

গত কয়েক ম্যাচে হারের জন্য ভাগ্যকেও দুষছেন। অক্ষরের মতে, 'পাঞ্জাব ম্যাচে ক্যাচ মিসের খেসারত দিতে হয়েছে। গুজরাট টাইটান্সের বিরুদ্ধে আর একটা রান করলে পরিস্থিতি অন্যরকম হতেই পারত। আইপিএল কঠিন মঞ্চ। প্রতিটি ম্যাচই শক্ত। ভুল শুধরে, নেতিবাচক মানসিকতা দূরে সরিয়ে দল হিসেবে ঝাঁপাতে হবে।' আট ম্যাচে পাঁচটি হার, তিন জয়ে লিগ টেবিলের সপ্তম স্থানে রয়েছে দিল্লি।

সবকিছু ছাপিয়ে জোশ হ্যাজেলউড (১২/৪), ভুবনেশ্বর কুমারদের (৫/৩) পেস-সুইংয়ের সামনে ব্যাটিং হারাকিরি। আরসিবি-র স্পিনার সুযশ শর্মা আবার ম্যাচে সর্বাধিক ২০টি ডট বলের নজির গড়ে স্পর্শ করেছেন দীপক চাহারের রেকর্ড।

দিল্লির ব্যর্থতায় যখন অক্ষররা সমর্থকদের টার্গেট, তখন আরসিবি অধিনায়ক রজত পাতিদার অবাক অরুণ জেটলি স্টেডিয়ামের উইকেট নিয়ে। সহজ জয়ের খুশির মাঝে পাতিদার বলেছেন, 'পাওয়ার প্লে-তে পিচের আচরণ অবাক করেছে আমাদের। তবে হ্যাজেলউড, ভুবিও পাওয়ার প্লে-তে অসাধারণ বল করেছে। বলটা ঠিকঠাক জায়গায় রেখে সুইং করিয়েছে।'

দিল্লি অধিনায়ক অক্ষর প্যাটেলও দলগত ব্যর্থতা স্বীকার করে নিয়েও ভুবি-জোশকে কৃতিত্ব দিচ্ছেন। বলেছেন, 'ওরা বিশ্বমানের বোলার। বিশ্বের যে কোনও মাঠে সুইং করানোর ক্ষমতা রাখে। শুরুতে যদি আমরা কয়েকটা ওভার কাটিয়ে দিতাম, তাহলে হয়তো পরিস্থিতি অন্যরকম হত। আমাদের জন্য কঠিন ম্যাচ। কৃতিত্ব অবশ্য প্রাপ্য প্রতিপক্ষ বোলারদের।'

শুরুতে পিচ থেকে পাওয়া সুবিধা কাজে লাগাতে পারার খুশি নিয়ে হ্যাজেলউড বলেছেন, 'পিচ থেকে কিছুটা ফায়দা পেয়েছি। যার পুরোদস্তুর সুযোগ নিতে পেরে ভালো লাগছে। বাউন্সে কিছুটা হেরফের ছিল। বাড়তি সাইডওয়ে মুভমেন্টও পেয়েছি। লেংথ বলগুলি স্কিড করছিল। দরকার ছিল বলটা ঠিকঠাক জায়গায় রাখা। সেটাই করেছি আমরা।'

৫ রানে ৩ উইকেট নিয়ে জসপ্রীত বুমরাহর এলিট প্যানেলের নতুন সদস্য ভুবনেশ্বর। দ্বিতীয় বোলার হিসেবে কুড়িবার আইপিএলে তিন বা তার বেশি উইকেট নেওয়ার কৃতিত্ব। তালিকার শীর্ষে ২৫ বার তিন বা ততোধিক উইকেট নেওয়া বুমরাহ। পিছনে লসিথ মালিঙ্গা (১৯), হর্ষল প্যাটেল (১৭)।

### স্টার্কের ফেরা নিয়ে জল্পনা জারি

টানা ব্যর্থতায় মিচেল স্টার্ককে নিয়ে জল্পনা উসকে দিচ্ছে। অপেক্ষা বাড়ছে সমর্থকদের। যদিও ধোঁয়াশা কিছুতেই কাটছে না। টিম সূত্রের খবর, এখনও স্টার্কের খেলা নিয়ে ক্রিকেট অস্ট্রেলিয়ার থেকে ছাড়পত্র মেলেনি। ফলে কবে দিল্লি ক্যাপিটালসের হয়ে আইপিএলে নামবেন, ছবিটা পরিষ্কার নয়।



জুটিতে দাপট দেখিয়ে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর নায়ক এখন ভুবনেশ্বর কুমার (বাঁয়ে) ও জোশ হ্যাজেলউড।

# মনুকে বৈভব প্রসঙ্গে প্রশ্নে বিতর্ক

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** ভারতীয় ক্রিকেটে ভবিষ্যতের মহাতারকা কি বৈভব সূর্যবংশী? ১৫ বছরের বিস্ময় প্রতিভাকে কি এখনই জাতীয় দলে সুযোগ দেওয়া উচিত? এমন বেশ কিছু প্রশ্ন করা হয়েছিল অলিম্পিকে জোড়া পদকজয়ী ভারতীয় শুটার মনু ভাকেরকে। আর এতেই বিতর্কের সূত্রপাত।

জাতীয় রাইফেল সংস্থার ৭৫ বছর পূর্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মনু। সেখানেই এমন প্রশ্নের সম্মুখীন হতে হয় তাঁকে। মনু অবশ্য প্রশ্ন শুনে একেবারেই বিব্রত হননি। উত্তরে তিনি বলেন, 'প্রতিভার কোনও বয়স হয় না। ভালো মেন্টর পেলে, ভালো সঙ্গ হলে শুধুমাত্র বয়স বাধা হয় দাঁড়ায় না কখনই। বৈভবকে সঠিক পথ দেখানো হলে ও ভবিষ্যতের তারকা হতেই পারে।' তবে এমন অপ্রাসঙ্গিক প্রশ্নে ক্ষুব্ধ ক্রীড়াপ্রেমীদের একাংশ। তাদের বক্তব্য, মনুর যা সাফল্য তা দেশে আর কয়জন ক্রীড়াবিদের আছে? এমন প্রশ্নে তাঁর কৃতিত্বকেই ছোট করা হয়েছে। কলকাতা নাইট রাইডার্সের প্রাক্তন টিম ডিরেক্টর জয় ভট্টাচার্য লিখেছেন, 'মনু অলিম্পিক পদকজয়ী। ওকে ক্রিকেট নিয়ে প্রশ্ন করার অর্থই হল ওর সাফল্যকে ছোট করা। এরপর মনু ভাকেরকে নিয়ে বৈভবকে প্রশ্ন করে দেখবেন কী উত্তর পান।' এমন প্রশ্নও উঠছে যে, ক্রিকেটের দাপটে কি ম্লান হয়ে গেল অলিম্পিকের সাফল্যও?

# উবের কাপ থেকে বিদায় ভারতের

**হর্নসেন, ২৮ এপ্রিল :** উবের কাপ ব্যাডমিন্টনে অভিযান শেষ ভারতের। গ্রুপ পর্বের শেষ ম্যাচে শক্তিশালী চিনের কাছে ৫-০ ব্যবধানে হোয়াইটওয়াশ হলেন পিভি সিন্ধুরা।

প্রথম সিঙ্গলসে পিভি সিন্ধু মুখোমুখি হয়েছিলেন বিশ্বের দুই নম্বর ওয়াং ঝিয়ির। প্রথম গেম হেরে গেলেও দ্বিতীয় গেমটি জেতেন তিনি। কিন্তু শেষ গেমেও একটা সময় ১৮-১২ পয়েন্টে এগিয়ে থেকেও হেরে যান সিন্ধু। শেষ পর্যন্ত তিনি পরাজিত হন ১৬-২১, ২১-১৯, ১৯-২১ পয়েন্টে।

দ্বিতীয় সিঙ্গলসে ঈশারানি বড়ুয়া বিশ্বের চার নম্বর চেন ইউফেইয়ের কাছে ২২-২০, ২১-১৩ পয়েন্টে

### হারলেন সিন্ধুও

হারেন। তৃতীয় সিঙ্গলসে দেবিকা সিহাগ পরাজিত হন জু ওয়েন জিংয়ের কাছে ২১-১৯, ১৭-২১, ১০-২১ পয়েন্টে। দুইটি ডাবলসেও একই ফল হয় ভারতের। প্রথম ডাবলসে প্রিয়া কনজেংবাম-শ্রুতি মিশ্রা বিশ্বের একনম্বর লিউ শেন শু-তান নিয়াংয়ের কাছে আত্মসমর্পণ করেন ১১-২১, ৮-২১ পয়েন্টে। অন্য ডাবলসে তৃষা জলি-কাভিপ্রিয়া সেলভাম ১০-২১, ২১-১২, ১৯-২১ পয়েন্টে পরাজিত হন লু জু-ঝাং শু জুটির বিরুদ্ধে। উল্লেখ্য, প্রথম ম্যাচে ডেনমার্কের কাছে হারলেও দ্বিতীয় ম্যাচে ইউক্রেনের বিরুদ্ধে জিতেছিলেন সিন্ধুরা।

এদিকে উবের কাপে হেরে গেলেও সিন্ধুর মুকুটে নয়া পালক জুড়েছে। তিনি ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশনের কাউন্সিল মেম্বার হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।



মেয়ে আনাইজার জন্মদিনে গৌতম গম্ভীর।

# মালদ্বীপ-গোয়ায় ছুটিতে নাইটরা

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৮ এপ্রিল :** ছন্দে কলকাতা নাইট রাইডার্স। ফর্মে ফেরার ইঙ্গিত দলের। রাজস্থান রয়্যালস ও লখনউ সুপার জায়েন্টসের বিরুদ্ধে টানা দুই ম্যাচ জয়ের পর নাইটদের অন্দরের ছবিটাই বদলে গিয়েছে। ফিরেছে হারিয়ে যেতে বসা আত্মবিশ্বাস। সঙ্গে রয়েছে আগামীর লক্ষ্যে সাফল্যের সরণিতে এগিয়ে চলার চ্যালেঞ্জও।

এমন চ্যালেঞ্জের পথে আজিঙ্কা রাহানেদের পরবর্তী স্টেশন সানরাইজার্স হায়দরাবাদ। রবিবার দুপুরে উপ্পলের রাজিব গান্ধি আন্তর্জাতিক স্টেডিয়ামে অভিষেক শর্মা, ঈশান কিষানদের বিরুদ্ধে মাঠে নামার আগে আপাতত পুরোপুরি ছুটির মেজাজে নাইটরা। দলের মেন্টর ডোয়েন ব্রাভো ও পাওয়ার হিটিং কোচ আন্দ্রে রাসেল সাময়িক ছুটি কাটাতে আপাতত মালদ্বীপে। অধিনায়ক রাহানে ও শেষ ম্যাচে 'অবস্ট্রাক্টিং দ্য ফিল্ড' আউট হয়ে জরিমানার কবলে পড়া অঙ্গকৃষ রঘুবংশীরা আজ তাঁদের বাড়ি ফিরেছেন। বোলিং কোচ টিম সাউদি, সহকারী কোচ শেন ওয়াটসনরা ছুটি কাটাতে গিয়েছেন গোয়ায়। নাইট সংসারে থাকা ভারতীয় ক্রিকেটারদের একটা বড় অংশও আপাতত গোয়ায় বলে খবর। হায়দরাবাদে কেকেআরের টিম হোটেলে থাকা ক্রিকেটারের সংখ্যা এখন হাতে গোনা সামান্যই। যাঁরা রয়েছেন, তাঁরাও ছুটির মেজাজে। ক্রিকেট থেকে দূরে। জানা গিয়েছে, পরশু থেকে ফের অনুশীলন শুরু হবে কেকেআরের। তার আগে বুধবার সন্ধ্যা থেকে রাতের মধ্যে মালদ্বীপ ও গোয়া থেকে কেকেআরের কোচ, ক্রিকেটাররা ফিরে আসবেন হায়দরাবাদে। যোগ দেবেন স্কোয়াডে। শুরু হয়ে যাবে রবিবারের সানরাইজার্স হায়দরাবাদ ম্যাচের প্রস্তুতি। যার রিংটোন, জয়ের হ্যাটট্রিক করা।

৮ ম্যাচে ৫ পয়েন্ট নিয়ে আইপিএল লিগ টেবিলে অষ্টম স্থানে থাকা নাইটদের জন্য এখন সব ম্যাচই কার্যত ফাইনালের মতো। বাকি থাকা ছয় ম্যাচের সবকয়টিতে জিততে পারলে প্লে-অফ সম্ভব বলে মনে করছে কেকেআর টিম ম্যানেজমেন্ট। সেই লক্ষ্যেই পুরো দলকে ছুটি দিয়ে আরও শারীরিক ও মানসিকভাবে তাজা করে মাঠে নামতে চাইছে কেকেআর।

# বাংলার কোচ থাকছেন লক্ষ্মীরতনই?

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৮ এপ্রিল :** সরকারি ঘোষণা হয়নি এখনও। সিদ্ধান্ত চূড়ান্ত হয়ে গিয়েছে, এমন খবরও নেই। কিন্তু তারপরও বাংলা ক্রিকেটের অন্দরমহল থেকে জানা গিয়েছে, আগামী মরশুমেও লক্ষ্মীরতন শুক্লাই বাংলা সিনিয়ার দলের কোচের দায়িত্বে থাকতে চলেছেন।

দিন কয়েক আগে প্রথমবারের জন্য বাংলা ক্রিকেট সংস্থার তরফে কোচ চেয়ে বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। বাংলার সিনিয়ার থেকে শুরু করে নানা বয়সভিত্তিক দলের কোচ হতে গেলে সরকারিভাবে আবেদন করতে হবে আগামী ১ মে-র মধ্যে। নয়া কোচের বিজ্ঞাপন প্রকাশের পরই সম্প্রতি বাবাকে হারানো লক্ষ্মীরতনের সঙ্গে সিএবি সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়ের গোপন বৈঠকও হয়েছিল। সেই বৈঠকের নির্যাস এখনও স্পষ্ট নয়।

দুই পক্ষই বিষয়টি নিয়ে ধীরে চলো নীতি নিয়েছেন। এমন অবস্থায় আজ সিএবি-র অন্দরমহলের একটি বিশেষ সূত্র মারফত জানা গিয়েছে, বড় অঘটন না হলে লক্ষ্মীরতনকেই আগামী মরশুমেও বাংলা সিনিয়ার দলের কোচ রেখে দেওয়ার সিদ্ধান্ত প্রায় চূড়ান্ত। রাতের দিকে উত্তরবঙ্গ সংবাদ-এর তরফে লক্ষ্মীরতনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি কোনও মন্তব্য করতে চাননি। জানিয়েছেন, এখনও সিদ্ধান্ত চূড়ান্তও করেননি। কিন্তু তারপরও সিএবি-র অন্দরমহল থেকে লক্ষ্মীরতনকেই সিনিয়ার দলের কোচের পদে রেখে দেওয়ার খবর প্রবলভাবে সামনে আসছে। এখন দেখার শেষপর্যন্ত কী সিদ্ধান্ত নেন সিএবি-র শীর্ষকর্তারা।

# অ্যাটলেটিকো দুর্গে আজ কঠিন পরীক্ষা আর্সেনালের

**মাদ্রিদ, ২৮ এপ্রিল :** দীর্ঘ ৯ বছর পর উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে সেমিফাইনালের মঞ্চে অ্যাটলেটিকো মাদ্রিদ। বুধবার শেষ চারের প্রথম লেগে ঘরের মাঠে তাদের সামনে ইংলিশ প্রিমিয়ার লিগ জয়ের দৌড়ে থাকা শক্তিশালী আর্সেনাল।

ম্যাচের আগের চর্চার কেন্দ্রে আর্সেনালের হুলিয়ান আলভারেজ প্রীতি। অ্যাটলেটিকো কোচ দিয়েগো সিমিওনে সরাসরি স্বীকার করেছেন যে, গানাররা তাদের আর্জেন্টাইন স্ট্রাইকারের ওপর নজর রাখছে। সিমিওনে বলেছেন, 'আলভারেজের মাথায় কী চলছে আমি জানি না। তবে আর্সেনাল, প্যারিস সাঁ জাঁ বা বার্সেলোনার মতো ক্লাব তাকে পেতে চাইবে, এটাই স্বাভাবিক। কারণ সে একজন অসাধারণ খেলোয়াড়।' যদিও চোটের জন্য শেষ দুই ম্যাচে মাঠের বাইরে ছিলেন তিনি। অ্যাটলেটিকো ম্যাচে মাঠে ফিরছেন। উলটোদিকে আর্সেনাল ইপিএল জয়ের দৌড়ে থাকলেও ঘরোয়া লিগের ফর্ম চিন্তায় রাখবে কোচ মিকেল আর্তেতাকে। একইসঙ্গে কপালে ভাঁজ ফেলেছে চোট সমস্যা। কাই হাভার্জ এবং জুরিয়েন টিম্বার এই ম্যাচে অনিশ্চিত বলে খবর। আশার কথা চোট সারিয়ে ফিরেছেন রিকার্ডো ক্যালাফিওরি এবং গ্যাব্রিয়েল মার্টিনেল্লি।

সেমির লড়াইয়ে নামার আগে আর্তেতা বলেছেন, 'আমরা জানি প্রতিপক্ষ হিসেবে অ্যাটলেটিকো কতটা শক্তিশালী। তারা ইউরোপের অন্যতম সুসংগঠিত দল। কিন্তু আমাদের খেলোয়াড়রা ক্ষুধার্ত। আমাদের লক্ষ্য পরিষ্কার, নিজেদের স্বাভাবিক ছন্দ বজায় রাখা এবং প্রথম লেগেই সুবিধাজনক অবস্থানে থাকা। আমরা ইতিহাস গড়তে চাই।' আর্তেতার পরিকল্পনা থাকবে বলের দখল রেখে দ্রুত আক্রমণে অ্যাটলেটিকোর রক্ষণকে এলোমেলো করে দেওয়া।


সিমিওনে অবশ্য কথায় নয়, মাঠের লড়াইয়ে বিশ্বাসী। তিনি বলেছেন, 'আর্সেনাল এই মুহূর্তে ইউরোপের অন্যতম সেরা আক্রমণাত্মক দল। তাদের গতি এবং প্রেসিং সামলানো চ্যালেঞ্জিং। তবে চ্যাম্পিয়ন্স লিগের নকআউটে অভিজ্ঞতা অনেক বড় বিষয়। সমর্থকরা আমাদের পাশে আছে। আমরা জানি কীভাবে কঠিন পরিস্থিতির মোকাবিলা করতে হয়। মাঠে আমরা শেষ রক্তবিন্দু দিয়ে লড়ব।' বলার অপেক্ষা রাখে না অ্যাটলেটিকো নিজেদের দুর্গে কঠিন চ্যালেঞ্জ ছুড়ে দেওয়ার চেষ্টা করবে আর্সেনালকে। সিমিওনে পরোক্ষভাবে আরও জানিয়ে দেন, রক্ষণভাগ সামলে পালটা আক্রমণের সুযোগ খুঁজবেন তাঁরা।

### চ্যাম্পিয়ন্স লিগে আজ

অ্যাটলেটিকো মাদ্রিদ
বনাম আর্সেনাল

**সময় :** রাত ১২.৩০ মিনিট
**স্থান :** মাদ্রিদ
**সম্প্রচার :** সোনি স্পোর্টস নেটওয়ার্ক ও সোনি লিভ অ্যাপ





একে অপরের মুখোমুখি হওয়ার আগে প্রস্তুতিতে অ্যাটলেটিকো মাদ্রিদের জুলিয়ান আলভারেজ (বাঁয়ে) ও আর্সেনালের ডেকলান রাইস।

# 'প্রত্যাবর্তনে বাধা দিচ্ছে ফেডারেশন'

## অভিযোগ ভিনেশের

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** ফের আলোচনার কেন্দ্রবিন্দুতে কুস্তিগির ভিনেশ ফোগট।

কয়েকমাস আগেই ভিনেশ ঘোষণা করেছিলেন, অবসর ভেঙে কুস্তিতে ফিরতে চান। এবার কুস্তি সংস্থার বিরুদ্ধে তোপ দাগলেন তিনি। অভিযোগ, কুস্তির ম্যাটে প্রত্যাবর্তনে বাধা দিচ্ছে খোদ সর্বভারতীয় কুস্তি সংস্থা।

২০২৪ অলিম্পিকে স্বপ্নভঙ্গের পর কুস্তি থেকে অবসর। তারপর রাজনীতিতে যোগ দিয়ে বিধায়ক হওয়া। পুত্রসন্তানের মা-ও হয়েছেন তিনি। সন্তান জন্মানোর পাঁচ মাস পরেই অবসর ভাঙার কথা জানান ভিনেশ। তাঁর পরিকল্পনা ছিল, আগামী মাসে ন্যাশনাল ওপেন র‍্যাংকিং প্রতিযোগিতায় অংশগ্রহণ। যেখানে পদক জিতলে এশিয়ান গেমস ট্রায়ালে নামার সুযোগ মিলবে।

নিয়ম অনুযায়ী, ২০২৫ জাতীয় চ্যাম্পিয়নশিপ ও ২০২৬ ফেডারেশন কাপ পদকজয়ীরা ট্রায়ালে নামতে পারবেন। এছাড়া ওপেন র‍্যাংকিংয়ে পদকজয়ীরা ট্রায়ালে নামার সুযোগ পাবেন। কিন্তু ভিনেশের অভিযোগ, তাঁকে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হচ্ছে না। তিনি বলেছেন, 'প্রতিযোগিতায় নাম নথিভুক্তকরণের শেষ তারিখ ৩০ এপ্রিল। কিন্তু তার আগেই পোর্টাল বন্ধ করে দেওয়া হয়েছে। আমি কুস্তি সংস্থার কর্মীদের ফোন করেছিলাম। তাঁরা কেউ ফোন ধরেননি।' তিনি আরও যোগ করেছেন, 'আমার সঙ্গে ফেডারেশন কাপের সময় একই জিনিস করা হয়েছিল। শেষ মুহূর্তে নিয়ম পরিবর্তন করা হয়। আমাকে প্রতিযোগিতা থেকে বিরত রাখার একটা চেষ্টা চলছে।'

যদিও ভিনেশের অভিযোগ উড়িয়ে দিয়েছেন, সর্বভারতীয় কুস্তি সংস্থার সভাপতি সঞ্জয় সিং। তিনি বলেছেন, 'ভিনেশের রেজিস্ট্রেশন ইতিমধ্যে করা হয়ে গিয়েছে। তারপরও ও কেন ভিত্তিহীন অভিযোগ করছে জানি না। আমরা কোনও কুস্তিগিরকে প্রতিযোগিতায় অংশগ্রহণের বিষয়ে বাধা দিই না। ভিনেশের উচিত কুস্তিতে মনঃসংযোগ করা।'



ভিনেশ ফোগট

শুভেচ্ছা
জন্মদিন



☺ তানিষ্ক (রিও) -এর ১৬তম শুভ জন্মদিনে অনেক আদর ও আশীর্বাদ রইল। - বাবা ও মুনামুনা, জল।



☺ Arjun/Daidu : Happy Birthday to our dearest Grandson. May God Bless You. - Deb Roy/ Dutta Family.

# মান্ডবীর তীরে জ্বলল মশাল

**ইস্টবেঙ্গল-৩ (ইউসেফ-২,বিপিন)**
**ওডিশা এফসি-০**

## সর্বাধিক গোলস্কোরার এখন ইস্টবেঙ্গলের ইউসেফ

**সায়ন ঘোষ**

**কলকাতা, ২৮ এপ্রিল :** গোয়ার মাঠেও ছন্দ ধরে রাখল ইস্টবেঙ্গল।

টেকনিকালি হোম ম্যাচ। কিন্তু আদপে অ্যাওয়ে ম্যাচ। খাঁ খাঁ করছে ফতোরদা স্টেডিয়াম। হাতে গোনা কিছু ইস্টবেঙ্গল সমর্থক উপস্থিত। কিন্তু তারমধ্যে আক্রমণাত্মক ফুটবলের নিদর্শন ইস্টবেঙ্গলের। নিট ফল, ওডিশা এফসি-র বিরুদ্ধে ৩-০ গোলে দাপুটে জয়।

দলের প্রাণভোমরা মিগুয়েল ফিগুয়েরো নির্বাসিত। মহম্মদ বসিম রশিদ পুরো ফিট নন। আনোয়ার আলিও শুরু করার পরিস্থিতিতে ছিলেন না। তারপরও তিন ডিফেন্ডার নীতিতেই আস্থা অস্কার ব্রুজোঁর। বরং আরও আক্রমণাত্মক হতে গিয়ে ৩-৫-২'এর পরিবর্তে ৩-৪-৩ ছকে দল নামান।

দুর্বল ওডিশার বিরুদ্ধে শুরুতেই গোল তুলে নেওয়ার পরিকল্পনা ছিল ইস্টবেঙ্গলের। সেই লক্ষ্যে সফল তারা। সৌজন্যে বিপিন সিং-পিভি বিষ্ণু জুটি। এদিন প্রথমজনের ছিল ১৫০তম আইএসএল ম্যাচ। দ্বিতীয়জনের ইস্টবেঙ্গল জার্সিতে ৫০তম ম্যাচ। মাইল ফলক স্পর্শের দিনে দুই তারকাই নিজেদের উজাড় করে দিলেন। দুই প্রান্ত দিয়ে ওডিশা রক্ষণের নাভিশ্বাস তুলে দিলেন তাঁরা। ম্যাচের ৩ মিনিটে বিপিনের ক্রস থেকে এডমুন্ড লালরিনডিকার হেড লক্ষ্যভ্রষ্ট হয়। তবে ডেডলক ভাঙে ১১ মিনিটে। বাঁদিক থেকে বিষ্ণুর ক্রসে ডান পায়ের টোকায় ফিনিশ করেন বিপিন।

গোল খাওয়ার পর আরও রক্ষণাত্মক ওডিশা। ইস্টবেঙ্গলের ঝড় আটকাতে সাত-আটজনকে নামিয়ে বক্সে পায়ের জঙ্গল তৈরি করে তারা। যে কারণে, আক্রমণাত্মক ফুটবল খেললেও প্রথমার্ধে আর গোল পায়নি ইস্টবেঙ্গল। ২০ মিনিটে ম্যাচের শেখরের হেড নন্দকুমার জন্য লক্ষ্যভ্রষ্ট অল্পের হয়। অনেকদিন পর বেশ ভালো খেললেন ইস্টবেঙ্গলের এই দক্ষিণী উইঙ্গার। বারবার চোখে পড়লেন এডমুন্ডও। তবে নিষ্প্রভ দেখাল অ্যান্টন সোজবার্গকে। তিনি এখনও দলের সঙ্গে পুরোপুরি মানিয়ে নিতে পারেননি। বারবার ওডিশা ডিফেন্ডারদের মাঝে ধরা পড়ে গেলেন।

তবে রক্ষণাত্মক থাকলেও সুযোগ পেলেই আক্রমণ শানিয়েছে ওডিশা। বিশেষ করে বাঁদিক থেকে জিকসন সিংকে টপকে বেশ কয়েকবার বিপজ্জনক হলেন রহিম আলি। ৪৩ মিনিটে তাঁর একটি গোলমুখী শট বাঁচিয়ে দেন প্রভসুখান সিং গিল। আরেকবার ৬১ মিনিটে তাঁর শট অল্পের জন্য লক্ষ্যভ্রষ্ট হয়। বিপদ বুঝতে পেরেই দ্বিতীয়ার্ধে নন্দকে তুলে জয়কে নামিয়ে চার ডিফেন্ডারে চলে যান অস্কার। মাঝমাঠের নিয়ন্ত্রণ ধরে রাখতে রশিদকেও নামিয়ে দেন তিনি। এদিন কিছুটা হলেও মিগুয়েলের অভাব বোঝা গিয়েছে। গোলমুখ খুলতে অ্যান্টনের পরিবর্তে ইউসেফ এজেজ্জারিকে মাঠে নামান অস্কার। মরোক্কান স্ট্রাইকার নামতেই ফের চেনা ছন্দে ইস্টবেঙ্গল।

৭০ মিনিটে দ্বিতীয় গোল পায় ইস্টবেঙ্গল। বিষ্ণুর ক্রস এগিয়ে এসে বিপন্মুক্ত করেন ওডিশা গোলকিপার। ফিরতি বলে গোল করে যান এজেজ্জারি। এখানেই শেষ নয়, ৮৪ মিনিটে আবারও স্কোরশিটে নাম তোলেন মরোক্কান গোলমেশিন। বিপিনের ক্রস থেকে ফিনিশ করেন। এই নিয়ে আইএসএলে ৯ গোল হয়ে গেল তাঁর। গোল্ডেন বুটের লড়াইয়ে জেমি ম্যাকলারেনকে পিছোনেই ফেললেন তিনি।

আপাতত ৯ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের চার নম্বরে ইস্টবেঙ্গল। পরের ম্যাচ মুম্বই সিটি এফসি-র বিরুদ্ধে। এদিনের জয় জনি কাউকোদের মুখোমুখি হওয়ার আগে বাড়তি আত্মবিশ্বাস জোগাবে ইস্টবেঙ্গলকে।



*জোড়া গোল করে ইস্টবেঙ্গলের জয় নিশ্চিত করলেন ইউসেফ এজেজ্জারি। মঙ্গলবার ফতোরদায়।*

**ইস্টবেঙ্গল**
প্রভসুখান, রাকিপ, সিবিল্লে, জিকসন, বিপিন, সাউল, সৌভিক (রশিদ), বিষ্ণু (ডেভিড), নন্দকুমার (জয়), সোজবার্গ (এজেজ্জারি) ও এডমুন্ড (জেরি)।

# ছয় ক্রিকেট অ্যাকাডেমির উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৮ এপ্রিল :** পরিকল্পনাটা অনেকদিনের। বর্তমান আইসিসি চেয়ারম্যান জয় শা যখন ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের সচিব ছিলেন, সেই সময় গতি পেয়েছিল পরিকল্পনা। আজ সেই পরিকল্পনা বাস্তব করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

সিকিমের রাজধানী গ্যাংটক থেকে মঙ্গলবার উত্তর-পূর্ব ভারতের মোট ছয়টি রাজ্যে ক্রিকেট অ্যাকাডেমির 'ভার্চুয়াল' উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী। সিকিমের রংপো, অরুণাচলপ্রদেশের দইমুখ, মণিপুরের ইম্ফল, মেঘালয়ের মদনকুর্কলাং, মিজোরামের আইজল ও নাগাল্যান্ডের ডিমাপুরে হতে চলেছে বিশ্বমানের ক্রিকেট অ্যাকাডেমি। দীর্ঘসময় ধরেই উত্তর-পূর্বের মানুষের দাবি ছিল সেখানে সঠিক ক্রিকেট পরিকাঠামো গড়ে তোলার। ভৌগোলিক অবস্থানের পাশে দুর্গম পাহাড়ি এলাকা হওয়ার কারণে এতদিন উত্তর-পূর্ব ভারতে ক্রিকেটের উন্নয়ন থমকে ছিল। আজ প্রধানমন্ত্রী উত্তর-পূর্বের ছয় রাজ্যের ক্রিকেট অ্যাকাডেমির উদ্বোধনের ফলে সিকিম, অরুণাচল, মণিপুর, মেঘালয়, মিজোরামের মতো রাজ্যগুলির ক্রিকেটপ্রেমীরা উৎসাহিত হবেন বলে মনে করা হচ্ছে।

## উত্তর-পূর্ব ভারতে নয়া ক্রিকেট স্বপ্ন

বেঙ্গালুরুর সেন্টার অফ এক্সেলেন্সের হাই পারফরমেন্স সেন্টারের মতোই দেশের উত্তর-পূর্বের ছয় রাজ্যে ক্রিকেট পরিকাঠামো গড়ে তুলবে বিসিসিআই। এর ফলে সেখানকার ক্রিকেটপ্রেমীরা নিজেদের রাজ্য থেকেই সরাসরি ভারতীয় ক্রিকেটের মূলস্রোতে যোগ দেওয়ার সুযোগ পাবেন। আইসিসি চেয়ারম্যান জয় ছাড়াও আজ ছয় রাজ্যের ক্রিকেট অ্যাকাডেমির উদ্বোধনের আসরে হাজির ছিলেন বিসিসিআইয়ের সচিব দেবজিৎ সইকিয়া সহ প্রায় সব শীর্ষকর্তাই। উল্লেখ্য, প্রয়াত জগমোহন ডালমিয়া যখন বিসিসিআই সভাপতি ছিলেন, সেই সময় তিনি উত্তর-পূর্ব ভারতে ক্রিকেটের উন্নয়নের জন্য কমিটিও গড়েছিলেন। পরবর্তী সময়ে প্রাক্তন সিএবি সভাপতি অভিষেক ডালমিয়াও সেই কমিটিতে ছিলেন।

# স্টোয়িনিসের পর তাণ্ডব বৈভবের

**পাঞ্জাব কিংস-২২৪/৬**
**রাজস্থান রয়্যালস-১১৮/২**
**(১১ ওভারে)**

**নিউ চণ্ডীগড়, ২৮ এপ্রিল :** এবারের আইপিএলে পাঞ্জাব কিংসকে হারানোর ফর্মুলা সামাজিক মাধ্যমে ঘুরছে। প্রথমত, পাঞ্জাবকে রানতাড়া করতে দেওয়া যাবে না। দ্বিতীয়ত, শ্রেয়স আইয়ার ব্রিগেডকে দুশোর কম টার্গেট দিতে হবে। মঙ্গলবার প্রথম সমীকরণ মেলানোর চেষ্টা করে টসে জিতে ফিল্ডিং নিয়েছিল রাজস্থান রয়্যালস। রাজস্থানের বোলাররা দুরন্ত ফর্মে থাকা পাঞ্জাব ব্যাটিংয়ের চেনা ঝাঁঝ অনেকটা শুষে নিতে সক্ষম হলেও শেষলগ্নে মার্কাস স্টোয়িনিসের তাণ্ডবে ২২৪/৬ স্কোরে পৌঁছাতে সক্ষম হল প্রীতি জিন্টার ফ্র্যাঞ্চাইজি। স্টোয়িনিসের পালটা হিসেবে ঝোড়ো ব্যাটিংয়ে রাজস্থানকে জয়ের স্বপ্ন দেখিয়ে যান বৈভব সূর্যবংশী।

প্রিয়াংশ আর্য (১১ বলে ২৯) অবশ্য ঝোড়ো শুরু করেছিলেন। দ্বিতীয় ওভারে নান্দ্রে বার্জারের (৫৯/১) থেকে ২১ রান নিয়েছিলেন তিনি। কিন্তু পরের ওভারে জোফ্রা আর্চারের বিরুদ্ধে অতিরিক্ত আক্রমণাত্মক হতে গিয়ে প্রিয়াংশ উইকেট দিয়ে আসেন। প্রিয়াংশের ধারা বজায় রাখার চেষ্টা করেছিলেন কুপার কনোলি (১৪ বলে ৩০)। তাঁকে তুলে নেন রবি বিষ্ণোইয়ের বদলে প্রথম একাদশে থাকা যশ রাজ পুঞ্জা (৪১/২)। অদ্ভুতভাবে এদিন অ্যাঙ্কর রোলে ছিলেন দিল্লি ক্যাপিটালস বধের অন্যতম নায়ক প্রভসিমরান সিং (৪৪ বলে ৫৯)। স্ট্রাইক রেট বাড়াতে পারেননি শ্রেয়সও (৩০)।

প্রভসিমরান আউট হওয়ার সময় ১৪ ওভারে পাঞ্জাবের স্কোর ছিল ১৪৪/৩। মনে হয়েছিল, দুশোর কমে পাঞ্জাবকে আটকাতে পারবে রাজস্থান। কিন্তু অন্যরকম ভেবে রেখেছিলেন স্টোয়িনিস (২২ বলে অপরাজিত ৬২)। ডেথ ওভারে ঝড় তোলেন তিনি। ২০তম ওভারে ব্রিজেশ শর্মার থেকে ২৪ রান নিয়ে রাজস্থানের চাপ বাড়িয়ে দেন স্টোয়িনিস।

রানতাড়ায় নেমে নিজের কাজ শুরু করে দিয়েছিলেন বৈভব (১৬ বলে ৪৩)। প্রথম ওভারের চতুর্থ বলে অর্শদীপ সিংকে ছক্কা মেরে খাতা খোলার পর পরের দুই বলে জোড়া চার বার করেন তিনি। জোড়া ছক্কায় রেয়াত করেননি কিউয়ি পেসার লকি ফার্গুসনকেও। 'বোলার দেখি না, বল দেখি'-র মানসিকতায় মার্কো জানসেনকেও মাঠের বাইরে ফেলেন বৈভব। শেষপর্যন্ত বৈভব ঝড় থামান অর্শদীপ। শেষ খবর পাওয়া পর্যন্ত রাজস্থানের স্কোর ১১ ওভারে ১১৮/২। ক্রিজে যশস্বী জয়সওয়াল (৪৭) ও রিয়ান পরাগ (১১)।

## আজ অভিষেক বনাম বুমরাহ

# রোহিতের প্রত্যাবর্তন ঘিরে সংশয় জারি

**মুম্বই, ২৮ এপ্রিল :** রোহিত শর্মার প্রত্যাবর্তন নিয়ে অনিশ্চয়তা অব্যাহত। চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে গত ম্যাচে ফেরার কথা ছিল। যদিও মাঠের বাইরেই কাটাতে হয়েছে। বুধবার ওয়াংখেড়ে স্টেডিয়ামে সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধেও হিটম্যান ফিরবেন, জোর দিয়ে বলা যাচ্ছে না।

সাত ম্যাচে মাত্র দুইটি জয়। লিগ টেবিলে নামতে নামতে একেবারে নয় নম্বরে পাঁচবারের চ্যাম্পিয়ন মুম্বই। পিছনে শুধু লখনউ সুপার জায়েন্টস। প্লে-অফের দৌড়ে টিকে থাকতে জেতা ছাড়া রাস্তা নেই। বোলিং থেকে ব্যাটিং-সব বিভাগেই প্রভূত উন্নতির প্রয়োজন। চেন্নাইয়ের বিরুদ্ধে ব্যাটিং ফ্লপ শোয়ের ক্ষত সারাতে রোহিতকে ফেরানোর দাবি উঠছে।

যদিও হায়দরাবাদের বিরুদ্ধে কালকের ওয়াংখেড়ে দ্বৈরথে রোহিতকে ঘিরে সেই প্রত্যাশাপূরণ নিয়ে সংশয় থেকেই যাচ্ছে। মুম্বই ইন্ডিয়ান্সের এক মুখপাত্র জানিয়েছেন, ক্রমশ উন্নতি করছে। আগের থেকে অনেক সুস্থ। তবে রোহিত আগামীকাল খেলবেন কি না, তা টসের আগেই ঠিক করা হবে। হ্যামস্ট্রিংয়ের চোটের জন্য ১২ এপ্রিল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর ম্যাচের পর মাঠের বাইরে রয়েছেন মুম্বই ইন্ডিয়ান্সের প্রাক্তন অধিনায়ক।

রোহিতের অনুপস্থিতিতে টপ অর্ডার রীতিমতো খোঁড়াচ্ছে। কুইন্টন ডি কক, রায়ান রিকেলটন, দানিশ মালেওয়ারদের দিয়ে ঘুরিয়ে-ফিরিয়ে ওপেনিং কম্বিনেশন গড়েও লাভের লাভ হয়নি। ডি কক একটা ম্যাচে সেঞ্চুরি ছাড়া রান পাননি। আগামীকালও রোহিতকে না পাওয়া গেলে ফের রিকেলটনদের ওপর ভরসা রাখা ছাড়া উপায় নেই থিংকট্যাংকের।

প্যাট কামিন্সের প্রত্যাবর্তনের পর হায়দরাবাদের বোলিং শক্তি অনেকটাই বেড়েছে। গত কয়েক ম্যাচে তার প্রভাবও দেখা যাচ্ছে। মুম্বই যেখানে নয় নম্বরে, সেখানে হায়দরাবাদ শেষ চার ম্যাচ জিতে প্রথম তিনে জায়গা করে নিয়েছে। প্রফুল হিঙ্গে, সাকিব হুসেইনদের মতো নতুন মুখের পাশাপাশি শ্রীলঙ্কান তারকা এশান মালিঙ্গা উইকেটের মধ্যে।

নড়বড়ে সূর্যকুমার যাদব, ধারাবাহিকহীনতায় ভোগা তিলক ভার্মা কিংবা অধিনায়ক হার্দিক পান্ডিয়ার জন্য ফের কঠিন পরীক্ষা হতে চলেছে সাকিব-প্রফুলের মতো অচেনা অস্ত্র। তবে ম্যাচের চাবিকাঠি মুম্বই বোলিং বনাম হায়দরাবাদের ব্যাটিংয়ের দ্বৈরথেই মধ্যেই লুকিয়ে।

জসপ্রীত বুমরাহ, অশ্বনী কুমার, আল্লাহ মহম্মদ গজনফার, শার্দূল ঠাকুরদের সামনে যেখানে বিস্ফোরক ফর্মে থাকা অভিষেক শর্মা, ঈশান কিষান, ট্রাভিস হেডদের সামলানোর অ্যাসিড টেস্ট। মাঝে হেনরিচ ক্লাসেনের ধারাবাহিক সাফল্য প্রতিপক্ষ বোলিংয়ের মাথাব্যথার কারণ। গত রাজস্থান রয়্যালস ম্যাচে বৈভব সূর্যবংশীর ব্যাটিং তাণ্ডবের (৩৭ বলে সেঞ্চুরি) পরও অনায়াসে ম্যাচ জিতেছে হায়দরাবাদ।

ওয়াংখেড়ে আবার ব্যাটিং ফ্রেন্ডলি উইকেটের জন্য পরিচিত। বাউন্ডারিও তুলনায় ছোট। অভিষেকরা যার সুযোগ নিলে রক্তচাপ বাড়বে মাহেলা জয়বর্ধনে-হার্দিকদের। তার ওপর মিচেল স্যান্টনারকে (কাঁধের চোটে ছিটকে গিয়েছেন) না পাওয়া। পরিবর্ত হিসেবে কেশব মহারাজকে নিলেও আগামীকাল খেলার সম্ভাবনা নেই।

আগামীকাল নড়বড়ে মুম্বইয়ের বিরুদ্ধে অ্যাডভান্টেজ হায়দরাবাদই। দ্বিপাক্ষিক টক্করে অবশ্য বেশ খানিকটা এগিয়ে মুম্বই (১৫-১০)। বুধবারের টক্করে হায়দরাবাদ এই ব্যবধান কমাবে নাকি আরব সাগর থেকে আসা তাজা হাওয়া মুম্বইয়ের সাজঘরের গুমোট পরিবেশে অক্সিজেন জোগাবে, সেটাই এখন দেখার।

**আইপিএলে আজ**
INDIAN PREMIER LEAGUE
**মুম্বই ইন্ডিয়ান্স** বনাম **সানরাইজার্স হায়দরাবাদ**
**সময় : সন্ধ্যা ৭.৩০ মিনিট**
**স্থান : মুম্বই**
**সম্প্রচার :** স্টার স্পোর্টস নেটওয়ার্ক, জিওহটস্টার



*মায়ের সঙ্গে খোশমেজাজে অভিষেক শর্মা।*



*প্র্যাকটিসের মাঝে সাপোর্ট স্টাফদের সঙ্গে আলোচনায় রোহিত শর্মা।*

# ব্রেন্টফোর্ডকে হারিয়ে স্বস্তিতে ইউনাইটেড


**ম্যাঞ্চেস্টার, ২৮ এপ্রিল :** ওল্ড ট্রাফোর্ডে ব্রেন্টফোর্ডের বিরুদ্ধে ২-১ গোলে স্বস্তির জয়। প্রিমিয়ার লিগ পয়েন্ট টেবিলের তিন নম্বরে নিজেদের অবস্থান একটু হলেও মজবুত করল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। আরও স্পষ্টভাবে বললে, দীর্ঘ দুই মরশুম পর উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে খেলার পথ বেশ খানিকটা প্রশস্ত করে ফেলল লাল ম্যাঞ্চেস্টার।

সোমবার রাতে ১১ মিনিটে ক্যাসেমিরোর দুর্দান্ত হেডার এগিয়ে দেয় ইউনাইটেডকে। ৪৩ মিনিটে বেঞ্জামিন সেসকো ঠান্ডা মাথায় গোল করে দলের জয় নিশ্চিত করেন। ব্রেন্টফোর্ড শেষবেলায় একটি গোল শোধ করে। এই জয়ের সুবাদে ৩৪ ম্যাচে ৬১ পয়েন্ট নিয়ে লিগ টেবিলে তিন নম্বরে রইল রেড ডেভিলরা। চার এবং পাঁচ নম্বরে থাকা লিভারপুল ও অ্যাস্টন ভিলা তিন পয়েন্ট পিছিয়ে। খুব স্বাভাবিকভাবেই এই জয়ের পর শিবিরে স্বস্তি ফিরলেও আরও বেশি সতর্ক ইউনাইটেড কোচ মাইকেল ক্যারিক। তিনি বলেছেন, 'আমরা সঠিক পথে আছি। তবে এখনই উচ্ছ্বাসের সময় নয়। আমাদের লক্ষ্য শুধুমাত্র চ্যাম্পিয়ন্স লিগে খেলা নয়, পয়েন্ট টেবিলে যতটা সম্ভব ওপরের দিকে শেষ করা। জয়ের মানসিকতা ধরে রাখা।'



*গোলের জন্য বেঞ্জামিন সেসকোকে অভিনন্দন ব্রুনো ফার্নান্ডেজের।*

স্মরণে



**স্বর্গীয়া নমিতা রায়**
যাওয়া : 29/4/2021
মা, যেখানেই থাকো ভালো থেকো
আমাদের আশীর্বাদ করো।
তোমার - মনা, বাবু, সলিল

**কনস্ট্রাকশন ঠিকাদারের প্রয়োজন**
অভিজ্ঞ কনস্ট্রাকশন ঠিকাদারের প্রয়োজন, যারা ও অদক্ষ শ্রমিক (যেমন - কার্পেন্টার, বার বেন্ডার, হেল্পার এবং রিগার) সরবরাহ করতে পারবেন।
**স্থান:**
- গুজরাট: আহমেদাবাদ, মুন্দ্রা, জামনগর, সুরাট
- মহারাষ্ট্র: মুম্বাই, পুনে
- কর্ণাটক: বেঙ্গালুরু

**ন্যূনতম প্রয়োজন:**
আমাদের ৫০০০-এর বেশি শ্রমিক প্রয়োজন। অনুগ্রহ করে শুধুমাত্র সেই ঠিকাদাররা যোগাযোগ করুন, যারা ৫০-এর বেশি শ্রমিক সরবরাহ করতে সক্ষম।
**যোগাযোগ করুন:**
হোটেল সিল্ক ইন, মৌজা মহেশমাটি, সানি পার্ক, মালদা
6295762362 lrd@rivierainfra.com

# এশিয়ান চ্যাম্পিয়নশিপ থেকে সরতে পারেন চানু

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল :** আগামী মাসে গান্ধিনগরে অনুষ্ঠেয় এশিয়ান চ্যাম্পিয়নশিপে নামতে পারবেন না ভারোত্তোলক সাইখোম মিরাবাই চানু। তিনি চলতি বছরের ফেব্রুয়ারিতে মোদিনগরে আয়োজিত জাতীয় চ্যাম্পিয়নশিপে কাঁধে চোট পেয়েছিলেন। সেই চোট সারানোর প্রক্রিয়া চলছে জোরকদমে। কিন্তু পরপর কমনওয়েলথ গেমস এবং এশিয়ান গেমস রয়েছে সামনেই। কমনওয়েলথে চানু নামবেন টানা তৃতীয় সোনার লক্ষ্যে। অন্যদিকে, এশিয়ান গেমসে এখনও খাতা খুলতে পারেননি তিনি। ফলে এশিয়ান চ্যাম্পিয়নশিপে নেমে কোনও রকম ঝুঁকি নিতে চান না টোকিও অলিম্পিকে রুপোজয়ী।







শ্রদ্ধাঞ্জলি



স্বর্গীয় প্রফুল্ল কর্মকার
২৯তম প্রয়ান দিবস

তোমাকে স্মরণ করি
অশ্রু অর্ঘ্য দিয়ে
যেথা আছো ভালো থেকো
চিরশান্তি নিয়ে
তুমি আমাদের পথ প্রদর্শক
তোমার চলে যাওয়ায়
আমরা বিদীর্ণ ও মর্মাহত।
তোমার আত্মার
চিরশান্তি কামনা করি।
প্রদীপ কর্মকার, মৌমিতা কর্মকার, ঈপ্সিত কর্মকার এবং বিধান জুয়েলারী পরিবারের সদস্যবৃন্দ, শিলিগুড়ি

**BIDHAN JEWELLERY WORKS**
Bidhan Market, Siliguri 0353-2532288, 9093500531
Hill Cart Road (1st Floor), Opp. Meghdoot Cinema, Siliguri, 0353-2534444, 9093500532
Deals in : ★GOLD ★ DIAMOND ★ PLATINUM ★ SILVER ★ REAL GEMS
New Venture irim
86/R, Bidhan Market, Siliguri
+91 89459-10666, 90935-00531
EXCLUSIVE SILVER JEWELLERY & ARTEFACTS

# পূর্ব রেলের সংবর্ধনা নতুন গ্র্যান্ডমাস্টার আরণ্যককে

**আসানসোল, ২৮ এপ্রিল :** সম্প্রতি ভারতের ৯৫তম এবং পশ্চিমবঙ্গের ১২তম গ্র্যান্ডমাস্টার হয়েছেন পূর্ব রেলের কর্মী আরণ্যক ঘোষ। তাঁর এই কৃতিত্বের জন্য পূর্ব রেলের সদর দপ্তর ফেয়ারলি প্লেসে সংবর্ধিত করা হল। পূর্ব রেলের জেনারেল ম্যানেজার মিলিন্দ দেওস্কর অসামান্য সাফল্যের আরণ্যককে অভিনন্দন জানিয়ে বলেছেন, 'এই সাফল্য পূর্ব রেলের জন্য গর্বের।' পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক শিবরাম মাঝির মতে, আরণ্যকের এই সাফল্য নিরলস পরিশ্রম ও নীরব সাধনার ফল।



*কলকাতায় সংবর্ধনা গ্রহণের পর আরণ্যক ঘোষ।*

# মিলনকে হারাল জেওয়াইএমএ

**জলপাইগুড়ি, ২৮ এপ্রিল :** জেওয়াইসিসি-র অলোক মুখোপাধ্যায় ও দীপক মুখোপাধ্যায় ট্রফি ফুটবলে মঙ্গলবার জেওয়াইএমএ ২-০ গোলে মিলন সংঘ ক্লাবকে হারিয়েছে। সুমিত ওরাওঁ ও ম্যাচের সেরা মণীশ ওরাওঁ গোল করেন। বুধবার খেলবে জেওয়াইসিসি এবং পাণ্ডাপাড়া বয়েজ ক্লাব।

# আজ ফের শুরু দাত্তু ফাদকার

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৮ এপ্রিল :** কয়েকদিনের বিরতির পর বুধবার ফের সিএবি-র পরিচালনায় ও মহকুমা ক্রীড়া পরিষদের ব্যবস্থাপনায় দাত্তু ফাদকার ট্রফি ৯ দলীয় আন্তঃ স্কুল ক্রিকেট শুরু হচ্ছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মাঠে খেলবে মোদি পাবলিক স্কুল-জার্মেলস অ্যাকাডেমি ও শিলিগুড়ি বয়েজ হাইস্কুল-ডিএভি স্কুল।



*চ্যাম্পিয়ন ট্রফি নিচ্ছে এইচএনএম হাইস্কুলের অধিনায়ক দীপ রায়।*

# চ্যাম্পিয়ন এইচএনএম হাইস্কুল

**মালদা, ২৮ এপ্রিল :** অনূর্ধ্ব-১৫ আন্তঃ স্কুল ক্রিকেট লিগে চ্যাম্পিয়ন হল গাজোল এইচএনএম হাইস্কুল। মঙ্গলবার জেলা ক্রীড়া সংস্থা ময়দানে আয়োজিত ফাইনালে তারা ৫ উইকেটে হারিয়েছে চাঁচল সিদ্ধেশ্বরী হাইস্কুলকে। প্রথমে সিদ্ধেশ্বরী ২১ ওভারে ৮২ রানে অল আউট হয়। ম্যাচের সেরা অমৃতা রায়ের শিকার ৪ উইকেট। জবাবে এইচএনএম ২১ ওভারে ৫ উইকেটে ৮৫ রান তুলে নেয়।

*ছবি : জসিমুদ্দিন আহম্মদ*

উত্তরের খেলা

# জয়ী ওয়ারিয়র, টাইটান্স

**পারডুবি, ২৮ এপ্রিল :** পশ্চিম পারডুবি প্রিমিয়ার লিগের ম্যাচে মঙ্গলবার টিম ওয়ারিয়র ৩ উইকেটে জিতেছে রয়্যাল কিংসের বিরুদ্ধে। প্রথমে রয়্যাল ৫৬ রানে অল আউট হয়। জবাবে ওয়ারিয়র ৭ উইকেটে লক্ষ্যে পৌঁছে যায়।

পরে রাইজিং টাইটান্স ৩ রানে হারায় টিম ওয়ারিয়রকে। প্রথমে টাইটান্স ১২ ওভারে ৪ উইকেটে ১৪৬ রান তোলে। গুড্ডু বিশ্বাসের অবদান ৬৪ রান। জবাবে ওয়ারিয়র ১২ ওভারে ৮ উইকেটে ১৪৩ রানে আটকে যায়। তাদের সর্বাধিক ৫৬ রান আশরাফুল ইসলামের।

বিজ্ঞাপন
ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়িনী হলেন মাটিগাড়া-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, মাটিগাড়া - এর একজন বাসিন্দা সুনিতা দামাই - কে 04.02.2026 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 82D 70824 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি সিকিম রাজ্য লটারিতে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়িনী বললেন "আর্থিক স্বচ্ছলতা মানুষের জীবনযাত্রার মান উন্নত করে এবং এটি ডিয়ার লটারির মাধ্যমে অর্জন করা সম্ভব। নাগরিকদের বিশেষ করে মহিলাদের এই চূড়ান্ত ক্ষমতা দেওয়ার জন্য আমি ডিয়ার লটারি এবং সিকিম রাজ্য লটারিকে ধন্যবাদ জানাতে চাই। এই মুহূর্তে ডিয়ার লটারিকে আমার আন্তরিক অভিবাদন।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয়।
* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।